মহাশ্বেতা দেবী ইতিহাসের অনুসন্ধানে চলে যান প্রান্তিক আদিবাসী জনগোষ্ঠীর কাছে। ইতিহাস-রাজনীতি ও উপকথাকে কেন্দ্র করে যে উপন্যাস লেখা শুরু করেন, তা সভ্য সমাজের মানুষের বিচরণ ক্ষেত্রের বাইরের জগত। আমরা লক্ষ করেছি, সত্তরের মাঝামাঝি সময়ে তার উপন্যাসকে নিয়ে গেলেন একেবারে অন্য আলোয়, অন্য সীমানায়। মহাশ্বেতা দেবী সবসময়ই তাদেরই পক্ষ নেন, যারা সমাজে শোষিত-নিপীড়িত-অবদমিত এবং লাঞ্ছিত। আবহমানকাল ধরে তিনি সর্বহারা বর্গের জীবন সমস্যার পাশাপাশি তাদের প্রতিবাদ-প্রতিরোধের কাহিনীকেও রূপ দিয়েছেন। বস্তুত, 'সময়ের নিষ্কর্ষ নিংড়ে নিয়েই রচিত হয় অনেকার্থদ্যোতক আখ্যান।'[৪]

মহাশ্বেতা দেবী জানেন নিপীড়নই শেষ কথা নয়, আলো অনেক সময় অন্ধকারের উৎস থেকেও উৎসারিত হয়। সমাজে উচ্চবর্গীয় মানুষদের কাছে যাৰা অন্ত্যজ বা প্রান্তিকায়িত তাদের হয়েই তিনি কথা বলেন।

মহাশ্বেতা দেবী ইতিহাস ও পুরাণের সাহায্যে জানতে পারেন, নিম্নবর্গের শোষণ ও সংগ্রাম দুটোই চিরন্তন সত্য হলেও এদের কোনটিরই স্থায়ীভাবে অপসারণ ঘটানো সম্ভব নয়। এই প্রসঙ্গে সমালোচকের মন্তব্য অত্যন্ত প্রণিধানযোগ্য, 'মহাশ্বেতা দেবীর উপন্যাসে ইতিহাস চেতনা ও সমাজ চেতনা নতুন মাত্রা লাভ করেছে। অন্যদিকে বর্ণবৈষম্যপ্রধান সমাজ চেতনার বাইরে আদিবাসী সমাজ চেতনা তার উপন্যাসে নতুন এক মাত্রা এনে দিয়েছে। আর এই ব্যাপারটি ঘটেছে শুধু বাংলা সাহিত্যে নয়; ভারতীয় সাহিত্যেও। ভারতীয় সাহিত্যের এক নতুন পৃথিবী তার হাতে তৈরি। নতুন প্রজন্মের এক ঝাঁক তরুণ লেখকের উপন্যাসে আজ যে নিম্নবর্গের মানুষ উঠে আসছে- তার পথিকৃৎ মহাশ্বেতা দেবী। ইতিহাসে পোষ্টমডার্নিজমের প্রেক্ষাপটে সাবঅলটার্ন চর্চার গভীরে প্রবেশ করেছেন। তিনি যতটা শেকড়ে পৌঁছেছেন অন্যদের পক্ষে আজও তা সম্ভব হয়ে ওঠেনি।'[৫]

মহাশ্বেতা দেবী প্রসঙ্গে সমালোচকের এই মন্তব্যটি প্রমাণ করে যে, তার নিম্নবর্গীয় পরিসর সন্ধান ও তাদের অবস্থান উপন্যাস গুলিতে এক ভিন্ন মাত্রা বহন করে আনে। তিনি

সমাজ ও জীবন প্রসঙ্গে ইতিহাসের প্রতি দায়বদ্ধতার কথা স্বীকার করেছেন। তিনি জীবনের দাবী মেনে নিয়েই জীবনকে সাহিত্যের মধ্যে রূপ দিয়েছেন।' সাহিত্যের দাবী জীবনের দাবীর সঙ্গে যেন এক হয়ে গেল, এক হয়েই আছে আজও। মানুষ হিসেবে যদি আমি সততা, প্রতিশ্রুতিবদ্ধতা প্রতিবাদে বিশ্বাসী হই, সাহিত্যে কি করে আমি অন্য কথা বলি, মুখ ফিরিয়ে থাকি।'[৬] 'আঁধারমানিক' উপন্যাসে অষ্টাদশ শতকের বর্গী আক্রমণে বিধ্বস্ত বাংলার ছবি অঙ্কন করেছেন মহাশ্বেতা দেবী। এই উপন্যাসটি রচনা করতে গিয়ে অনেক বই-পত্র পড়েছেন। যার ফলস্বরূপ এই গণবৃত্তের ইতিহাস যে তার আগ্রহ, তা অনুল্লেখিত হলেও তা রাজবৃত্তের ইতিহাস থেকেই বেরিয়ে এসেছে। এই প্রসঙ্গে তিনি বলেছেন,' বৃত্তের ইতিহাসেই তো আমার মূল আগ্রহ।'[৭] তাই আমরা লক্ষ্য করেছি, মহাশ্বেতা দেবী বারবার ছুটে গেছেন শ্রুতিবাহী ঐতিহ্যে, কারণ শ্রুতিবাহী ঐতিহ্যের অফুরন্ত সম্পদের প্রতি তার লক্ষ্য ছিল। অষ্টাদশ শতকের বাংলার সামাজিক অবস্থা যখন বিপর্যস্ত, সামাজিক মূল্যবোধ তখন সীমানার শেষ প্রান্তে দাঁড়িয়ে, সেই সময়কার জরাগ্রস্ত বাংলার সমাজ জীবনের অন্ধকারের মধ্যে তিনি লক্ষ্য করেছেন নিম্নবর্গীয়দের জীবনইতিহাস। বাস্তু ভিটে হারা মানুষের নতুন বসতির সূচনা। এই প্রসঙ্গে সমালোচক অরুণ কুমার মুখোপাধ্যায় বলেছেন, 'আঁধার মানিক এক নতুন ইতিহাস চেতনা ও জীবনবোধের ফল। বাঙলাদেশে বর্গীদের আক্রমণ ও অত্যাচারের ফলে গাঙ্গেয় বঙ্গের দলে দলে সাধারণ মানুষ গৃহহারা বাস্তুহার হয়ে উত্তরবঙ্গে, পূর্ববঙ্গে, কলকাতায় শরণার্থী হয়ে চলে গিয়েছিল। সেই ভীত-ত্রস্ত-নিহত ও আত্মরক্ষায় পলায়মান মানব সমাজের এক আশ্চর্য বাস্তবলেখ্য এই উপন্যাস।'[৮]

(২)

মহাশ্বেতা দেবী নিম্নবর্গীয় জীবনের ইতিহাস অক্লান্ত ভাবে খনন করে তাদের জীবন চিত্র অংকন করেছেন। সেই জন্য তাকে প্রত্যক্ষ অভিজ্ঞতার সাথে সৃজনী কল্পনা ও গভীর অধ্যবসায়ের সূক্ষ্ম ও বহুমাত্রিক সংযোগ ঘটাতে হয়েছে। তিনি বিশেষভাবে নিম্নবর্গের জীবন চিত্র অঙ্কন করতে গিয়ে লোকজীবনের ইতিহাস, কলকাতা কেন্দ্রিক মধ্যবিত্ত জীবন গড়ে ওঠার প্রাক-মুহূর্তের ইতিহাস। তিনি দেখিয়েছেন, বর্গী আক্রমণে গ্রাম বাংলার ইতিহাসকে। আমার লক্ষ্য করেছি, ইতিহাসের বৃহত্তর ঘটনার পাশাপাশি উপন্যাসে উঠে আসে সময় ও সমাজের প্রসঙ্গ। আঁধার মানিক উপন্যাসের দুই প্রধান চরিত্র সুরকণ্ঠ ও আনন্দীরাম। এরা দুজন সমাজের উচ্চবর্ণের উজ্জ্বল ব্যক্তিত্ব। লক্ষণীয়, দুজনই জীবনের পুরুষার্থকে অন্বেষণ করেছেন। বিবেক দংশনে জর্জরিত হয়ে আত্মঅন্বেষণের গভীরে ডুব দিয়েছেন। কিন্তু কাশীশ্বর কিংবা রামাইয়ের মত আত্মঅন্বেষণের গভীরে গিয়ে সমাজের বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারেননি। কিন্তু তারা বুঝতে পেরেছেন, কৌলীন্য প্রথার বেষ্টনে আবদ্ধ সমাজ ধ্বংস হতে চলেছে। তাই শেষ পর্যন্ত কাশীশ্বরের আহ্বানে সাড়া দিয়ে অনায়াসেই তারা জীর্ণ-ভঙ্গুর পুরাতন আঁধারমানিক গ্রাম ছেড়ে কলকাতার উদ্দেশ্যে পাড়ি জমিয়েছেন।

মানুষের এই জীবনধারার মধ্যেই মহাশ্বেতা দেবী খুঁজে পান নিম্নবর্গীয় মানুষদের জীবন

চর্চার ইতিহাস। তিনি লক্ষ্য করেছেন, নিম্নবর্গীয় হতাশাগ্রস্থ মানুষেরা ক্ষমতার দাপটে বলিয়ান উচ্চবর্গের আধিপত্যবাদীদের দ্বারা নিপীড়িত-শোষিত ও লাঞ্ছিত। মহাশ্বেতা দেবী সেই বৃত্তান্ত পাঠকের কাছে পৌঁছে দেন। 'মহাশ্বেতার এই 'নির্মাণ' স্পষ্টত যথাপ্রাপ্ত জগতের স্থিতাবস্থার বিনির্মাণ এবং বিনির্মাণের মধ্য দিয়ে নতুন সমগ্রতায় নতুন প্রতীতিতে পৌঁছানোর জন্য পুনর্নির্মাণ।'[৯] 'আঁধারমানিক উপন্যাসটির মধ্যেই লাঞ্ছিত-নিপীড়িত-অবদমিত মানুষের কথা ও তাদের জীবনচর্চার মধ্য দিয়ে আলোচ্য উপন্যাসের আখ্যানভাগ তৈরি হয়েছে। আমরা লক্ষ্য করেছি, ব্যক্তি পরিসর ও জীবনের চলিষ্ণু দ্বিবাচনিকতা থেকেই মহাশ্বেতার আখ্যানের আত্মবিনির্মাণ। 'ইতিহাসের মুখ্য কাজই হচ্ছে একই সঙ্গে বাইরের গোলমাল, সংগ্রাম ও সমাজের আবর্জনা এবং ধ্বংসস্তুপ সরিয়ে জনবৃত্তকে অন্বেষণ করা, অর্থ ও তাৎপর্য দেওয়া। আর তখনই, এই ভেতরপানে চোখ মেলে রুল-ই অনিবার্যভাবে বেরিয়ে আসে সমাজনীতি-অর্থনীতি, বেরিয়ে আসতে বাধ্য। কেননা, সমাজনীতি অর্থনীতি শেষ পর্যন্ত রাজনীতির পটভূমি তৈরি করে, তার সিদ্ধি ও সাফল্য এনে দেয়। এই সমাজনীতি ও অর্থনীতির মানে হলো লোকাচার, লোকসংস্কৃতি, লৌকিক জীবন ব্যবস্থা।'[১০]

মহাশ্বেতা দেবী তাঁর আঁধারমানিক উপন্যাসে তৎকালীন সময়ের নারীর পরিসরের দিকটিও স্পষ্ট করে তুলেছেন। নারী পরিসর প্রান্তিকেই অবস্থান করছে তা আলোচ্য উপন্যাসে বিশেষভাবে ধরা পড়ে। সেই সময়ে নারীরা ছিল সমাজের কাছে শুধু ইচ্ছা পূরণের হাতিয়ার, তারা ছিল বিপন্ন। লাঞ্চনা, নিপীড়নের বস্তু হিসেবেই সেই সময় নারীকে দেখা হত। আঁধারমানিক উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র হল বিশালাক্ষী। অপরূপ সুন্দরী হয়েও বিশালাক্ষী তার স্বামীকে ভক্তি নম্র চিত্তে একনিষ্ঠ ভাবে ভালোবেসেছে। নিজের পাঁচ বছরের শিশুপুত্র চড়কের মেলায় চিরতরে হারিয়ে যাওয়ার পরও সৎ ছেলে আনন্দীগোপালকে নিজের মায়ের থেকেও বেশি ভালোবেসেছে। বিশালাক্ষীর শুধু রূপ নয়, তার হৃদয়ের উদারতাও একটা স্বতন্ত্র পরিসর তৈরি করেছে।

ব্রাহ্মণ শাসিত সমাজ ব্যবস্থায় নারীরা ছিল প্রান্তিক, আলোচ্য উপন্যাসে বিশেষ ভাবে তা ফুটে উঠেছে। আমরা লক্ষ্য করেছি, সামন্ততন্ত্রের ক্ষমতার দাপটে সাধারণ মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছিল। এই নিপীড়ণলাঞ্ছনা ও বঞ্চনার ইতিহাস অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে এসে তা এক বিরাট আকার ধারণ করেছিল, যার ফলে সমাজ জীবনে নারীদের অবস্থাও বিপর্যস্ত হয়েছে। উপন্যাসের পাতানি পিসির বক্তব্যে ধরা পড়ে, 'ওলো, যত বড় মানুষের বোন হোস না কেন, যত বিদ্যে থাক, অপ্সরার মত রূপ থাক, মেয়েমানুষের ভাগ্য উল্টে দেওয়া চাট্টিখানি কথা নয়। এইতো শুনতে পাই রাজা রায়দুর্লভ তার পাঁচ মাসের রাড়ি মেয়েকে বারো বছরেরটি করে বিয়ে দিতে চেয়েছিলো, নাটোরের রানী বিধবা মেয়েকে একাদশীতে জল দিতে চেয়েছিল, তা বিধেন কি পেলে? নদের রাজা কেষ্টচন্দ্র অমনি বড় বড় পণ্ডিত ডেকে সব বিধেন উল্টে দিলে না? টাকা থাকলেই বুঝি ছয়কে নয় করা যায়?'

'টাকার জন্য নয়, যার প্রাণ কাঁদে সেই পথ খুঁজে ঠাকুরজি। ...বিশালাক্ষী অস্ফুটে বললেন, 'দেশে যখন এই ডামাডোলক, তখনও এরা সমাজ করছেন। মানুষ যে মরে গেল, সমাজটা

আছে কোথায়?' (পরিচ্ছেদ-৪৪) উপন্যাসের পরাপাঠে দেখা যা, কিভাবে উচ্চবর্ণের হিন্দু পুরুষের আধিপত্যে সাধারণ মানুষেরা অত্যন্ত অসহায় ভাবে সমাজ জীবন যাপন করতে বাধ্য হচ্ছে। তিনি একের পর এক নারীর জীবন পর্যালোচনা করে দেখিয়েছেন, কিভাবে নারীরা সামাজিক পরিস্থিতির শিকার, তাদেরকে নিয়ে চলছে দাস ব্যবসা। আণরা লক্ষ্য করেছি, সাংসারিক জীবনেও তাদের কোনো নিরাপত্তা ছিল না। যে-কোন মুহূর্তে তাদের উপর নেমে আসে শাস্তির বিধান। পুরুষশাসিত সমাজে নারী জীবনের কোনো মূল্যই ছিল না, সেইসব অসহায় নারীরা শুধুই জানে, 'দ্বাদশ বঙ্গাব্দে বাংলার মেয়ের সামনে অন্ধকার গাঢ় ও নিশ্চিদ্র, সীমাহীন। চুন খসলেই পতিত করবার হাজারটা বিধি আছে। যারা আপত্তি করে, আপত্তি জানায়, তাদের গতি হয় তীর্থস্থানের বাজারে। তাদের বেশ্যা হতে হয়, ভিখারী হতে হয়।'[১১]

উপন্যাসে আমরা লক্ষ্য করেছি, পথ খোঁজার এক নিরন্তর প্রয়াস। নিজেকে টিকিয়ে রাখতে সুরকণ্ঠ, আনন্দী রাম, কাশীশ্বর, রামাই কিংবা বিশালাক্ষী এরা পথ খুঁজতে বেরিয়েছে। তাদের এই পথ খোঁজার মধ্য দিয়েই ইতিহাস এগোয়। এই সমাজে নারীর কোনো স্বাধীনতা ছিল না, এবং তারা যে পুরুষতান্ত্রিক সমাজের দ্বারা নিগৃহীত তার পরিচয়টিও স্পষ্ট হয়ে উঠেছে আলোচ্য উপন্যাসে। মহাশ্বেতা দেবী আধুনিক যুগে দাঁড়িয়ে মধ্যযুগের প্রেক্ষাপটে অতীত ও বর্তমানের যোগসূত্র ধরতে চেয়েছেন। তিনি দেখিয়েছেন, অনুঢ়া কুলীন কন্যার জ্বালা।' কুলীন কন্যার দুঃখে রাঢ়বঙ্গে বাঁশঝাড়ে শনশন শব্দে বাতাস কাঁদে'[১২] নারীর এই অবস্থাই মহাশ্বেতা দেবীর ইতিহাস রচনার অন্যতম প্রধান উপকরণ। ব্রাহ্মণ্য শাসিত সমাজে নারীরা নিজেদেরকে মুক্ত করতে পারেনি। সমাজে নানা আচার সর্বস্বতার নাম করে মেয়েদের পরিসরকে প্রান্তিকায়িত করে রাখা হয়েছে।

(৩)

'আঁধারমানিক' উপন্যাসের কাহিনী শুরু এবং শেষ হয়েছে চড়কের উৎসবের মধ্য দিয়ে। কোন এক চড়কের উৎসবের সময় বর্গীরা এসেছিল আঁধারমানিক গ্রামে। তারপর তো ইতিহাস, বিধ্বংসী শক্তি নিয়ে বর্গীরা ঝাঁপিয়ে পড়েছিল আঁধারমানিক গ্রামে। দীর্ঘ দশ বছর ধরে তারা বাংলাকে রিক্ত-শূন্য করে নবাবের সাথে সন্ধি করে দেশে ফিরে যায়। দীর্ঘ দশ বছর পর আঁধারমানিক গ্রামে আবার চড়কের বাজনা বেজেছিল। কিন্তু এই দশ বছরে অনেক কিছুই পাল্টে গেছে, সুরকণ্ঠ, আনন্দী রাম, কাশীশ্বর, বিশালাক্ষী এরা সবাই চলে গেছে নতুন আশ্রয়ের সন্ধানে। বর্গী আক্রমণ বাংলার ইতিহাসে এক বিশেষ তাৎপর্যপূর্ণ ঘটনা। সেই সময়ে বাংলার জন-জীবনে যে বিপর্যয়ের সৃষ্টি হয়েছিল, তার বর্ণনা আঁধারমানিক উপন্যাসে বর্ণিত হয়েছে। ১৭৪১ থেকে ১৭৫১ সাল পর্যন্ত বর্গীর আক্রমণে বিধ্বস্ত বাংলার অবস্থা এবং সেইসঙ্গে বর্গীর হাঙ্গামা, ভীত-সন্ত্রস্ত সাধারণ মানুষ দিশেহারা হয়ে পড়েছিল। আবার এটাও আমরা লক্ষ্য করেছি, বর্গী আক্রমণের অনেক আগে থেকেই নিম্নবর্গীয় মানুষরা উচ্চবর্গীয় আধিপত্যবাদীদের দ্বারা লাঞ্ছিত-নিপীড়িত, তার পরিচয় আমরা আলোচ্য উপন্যাসের অনেক গৌণ চরিত্রের মধ্যে দিয়ে পেয়ে থাকি, 'আমাদের বর্গী মাশায় সবাই। হ্যালো চাষী, নাংলা চাষী, বর্গীতে তার বর্গী।

বর্গী গেলে জমিদারে গোমস্তা। কাছারির আমলা, কারকূণ, পোদ্দার, সবাই তার বর্গী গো; তাই আমরা দেশ ছেড়ে বেরোলাম।'[১৩]

আঁধারমানিক ঐতিহাসিক উপন্যাস হলেও মহাশ্বেতা দেবী একটা যুগের অসম্পূর্ণ অংশটাকে উপন্যাসে ধরতে চেয়েছেন। আঁধারমানিক একটি গ্রামের নাম, সেই গ্রামের সাধারণ মানুষের লোকাচার, ধর্মীয় আচার-অনুষ্ঠান, বিভিন্ন সংস্কার যেমন এসেছে, তেমনি অনেক চরিত্রের উপস্থিতি সাবলীল গতিতে অগ্রসর হয়েছে। স্বদেশীয় বণিক, ফরাসি বণিক, ইংরেজ বণিক থেকে শুরু করে ইতিহাসের চরিত্র আশীবর্দী খাঁকেও আমরা পেয়েছি। ইতিহাসের একটা বিশেষ অংশ হিসেবে কয়েকটি পরিচ্ছদে অত্যন্ত স্বল্প পরিসরে আলিবর্দীর উপস্থিতি কৃত্রিম বলে মনে হয় না। আমরা লক্ষ্য করেছি, প্রতিটি চরিত্রই নানাঘাত-প্রতিঘাতে জর্জরিত হয়েছে। আঁধারমানিক মধ্যযুগের একটা বিশেষ সময়ের আখ্যান হলেও পাঠকের কাছে চিরকালের আত্মদর্পণ হয়ে দেখা দিয়েছে।

উপন্যাসে আমরা লক্ষ করেছি, আধিপত্যবাদীদের অন্ধ আস্ফালন, প্রতাপের নীরন্ধ্র পদচারণ অতি সাধারণ মানুষকে ব্যতিব্যস্ত করে তুলেছিল। নরপতির বাচনে নিম্নবর্গের ওপর আধিপত্যবাদী ক্ষমতার শাসনের ছবি স্পষ্ট হয়ে ওঠে।' লেখকের ভাষায়— 'দিন পাল্টে গেছে আচার্জী খুড়ু, সেদিন আর নেই। আমি ক্যারোট বাগদি নই, যে কথায় কথায় জাত মারবে আর কাঁদতে কাঁদতে গিয়ে অগতির গতি মোল্লার দোর ধরে মুসলমান হব।'[১৪] বস্তুত উচ্চবর্গের ক্ষমতায় বলিয়ান যারা, তারা নিম্নবর্গের অন্তর্গত মানুষদেরকে লাঞ্ছিত অপমানিত ও নিপীড়নের খেলনা হিসেবে ব্যবহার করেছে।ব্রাহ্মণ্যবাদী আধিপত্যে নিম্নবর্গের মানুষদের অবস্থান প্রান্তিকায়িত ছিল, উপন্যাসে তা স্পষ্ট হয়ে উঠেছে, 'বড় আচার্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় গ্রামে দাপটের শাসন চালান। এ গ্রামের সমাজে তার বিধান সবাই মাথা পেতে নেয়। সামান্য অপরাধে সেদিনও রামাইয়ের শালাকে খড়ম পিটিয়ে ছোট জাতের চোখে বড় জাতের ইজ্জত রাখেন। গ্রামের বাইরে যে ক-ঘর মুসলমান আছে তাদের মুরগির ডাক শুনলে কথায় কথায় জরিমানা করেন। বড় আচার্যের শাসনে সবাই তটস্থ থাকে।'[১৫]

বর্গী আক্রমণোত্তর সময়ে সাধারণ মানুষের অবস্থা অত্যন্ত শোচনীয় ছিল। নিরুপায় হয়ে একসময় তারা ধর্মান্তরিত হতে হয়েছিল। আমরা জানি, অষ্টাদশ শতাব্দীর অনেক আগে থেকেই হিন্দু ধর্মে ব্রাহ্মণ্যতন্ত্র যৌন নিপীড়ন এবং অচলাবস্থার সৃষ্টি করেছিল, তার কারণেই নিম্নবর্গের সাধারণ মানুষেরা নিতান্ত বাঁচার তাগিদেই অপেক্ষাকৃত সহজপন্থা হিসেবে ধর্মান্তরিত হয়েছিল। ইতিহাস ও তার গবেষণালব্ধ পারস্পরিক সমন্বয় যুক্ত উপন্যাস আমাদের চোখে খুব একটা পড়ে না। মহাশ্বেতা দেবী ইতিহাস থেকে এমন চরিত্র নির্মাণ করেন, যা নিজেই ইতিহাস হয়ে যায়। প্রান্তিক মানুষের জীবনে ঘটে যাওয়া ইতিহাস থেকে তিনি নায়ক খুঁজে সাহিত্যে তাদের প্রতিস্থাপন করেছেন। মহাশ্বেতা দেবী বারবারই বলেছেন, তিনি সময়কে লেখার মধ্য দিয়ে দলিলীকৃত করেন। তিনি যেমন ইতিহাস তৈরি করেন। উপন্যাসে আমরা লক্ষ্য করেছি, নরপতির বয়ানে আনন্দিরামের কথার জবাবে যে উত্তর আমরা শুনতে পাই, 'সমাজের মাথা হয়ে তো ব্যাটাদের ঠেলে দিচ্ছি কলম পড়বার জন্য? তোমাদের টেকটেকানির ছুটে বুদ্ধি গুলিয়ে যায়

খুড়ো, সুস্থ ছেলে পাগল হয়। নিচু জাতের ছেলে বুড়োরা 'ধুরো' বলে জাত ছাড়ে কিনা বল তুমি।'[১৬] বস্তুত, নিম্নবর্গীয় সাধারণ মানুষরা তাদের জীবনের সামাজিক ও অর্থনৈতিক পরিকাঠামোকে আধিপত্যবাদীদের রাজনৈতিক কেন্দ্রবিন্দু থেকে মুক্ত করার এক প্রয়াস লক্ষণীয়। এভাবেই মহাশ্বেতা দেবীর প্রতিটি রচনায় সর্বহারা মানুষদের প্রতিবাদ-প্রতিরোধে জ্বলে ওঠার ছবি আমরা প্রত্যক্ষ করি। আর আখ্যান বিশ্বজুড়ে প্রতিবাদী মানুষের মিছিল আমরা দেখেছি। সমাজ বদল যেহেতু রাতারাতি সম্ভব নয়, এবং প্রদীপের নিচে জমাট বাঁধা অন্ধকার অপসারণ করাও অনেকটা কঠিন কাজ। তাই, অন্যায়-অসাম্য-অবিচার-নিপীড়ন-বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ তাকে বারবার গড়ে তুলতে হয়েছে।

ইতিহাসের এক বিশেষ সময়কে মহাশ্বেতা দেবী তাঁখ উপন্যাসে স্থান দিয়েছেন। ইতিহাসের প্রতি তার অনুপ্রেরণার উৎস সম্পর্কে তিনি লিখেছেন, "আমি সর্বদাই বিশ্বাস করি যে, সত্যিকারের ইতিহাস সাধারণ মানুষের দ্বারা রচিত হয়। প্রজন্মের পর প্রজন্ম ধরে সাধারণ মানুষ যে লোককথা, লোকগীতি, উপকথা ও কিংবদন্তীগুলি বিভিন্ন আকারে বহন করে চলেছে, তার পুনরাবির্ভাবের সঙ্গে আমি ক্রমাগত পরিচিত হয়ে এসেছি।' তৎকালীন বাংলার সামাজিক-অর্থনৈতিক এবং বিশেষ করে রাজনীতির পরিবর্তিত সময়ের সন্ধিক্ষণকে চিহ্নিত করে। 'তখনই মধ্যযুগের পটভূমি-আশ্রিত কাহিনী-কাঠামোতে অনায়াস সংযোগ ঘটে 'বর্তমান' এর। তৈরি হয় সময়ের বিপুল পরিসর। সময়ের দেশ। তৃতীয়ত, সামাজিক বহুস্বরের সঙ্গে লেখক স্বরের সংঘর্ষে আততিময়তার চূড়ান্ত বিস্ফোরণের সম্ভাবনা উপন্যাসের স্বরভাবনা নিয়ে আরো ভাবতে শেখায়।"[১৭] কিন্তু, আমরা এটাও লক্ষ্য করেছি যে, মানুষ সবসময় সংঘবদ্ধ প্রতিবাদে যেতে পারে না। যেতে পারে না জাতপাতের কারণে, তাদেরকে আমরা শুধু একটা ক্লাস বা শ্রেণির মধ্যে আবদ্ধ করতে চাই। মহাশ্বেতা দেবী সেই নিম্নবর্গীয় মানুষদেরকে তুলে আনেন, একদম নীচের অলিখিত ইতিহাস থেকে। মহাশ্বেতা দেবী স্বীকার করেছেন, "প্রতিবাদের জন্য চিৎকৃত প্রতিবাদে আমার আস্থা নেই। আমার প্রতিটি লেখাতেই আমি তখনই প্রতিবাদকে বক্তব্য করে তুলি। যখন প্রতিবাদের প্রেমিস থেকে শুদ্ধতর, আরো প্রয়োজনীয় কোন প্রেমিসে উত্তরণ সূচিত করতে পারি।"[১৮] প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায়, মহাশ্বেতা দেবী যখন ইতিহাসের উপাদান নির্ভর উপন্যাস লেখেন, তা তখন হয়ে উঠে ব্যতিক্রমী। কোনো উপন্যাসে এক নতুন তাৎপার্য উদ্‌ঘাটিত হয়, দেখা দেয় নতুন দায়িত্ববোধ।

সেই ১৯৮৫ সনে গায়ত্রী স্পিভাক বলেছিলেন, "'History from below' একটা গল্পকথা মাত্র। কেননা, ইতিহাসের দলিলে যে কণ্ঠস্বরই শুনি না কেন, তা নিম্নবর্গের কথা নয়, তা অন্যের নির্মাণ।"[১৯] মহাশ্বেতা দেবীর অন্বিষ্ট শিল্প সৃষ্টি নয়, তার অন্বিষ্ট মানুষ। তার উচ্চারণ মানবিক। তার চেতনায় থাকে এক স্বতন্ত্র ভুবন। তিনি অনুভব করেন, লেখক হিসেবে, সমাজবদ্ধ জীব হিসেবে, তার একটা দায়িত্ব আছে। আঁধারমানিক উপন্যাসে আমরা লক্ষ্য করি, সমাজ পরিবর্তন নিম্নবর্গের মানুষদেরকেও প্রভাবিত করেছে। ফলে, উচ্চবর্গীয় আধিপত্যবাদের বিরুদ্ধে নিম্নবর্গীয় মানুষের প্রতিবাদী স্বর উপন্যাসে রাজনৈতিক সময়ের আকল্পকেই দ্যোতিত করে।

(৪)

মধ্যযুগীয় সমাজ ব্যবস্থায় নারীর কোনো সামাজিক স্বীকৃতি ছিল না, তার পরিচয় আমরা এই উপন্যাসে পেয়ে থাকি। মধ্যযুগীয় সমাজইতিহাসের প্রেক্ষাপটে উপন্যাসের আখ্যানভাগ রচনা করেছেন মহাশ্বেতা দেবী। নরপতি এই উপন্যাসের অন্যতম চরিত্র। তার একমাত্র বোন পুণি বাবা পূর্ণশশী। এই পূর্ণশশীকে নরপতি হৃদয় দিয়ে ভালোবাসত। তের বছরের পূর্ণশশী পূজারী ব্রাহ্মণ ঘরের মেয়ে, মাঠে খেলা দেখতে গেলে বেদেরা তাকে ধরে। এই অপরাধে সমাজের বিধান অনুযায়ী পূর্ণশশীর জিবে তপ্ত ঘি ঢেলে দেওয়া হবে, এই ভয়ে পূর্ণশশী জলে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করে। তারপর থেকেই নরপতি মিশ্র প্রবল হিংসাপরায়ণ হয়ে ওঠে ব্রাহ্মণদের প্রতি। বর্গীরা বড় আচার্যের মেয়ে নির্মলাকে ধরে তার আচলে জড়ানো হারগোছা কেড়ে নিয়েছিল, সেই দৃশ্য প্রত্যক্ষ করে নরপতি নিজের বোনের মৃত্যুর প্রতিশোধ নিতে গ্রামে সেই কথা রাষ্ট্র করে দেয়। নির্মলার বিচারে ভয়ংকর বিধান নেমে আসে। তাকে গ্রাম ছাড়তে বলা হয়েছে। বিশালাক্ষী তখন নির্মলাকে রক্ষা করার জন্য এগিয়ে আসে। বিশালাক্ষী পতিত নির্মলাকে নিজের দাদা শিবকালী বাবুর বাড়িতে নবদ্বীপে রেখে আসার প্রস্তাব দিয়েছে। শুধু কি তাই, বাদীর হাটে বিক্রি হয়ে যাওয়া নির্মলাকে উদ্ধার করার জন্য কাশীশ্বরকে টাকা দিয়ে সাহায্য করেছে। বিশালাক্ষী ব্রাহ্মণ্য শাসিত সমাজ ব্যবস্থার বিধানকে মানতে পারে না। সে বলে, "ব্যাটা ছেলেদের কাজ শুধু মেয়েদের পতিত করা, ত্যাগ করা, দোষ ধরা, শাস্তি দেওয়া; মেয়েদের আগলে রাখা, সামলে রাখা সেটা তাদের কাজ নয়।" শেষ পর্যন্ত ব্রাহ্মণ সন্তান নির্মলাকেও আত্মহত্যা করতে হয়েছে।

উপন্যাসে এর বিপরীত দৃশ্যও লক্ষ্য করা যায়, নিম্নবর্গের অন্তর্গত রামাই বাগদীর স্ত্রী পারী বর্গীদের দ্বারা ধর্ষিত হলে সমাজপতিদের বিধান অনুযায়ী পারীকে ত্যাগ করার নির্দেশ জারী করা হয়। কিন্তু রামাই আধিপত্যবাদীদের এই বিধানে নতি স্বীকার করেনি, সে তাদের বিরুদ্ধে প্রতিবাদ করে বলেছে, 'পারীকে ত্যাগ করতে পারব না। দরকার হয় গ্রাম ছেড়ে যাবো। দরকার হয় ভিন গাঁয়ে গিয়ে কলমা পড়ে সেখ পাড়ায় ঘর বাঁধবো। পারীকে ছাড়তে পারব না।"[২০] লক্ষণীয়, নিম্নবর্গীয় রামাই'এর প্রতিবাদে যেন এক নতুন সময়ের আকল্পকেই দ্যোতিত করে। উপন্যাসে লক্ষ্য করা যায়। "ব্রাহ্মণত্বকে যেন লজ্জা দিয়েই গেল রামাই। যেন বুঝিয়ে দিয়ে গেল সবচেয়ে উপরে, সবার চেয়ে বড় মনুষ্যত্ব।"[২১] শেষ পর্যন্ত পারীর মৃত্যুর মধ্য দিয়েই রামাই বুঝতে পারে, আধিপত্যবাদী শাসনে নিম্নবর্গের অন্তর্গত সাধারণ মানুষদের জীবন নিতান্তই অসহায়। সে ধিক্কার জানিয়েছে এই জীবনকে, এই সমাজকে। রামাইয়ের কথা শুনার পর তৎকালীন সময়ের সমাজপতিদের বক্তব্য, "তবু বউকে ত্যাগ করবে না, নিচু জাতের মানুষ রামাই আজ এ কি কথা বলল; এমন আস্পর্ধা যদি বাগদীদের হয়, তাহলেই আর সমাজ রেখে লাভ কি? নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্র হাজার হাজার ব্রাহ্মণ রেখে সমাজের বিধান তৈরি করেন। বাংলাদেশের সর্বত্রই তো বামনুরা সমাজ চালান।"[২২]

মধ্যযুগীয় সমাজজীবনের প্রেক্ষাপটে মহাশ্বেতা দেবী দেখিয়েছেন, কিভাবে উচ্চবর্ণের চাপিয়ে দেওয়া প্রথা মেনে নিয়েই জীবন যাপন করতে হচ্ছে অন্ত্যজ শ্রেণীর মানুষদেরকে।

মহাশ্বেতা দেবীর উপন্যাস প্রসঙ্গে সুনীল গঙ্গোপাধ্যায় বলেছিলেন, "মহাশ্বেতার লেখার দুটি স্তর আছে। কিছু কিছু রচনা ইতিহাসভিত্তিক, আবার কিছু কিছু গল্প উপন্যাস সমসাময়িক বাস্তবতার তীব্র রূপ। ইতিহাসচেতনা না-থাকলে সমসাময়িক বিষয় ভিত্তিক রচনাও সার্থক হয় না, নিছক গল্প হয়ে যায়। কারণ, সমসাময়িক ঘটনাও ইতিহাসের অঙ্গ।" মহাশ্বেতা দেবী বিশেষভাবে ভারতীয় সমাজ এবং নিম্নবর্গের ইতিহাস অনবরত পুনঃপাঠ করে চলেছেন। অন্ধকারাচ্ছন্ন অষ্টাদশ শতাব্দীর যূপকাষ্ঠ'এ অসহায় নর-নারীর আত্ম-হাহাকার আঁধারমানিক উপন্যাসটিকে কেন্দ্র করে একটা প্রতিবাদের ঝড় উঠেছিল। মহাশ্বেতা দেবী বর্গী আক্রমণের বিধ্বস্ত বাংলার ছবির সাথে তৎকালীন সময়ে নিম্নবর্গের অন্তর্গত মানুষের সামাজিক জীবন, তাদের অবস্থানের পাশাপাশি আধিপত্যবাদীদের দ্বারা নিপীড়িত-লাঞ্ছিত-শোষিতদের জীবনাতিহাসেক তুলে ধরেছেন। সমালোচক অরুণকুমার মুখোপাধ্যায় বলেছেন— "ইতিহাসের মুখ্য কাজই হচ্ছে মানুষের অন্তর্মুখী পুরুষ স্বার্থকে বাইরের গোলমাল, সংগ্রাম সরবরাহের আবর্জনা এবংধ্বংসস্তূপ সরিয়ে জনবৃত্ত কে অন্বেষণ করা, অর্থ ও তাৎপর্য দেওয়া।"[২৩]

বাংলা সাহিত্যের জগতে মহাশ্বেতা দেবী শুধু সমাজতাত্ত্বিক নন, সমাজ মনস্তাত্ত্বিকও। এক স্বতন্ত্র স্বভাবের লেখিকা মহাশ্বেতা দেবী। পোস্টমডার্নিজমের ক্ষেত্রে সাবঅলটার্ন চর্চা আসার আগেই মহাশ্বেতা দেবী নিজের মতো করেই আখ্যানে সাবঅলটার্ন চর্চা করে গেছেন। মহাশ্বেতা দেবীর আখ্যানবিশ্ব বেশিরভাগ ক্ষেত্রেই সময়ের দলিল হয়ে ভবিষ্যতের দিকে ধাবিত হয়েছে।

আলোচ্য উপন্যাসে প্রতিবাদের পরিসর সল্পায়িত হলেও তার মধ্য দিয়েই নিম্নবর্গীয় মানুষের জীবন ধারার একটি বিশিষ্ট পট-পরিবর্তনের দিককেই নির্দেশিত করে। এই প্রসঙ্গে অধ্যাপক তপোধীর ভট্টাচর্যের একটি মন্তব্য অত্যন্ত প্রণিধানযোগ্য, "আঁধারমানিক এর মতো যেসব উপন্যাসে মহাশ্বেতা বহির্বৃত্ত ঘটনা-প্রবাহ, কোলাহল ও সমাজের আবর্জনা আর ধ্বংসস্তূপ সরিয়ে জনবৃত্তকে খুঁজে নিয়ে তাদের অর্থ ও তাৎপর্য দিয়েছেন— সেই সব বয়ানই হয়ে উঠেছে স্মরণীয়। প্রতিটি ক্ষেত্রে তিনি সমাজতাত্ত্বিকের দক্ষতায় ঔপন্যাসিক প্রতিবেদনকে নিম্নবর্গীয় ইতিহাস রচনার দৃষ্টান্তমূলক উপস্থাপনা হিসেবে গড়ে তুলেছেন। এই নিরিখে বলা যায়, মহাশ্বেতা কার্যত উপন্যাসীকরণ। প্রক্রিয়া ও আখ্যানের পুরোপুরি নতুন আদর্শ ও আকল্পকে প্রতিষ্ঠিত করেছেন"[২৪] আমরা লক্ষ্য করেছি, মহাশ্বেতা দেবী শুধু সাহিত্যর নন্দনতাত্ত্বিক সৌন্দর্যবর্ধনের জন্য আখ্যানবিশ্ব রচনা করেননি, জীবনের সত্য উদঘাটনের জন্যও তিনি উপন্যাস রচনা করেছেন। সমাজ-সংসারের কাছে তিনি একজন দায়বদ্ধ মানুষ ছিলেন, অনুসন্ধিৎসু মন নিয়েই ইতিহাসের গভীরে প্রবেশ করেছেন। যে কোনো জাতির ইতিহাসই যে ব্যক্তিত্বের প্রধান পরিচায়ক এই বিশ্বাস তার প্রগাঢ় ছিল।

তথ্যসূত্র :

১) মজুমদার, সমরেশ, গল্প উপন্যাসের অর্ন্তজীবন, কলকাতা : বঙ্গীয় সাহিত্য সংসদ, ২০১০, পৃষ্ঠা - ২৮১।

২) ভট্টাচার্য, তপোধীর, সময় : সমাজ : সাহিত্য, কলকাতা : এবং মুশায়েরা, ২০১০, পৃষ্ঠা-১৩

৩) দেবী, মহাশ্বেতা, অরণ্যের অধিকার, ভূমিকা অংশ, কলকাতা : দে'জ পাবলিশিং - ২০০৩, পৃষ্ঠা - ৭৫
৪) ভট্টাচার্য, তপোধীর, বাখতিন তত্ত্ব ও প্রয়োগ, কলকাতা : বঙ্গীয় সাহিত্য সংসদ, ২০১০, পৃষ্ঠা - ২৪৩
৫) মাঝি, বিপ্লব, মহাশ্বেতার 'ক্ষুধা' উপন্যাস, কলকাতা : অমৃত লোক সাহিত্য পরিষদ, পৃষ্ঠা - ৫৪
৬) সামন্ত, সুবল (সম্পাদিত), বাংলা উপন্যাস : বীক্ষা অন্বীক্ষা, কলকাতা : এবং মুশায়েরা - ১৯৯৮, পৃষ্ঠা - ১৮
৭) দেবী, মহাশ্বেতা, আঁধারমানিক, কলকাতা : করুণা প্রকাশনী, পৃষ্ঠা - ভূমিকা অংশ।
৮) মুখোপাধ্যায়, অরুণ কুমার, কালের প্রতিমা, বাংলা উপন্যাসের ৭৫ বছর : ১৯২৩-১৯৯৭, কলকাতা : দে'জ পাবলিশিং, পঞ্চম সংস্করণ, পৃষ্ঠা - ১৯০/১৯১
৯) ভট্টাচার্য, তপোধীর, উপন্যাসের ভিন্ন পাঠ, কলকাতা : বঙ্গীয় সাহিত্য সংসদ, পৃষ্ঠা-৯৩
১০) পূর্বোক্ত, আঁধারমানিক, ভূমিকা অংশ
১১) তদেব, পৃষ্ঠা - ৩৫০
১২) তদেব, পৃষ্ঠা - ১৯
১৩) তদেব, পৃষ্ঠা - ২০৪
১৪) তদেব, পৃষ্ঠা - ৮৯
১৫) তদেব, পৃষ্ঠা - ৭৪/৭৫
১৬) তদেব, পৃষ্ঠা - ৮৯
১৭) মুখোপাধ্যায়, মানবেন্দ্র, উপন্যাসের যৎকিঞ্চিৎ, কলকাতা : বঙ্গীয় সাহিত্য সংসদ, ২০১০, পৃষ্ঠা - ১১৮
১৮) তদেব, পৃষ্ঠা - ১১৭
১৯) তদেব, পৃষ্ঠা - ১১৭
২০) পূর্বোক্ত, আঁধারমানিক, পৃষ্ঠা - ২৫৭
২১) তদেব, পৃষ্ঠা - ২৫৭
২২) তদেব, পৃষ্ঠা - ২৮৩
২৩) মুখোপাধ্যায় অরুণ কুমার, বাংলা উপন্যাসের রূপ ও রীতির পালাবদল (ষাট বছরের বাংলা উপন্যাস ১৯৪৯-২০০৯), কলকাতা : দে'জ পাবলিশিং, ২০১১, পৃষ্ঠা - ৮৬
২৪) পূর্বোক্ত, উপন্যাসের ভিন্নপাঠ, পৃষ্ঠা - ৯৮/৯৯

Creatcrit : ISSN 2347-8829
Vol.-7 No.-1, January, 2020
PP 100–107

Atindra Bandopadhyaya's 'Iswarer Bagan' : A New Historic Reading

Pijus Nandi
Asstt. Prof., Dept. of Bengali, Hojai Girls College, Hojai (Assam)

Abstract:

The story of Atindra Bandopadhyaya's 'Iswarer Bagan' is based on the partition of Indian sub-continent. The third part of Nilakantha Pakhir Khoje a trilogy is Iswarer Bagan which narrates the far reaching impact of the partition through novelistic personal like Kishore, Sona or Atish. Sona a character in Nilakantha Pakhir Khouj is a matured person in Iswarer Bagan who is much troubled by mental conflict and myriad problems as he fails to understand raw wounds of participation. Sona achieves equilibrium when he switches over to spiritual life, discarding the material life. This paper aims to analyse the work Iswarer Bagan by using the methodology of new historicsm.

Key words : *Historicism, sense of history, consciousness of history, spirituality, new trend.*

দেশভাগ-ভারতীয় ইতিহাসের এক অশ্রুসজল অধ্যায়। লক্ষ লক্ষ মানুষের অনাকাঙ্ক্ষিত এই দেশভাগ কিন্তু হঠাৎ সংঘটিত কোনো ঘটনা নয়। দেশ বিভাজনের সরকারি আনুষ্ঠানিকতার অনেক আগেই এই বিভাজনরেখা তৈরি হয়েছিল। সেই ফাটল রেখাকে অনেক 'বুড়ো খোকা' স্বার্থ সিদ্ধি আর লোভের শাবল দ্বারা গভীর করে তুলেছিল। ফলে শত সহস্র মানুষের বুক বিদীর্ণ করে তখন কেবল রক্তই ঝরেনি, সাতপুরুষের ভিটেমাটির মায়া ছেড়ে মহিলার ইজ্জত, প্রাণ বাঁচাতে গিয়ে রাতের অন্ধকারে পাড়ি দিতে হয়েছিল এদেশে। এই সমস্ত ঘটনা "ইতিহাসে তার আর কতটুকু ধরা পড়ে। ইতিহাস জানে তথ্য দলিল, জানে রাজনৈতিক নেতাদের জবাববন্দী। কিন্তু এসব কিছুর বাইরে ইতিহাসের মানবিক মাত্রা থাকে, তাকে ধরতে চান, ধরতে পারেন সাহিত্যিক। সাহিত্যিক দেখাতে পারেন আমাদের জাতীয় জীবনে সে বিভাজন রেখা শুধু ক্যালেণ্ডারের বিশেষ একটি তারিখের ঘটনা নয়।"[১] কেননা এই বিভাজনের প্রস্তুতি পর্ব শুরু

হয়েছিল বহু আগে, বিভিন্নভাবে এবং বিভিন্ন কারণে। অবশেষে বিভাজন স্পষ্ট এবং সুনির্দিষ্ট হলেও এর জের কিন্তু তখনই শেষ হয়ে যায়নি। কেননা, দেশবিভাজনের ফলে সৃষ্ট লক্ষ লক্ষ উদ্বাস্তু জীবনের দায়ে, ইজ্জতের দায়ে এদেশে পালিয়ে এসে প্রাণ হয়তো বাঁচাতে সক্ষম হয়েছে কিন্তু ফেলে আসা জল মাটি আর প্রকৃতির সমন্বয়ে গঠিত যে অনাবিল জীবন তাকে আর খুঁজে পাওয়া গেল না। আর ইজ্জত? মুষ্টিমেয় সামর্থ্যবান মানুষ ছাড়া তাকেও সংখ্যাগরিষ্ঠ উদ্বাস্তু বেশিদিন ধরে রাখতে পারল না। অদৃষ্টের কি পরিহাস যে, নারীর শরীর-সম্ভ্রম বাঁচাতে কারো কারো সাতপুরুষের ভিটেমাটি ছেড়ে সময় থাকতেই পালাতে হল ভিটে ছেড়ে। পেটের জ্বালায় কিংবা অন্য কোনো পরিস্থিতির দায়ে পড়ে এদেশে সেই শরীরেরই পসরা সাজিয়ে বাঁচার পথ খুঁজতে হয়েছে। যারা বাংলার জল, বাংলার ফল আর বায়ু সেবন করে সমাজে দু-চার দশজনের কাছেও অন্তত মানীলোক ছিলেন, উদ্বাস্তু হয়ে এখানে সেই মানকেও আর ধরে রাখা গেল না—কেননা জীবন এখন আর নিশ্চিত নয়। দুমুঠো অন্নের দায়ে সেই মানী লোককেও এমন বৃত্তিতে নিয়োজিত হতে হয়েছে যা সমাজ অশ্রদ্ধার চোখেই দেখে। কিন্তু দেশভাগের সুদূর প্রসারী ফল এখানেই শেষ হয়ে যায় না। যে শিশু মায়ের কোলে, যে কিশোর বাবার পিঠে চড়ে দেশ পাড়ি দিয়ে এসে এখানে উদ্বাস্তু তলিকায় নাম লিখিয়েছিল— সে এখানে না পেল শিক্ষা - না পেল কর্মসংস্থান, শেষ ঠিকানা হল চোর গুণ্ডাদের আড্ডায় চোরাকারবারিদের সমাজে, বিশেষত সংগতিহীন উদ্বাস্তুদের অনেকেরই হল এই পরিণাম। যাদের অবস্থা একটু ভাল, ব্যক্তিগত প্রচেষ্টায় যারা কিছুটা শিক্ষা দীক্ষা লাভের সুযোগ পেয়েছে তারা সরকারি না-হলেও ব্যক্তিগত খণ্ডের চাকরিতে যোগ দিয়েছে ঠিকই কিন্তু নুন আনতে তাদেরও পান্তা ফুরোয়। কারণ, জীবন এখন জটিল। এই জটিল জীবনে তখন শ্রুতি, স্মৃতির সরণি বেয়ে ফিরে আসে 'দেশ বাড়ির' আনন্দ ঘন সুখ-কথা, মন হয়ে ওঠে নষ্টালজিক। যাঁরা এই নষ্টালজিয়াকে শব্দে বাঁধতে পারেন তাঁরা সাহিত্যিক পদবাচ্য হন। এমন সাহিত্য রচনার সূত্রেই আমরা স্বাধীনোত্তর কালে পেয়েছি বেশ কয়েকটি উপন্যাস যেগুলোর মধ্যে অতীন বন্দোপাধ্যায়ের 'নীলকণ্ঠ পাখির খোঁজে' এবং 'ঈশ্বরের বাগান' অন্যতম দুটি কালজয়ী উপন্যাস। এই দুই পর্বের মধ্যবর্তী উপন্যাস 'অলৌকিক জলযান'।

দেশবিভাজনের প্রেক্ষাপটে রচিত 'নীলকণ্ঠ পাখির খোঁজে'। দুই খণ্ডে বিন্যস্ত উপন্যাসটির প্রথম খণ্ড প্রকাশিত হয় ১৯৫৭ সালে আর দ্বিতীয় খণ্ডটি প্রকাশিত হয় ১৯৭১ সালে। উপন্যাসে বর্ণিত ঘটনার কালসীমা ১৯৩৪ থেকে সাল অবধি। গ্রামীণ জীবনের অন্তরঙ্গ ছবির বর্ণনায় কুশলী শিল্পীর ছাপ যেমন সুস্পষ্ট, তেমনি সমাজ বাস্তবতার সুতীক্ষ্ম বিশ্লেষণে সাতপুরুষের ভিটেমাটি হারানো ব্যথা ও হাহাকার ইতিহাসের প্রেক্ষিতসহ উপন্যাসে সজীব হয়ে উঠেছে। কাহিনিবৃত্তের একদিকে শীতলক্ষ্যা নদী; অন্যদিকে মেঘনা। লাঙ্গলবন্দ, আর অন্যদিকে গোয়ালন্দ পর্যন্ত দিগন্ত বিস্তৃত মাঠ, গ্রামের পর গ্রাম- খাল বিল চর। হিন্দু-মুসলমান, মধ্যবিত্ত-নিম্নবিত্ত মানুষের ভিড়। পূর্বের ঢাকা পশ্চিমের কলকাতা শহর জুড়ে রাজনৈতিক আন্দোলনের দূরগতি পদধ্বনির মধ্যে দেশবিভাজনের প্রস্তুতির নানা স্তর পর্যায়। এরই মধ্যে ৪৬ এর দাঙ্গা, ৪৭ এর

দেশবিভাগ এবং তজ্জনিত কারণে সংখ্যালঘুর নিরাপত্তাহীনতা, বিষণ্ণতা উপন্যাসের কাহিনিকে গম্ভীর করে তুলেছে।

'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাস মালার তৃতীয় পর্ব 'ঈশ্বরের বাগান'এ লেখক তাঁর আশাবাদকে এক ইতিবাচক পরিণামের দিকে নিয়ে গেছেন। সাম্প্রদায়িক দাঙ্গা দেশভাগজনিত কারণে যে সোনা তার সোনার বাংলাকে ত্যাগ করেছিল সেই সোনাই বিশ/বাইশ বৎসর পর দীপঙ্কর ভৌমিক, এক পরিণত মানুষ স্বদেশের টানে স্বদেশি মানুষের আহ্বানে তাঁর জন্মভূমিতে ফিরে এসেছে। বাংলাদেশের জল-মাটি-মানুষের সঙ্গে শৈশব-কৈশোর অবস্থা থেকেই যে সোনা অনুভব করেছিল তাঁর আত্মিক সম্পর্ক সেই সোনা বা তার পরিবারের আপাত কোনো দোষ না থাকা সত্ত্বেও দেশ ছাড়তে হয়েছিল। গ্রাম ছাড়ার আগে সোনা অর্জুন গাছের গায়ে খোদাই করে গিয়ছিল তার কৈশোরের স্বপ্নভঙ্গের বেদনা। এই বেদনা তাঁকে আজীবন বয়ে নিয়ে যেতে হয়েছে। 'আলৌকিক জলযানে' এই উদ্বাস্তু কিশোর যৌবনে উত্তীর্ণ হয়ে কলকাতার খিদিরপুরে কিং জর্জেস ডকে জাহাজের ট্রেনী হয়ে পরে সারেং হিসেবে জাহাজের কাজে সারা দুনিয়া ঘুরেছে। কিন্তু তার স্বপ্নভগ্নের বেদনা এই পর্যায়ে আর বেড়েছে। যদিও সে জাহাজের ক্যাপ্টেনের কন্যা বনির মধ্যে ফতিমা আর মঞ্জুর স্মৃতি ভুলেছিল। কিন্তু বাদ সাধল জাহাজের সেকেণ্ড ইঞ্জিনিয়ার আর্চি। গোপনে বনিকে ধর্ষণ করতে চাইলে ছোটোবাবু প্রতিরোধকল্পে আর্চিকে হত্যা করে। আবার সামুদ্রিক ঝড়ে বনিও সোনার জীবন থেকে হারিয়ে যায়। এই সমস্ত বিষাদ স্মৃতি ছোটোবাবু অর্থাৎ অতীশকে মানসিক রোগীতে পরিণত করে। 'ঈশ্বরের বাগানে' এই অতীশ পরিণত মানুষ হয়ে শিক্ষকতায় যোগদান করেছিল কিন্তু শিক্ষক সমাজেও ছিল সে ভিন্ন প্রকৃতির। কেননা তাঁর মানসিক দ্বন্দ্বই তাঁকে অন্যদের থেকে পৃথক করে তুলেছিল। অবশেষে রাজবাড়িতে কারখানার ম্যানেজার পদে যোগদান করে। এই রাজবাড়িতেও অতীশ প্রথমদিন থেকেই রহস্যঘেরা কথাবার্তা ও কার্যকলাপ টের পায়। পঁচা টাকার গন্ধ পায়। বনির স্মৃতি আর আর্চির প্রেতাত্মা তাকে ঘোরে ফেলে দেয়। মানস তাকে প্রথমদিনই বলেছিল মাস্টারির চাকরি ছেড়ে কারখানায় মরতে আসা কেন। ''রাজা তোমাকে নিয়ে এসেছেন তাঁর ভাঙা প্রাসাদের ফাঁকফোকর বন্ধ করার জন্য। কোন গর্তে তুমি হাত দেবে ভাবছ?''[২] হাতে পায়ে বেড়ি দিয়ে বাঁধা মানস তাকে আরও বলেছিল-'তুমি খুন হয়ে যাবে নবীন যুবক।'[৩]

এরকম সাবধানবাণী তাকে মানসিক ধন্দে ফেলে দেয়। আর্চির হত্যাকারী ছোটোবাবু স্মৃতি হয়ে বারবার তাঁর বিবেক দংশন করেছে- 'আমি পাপ কাজ করেছি' বলে স্বীকারোক্তি দিতে চেয়েছে। কারখানায় অতীশের সহকারী কু তাঁর বিরুদ্ধে অনবরত ষড়যন্ত্র করছে। কাঁচামাল যোগানকারী ব্যবসায়ীর সঙ্গে মিলে ট্রেনের কামরায় মেয়ে তোলে দিয়ে ক্র্যু অতীশকে বেকায়দায় ফেলতে চেয়েছে। সততার বলে ক্র্যুরে কোনো চক্রান্তেই অতীশ আটকে যায়নি সত্য, কিন্তু তাঁর মানসিক দ্বিধা-দ্বন্ধ বৃদ্ধি পাওয়ায় মানসিক অবসাদগ্রস্ত এক রোগীতে পরিণত হয়েছে। শহরে খুন-রাহাজানি, লাশের পর লাশ পড়ে যাচ্ছে দিন দুপুরেই। এমন প্রেক্ষাপটে যখন অপরিচিত লোকেরা তার আসা যাওয়ার পথ-ঘাটের বিস্তৃত বিবরণ নিয়ে যাওয়ার খবর শুনতে

পায় তখন মাঝে মধ্যে ঘোরে পড়ার ব্যাধিটা চরম রূপ পায়। এমনই সংকটলগ্নে আবির্ভাব ফতিমার। শৈশবের প্রিয় ফতিমার ঐকান্তিক চেষ্টা, সেবা-শুশ্রূষা ও নিরিবিলি সান্নিধ্যে আর্চি হত্যার স্বীকারোক্তি দেওয়ার পরই তাঁর জীবনে স্বাভাবিকতা ঘুরে এসেছে। লেখালেখি জগতেরও অন্যতম সদস্য অতীশ, স্ত্রী নির্মলা, পুত্রমিণ্টু এবং কন্যা টুটলকে নিয়ে যখন সুস্থির জীবনযাপন শুরু করে ঠিক তখনই অতীশ পেল বাংলাদেশের মঞ্জুর চিঠি। বহু শহিদের রক্তের বিনিময়ে পূর্ব-পাকিস্তানের মুক্তি যোদ্ধারা লাভ করলেন সোনার বাংলা-বাংলাদেশ। বাংলাদেশের জন্মলাভের পরই অতীশের বাল্যবন্ধু মঞ্জুর চিঠিতে ছিল জন্মভূমিতে ঘুরে যাবার আমন্ত্রণ। অতীশ বাংলাদেশে গিয়ে অনুভব করল তাঁর শিকড়ের টান। মঞ্জুর রুগ্ন পুত্র নীলুর মৃত্যুতে এই উপন্যাসের সমাপ্তি।

উপন্যাসের অবিসংবাদী সংজ্ঞা আজও নিরূপিত হয়নি যদিও সার্থক উপন্যাস বলতে বুঝি যেখানে আছে "ঔপন্যাসিকের বিষয়জ্ঞান প্রকৃতপক্ষে সময়জ্ঞান, সমাজজ্ঞান, ইতিহাসজ্ঞান এবং ব্যক্তি মানসের জ্ঞান এই সমস্তের সারাৎসার।"[৪] এইসমস্ত জ্ঞানের শিল্পসম্মত প্রয়োগের ওপরই নির্ভর করে একেকটা উপন্যাসের শৈল্পিক সাফল্য। প্রকৃত ঔপন্যাসিক জানেন, প্রত্যেক যুগ, প্রত্যেক কালখণ্ড তার গর্ভে বহন করে ব্যক্তির নতুন সংকট। উপন্যাস যেহেতু "ঔপন্যাসিকের পরিদৃষ্ট বাস্তবতা জ্ঞানের নির্দেশ, আর বাস্তবতার ভাষ্য তাঁর কল্পনা, যার অপর নাম অন্তর্দৃষ্টি।"[৫] এই অন্তর্দৃষ্টি ছাড়া ব্যক্তির সেই নতুন সংকটকে শনাক্ত করা সব নয়। এই অন্তর্দৃষ্টিতে ঋদ্ধ হয়েই অতীন বন্দ্যোপাধ্যায় তাঁর 'ঈশ্বরের বাগান' নির্মাণ করেছেন। মানুষের সৃষ্ট বাগানে স্থান পায় নির্বাচিত গাছপালা। সেই নির্বাচনে অপকারী-অসুন্দর এবং নির্গুন গাছপালা সাধারণত স্থান পায় না। কিন্তু ঈশ্বর সৃষ্ট বাগানে কোনো নির্বাচন নেই— ভালোমন্দ, সুন্দর-অসুন্দর, গুণী-নির্গুণ সবাই পাশাপাশি। কি গাছ, কি মানুষ! সর্বত্র একই দৃশ্য। সেজন্যই তো ঈশ্বরের বাগান এক আশ্চর্যজনক, রহস্যময়, বৈচিত্রপূর্ণ এবং একই সাথে সুষমামণ্ডিত। আসলে এই জগৎঠাইতো ঈশ্বরসৃষ্ট একটা বাগান। রবীন্দ্রনাথের 'শান্তিনিকেতন' গ্রন্থের দর্শন শিক্ষার আধারে যখন এই জগৎটাকে অখণ্ডভাবে দেখি তখনই আসলে পূর্ণ দেখা। এই পূর্ণ দেখায় যে আনন্দ— তা উপভোগ করতেই ঈশ্বরের এই জগৎ সৃষ্টি। সৃষ্টিকর্তার জগতে তাই ভালোমন্দ, সাদা-কালো, সৎ-অসৎ সবাই পাশাপাশি। একের অবর্তমানে অন্যটি গুরুত্বহীন। সেজন্যই সেখানে সৃষ্টিকর্তার কোনো পক্ষপাতিত্ব নেই। আর মানুষের বাগান সে তো একটা খণ্ড চিত্র— শুধু ভালোকে নিয়ে, মহৎকে নিয়ে, সেরাকে নিয়ে। আসলে এটি হচ্ছে বৃত্তের অর্ধেকটা এই অর্ধেকটা বৃত্ত নিয়ে অধ্যাত্ম-দর্শনের জ্ঞানপুষ্ট অতীন বন্দ্যোপাধ্যায়ের তুষ্টি নেই। তাই তিনি দেশভাগ ও তার সুদূর-প্রসারী ভয়াবহ পরিণামকে আধার করে নির্মাণ করলেন এক ঈশ্বরের বাগানের অনুরূপ এক উদ্যান, যে বাগানে মানুষ-অমানুষ, হিন্দু-মুসলিম, নারী-পুরুষ, সহিষ্ণু-অসহিষ্ণু, সৎ-অসৎ সবই পাশাপাশি রয়েছে। ঝড়-তুফান মাঝে মধ্যে এদের বিচ্ছিন্ন করে দেয় যদিও স্নিগ্ধ বাতাস আবার কাছাকাছি নিয়ে এসে; আলিঙ্গনাবদ্ধও করে ফেলে।

পূর্ববঙ্গের হিন্দু-মুসলমানের মিলিত গ্রামীণ জীবনে, প্রাকৃতিক পরিবেশে, কিশোর সোনা

খুঁজে পেয়েছিল প্রচুর পরিমাণে জীবনরস। বড়দের স্নেহ, সমবয়সীদের বিশেষত মঞ্জু ও ফতিমার ভালোবাসা এবং প্রাকৃতিক স্নিগ্ধতা সোনাকে দারুণভাবে প্রভাবিত করেছিল। পূর্ববঙ্গ সম্পর্কে সে স্বপ্নদর্শী হয়ে ওঠেছিল। কিন্তু সেই স্বপ্ন অচিরেই ভেঙ্গে চৌচির হয়ে যায়— দেশ ভাগ এবং সাম্প্রদায়িক দাঙ্গার মতো ঘটনায়, ছাড়তে হয় জন্মভূমি। সোনার এই যে স্বপ্নভঙ্গ ও তজ্জনিত বেদনা; এই বেদনা তাঁর জীবনে এতটাই সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করেছে যে, উত্তর জীবনেও তাকে স্বস্তিতে থিতু হতে দেয়নি। প্রিয় জন্মভূমি ত্যাগ করার বেদনা সোনার মনোজগতে এতটাই গেড়ে বসেছিল যে অবশেষে তা মানসিক বিকারে পরিণত হয়। যদিও ঔপন্যাসিক এক্ষেত্রে বনির ভালোবাসা থেকে বিচ্ছিন্ন হওয়া ও আর্চির হত্যাকেই অতীশের মানসিক অবসাদের কারণ হিসেবে দেখিয়েছেন। তা আসলে প্রতীকী অর্থে বিন্যস্ত হয়েছে। অতীশ হয়তো পূর্ববাংলায় ছেড়ে আসা ভালোবাসা বনির মধ্যে ফিরে পেয়েছিল যদিও তা কঠোরতার আচ্ছাদনে অর্থাৎ পুরুষের বেশে ঢাকা ছিল। কঠোরতার আচ্ছাদন অতিক্রম করে ছোটোবাবু দেখল বনি পুরুষ নয়, মেয়ে। মেয়ে অর্থাৎ নারী। নারী মানে ভালোবাসা, প্রেমের আধার, আবার নারী মানে তো মাতৃরূপ, দেশও মাতৃকারূপী। ছোটোবাবু তার হারিয়ে যাওয়া জীবনের সবকিছু বনির মধ্যে খুঁজে পেয়ে হয়তো ভগ্নহৃদয়কে জোড়া দেওয়ার আশ্রয় পেয়েছিল। কিন্তু আর্চি ছোটোবাবুর বেঁচে থাকার এই সম্বলটুকু কেড়ে নিতে চাইলে কিংবা অনিষ্ট করতে চাইলে ছোটবাবু সহজে ছেড়ে দেবে কেন? এখন তো সে আর কিশোর সোনাবাবু নয়, সে এখন যুবক ছোটোবাবু— এক তেজোদীপ্ত সারেঙ। দেশভাগের জিগির তুলে যারা অতীশের ভালোবাসাকে, ভালোবাসার আধারকে জবাই করেছিল তাদের বিরুদ্ধেও ক্ষোভ হয়েছিল তাঁর। কিন্তু তখন সে ছিল নিতান্তই কিশোর সোনা। কিন্তু আজ তেজোদীপ্ত যুবক, তাই সে নারীর সম্ভ্রম লুণ্ঠনকারী শক্তিকে তোয়াজ করে না, শত্রুকে ছেড়ে দেয় না, হত্যা করে। অতীশ যেহেতু পেশাদার খুনি নয়, মানুষ হিসেবে কঠিন নয়, বরং কোমল হৃদয়েরই মানুষ, অন্যায়কার্য বা পাপ তাঁর রক্তে নেই, তাই হুজুগের মাথায় তাঁর হাতে একটা খুন হয়ে গেলেও পাঠক বস্তুত তাঁকে খুনি হিসেবে বিচার করে না। অথচ তাঁর অনুশোচনা এবং তজ্জনিত পাপবোধ তাঁকে মানসিক রোগী করে তুলেছে। স্বীকারোক্তি দেবার জন্য উদগ্রীব হয়ে উঠলেই সে ঘুরে পড়ে যায়। এই ঘোর তাকে অস্বাভাবিক মানুষে পরিণত করেছে। আসলে দস্তয়ভস্কীর 'ক্রাইম এণ্ড পানিশমেণ্ট' উপন্যাস থেকেই এই পদ্ধতিটা বাংলার আধুনিক ঔপন্যাসিকরা আমদানি করেছেন মনে হয়। অতীন বন্দ্যোপাধ্যায়ও তাঁর প্রিয় সোনার পাপবোধ থেকে উত্তরণের একটা পথ বের করেছেন— স্বীকারোক্তির মাধ্যমে। এও এক ধরনের প্রায়শ্চিত্ত ও আত্মশুদ্ধির পথ। শুধু পাপ-পুণ্য নয়, সৎ-অসতের অন্তর্দ্বন্দ্বেও অতীসের ব্যক্তিত্ব বিচলিত, স্ববিরোধিতায় বিপর্যস্ত। তাঁরই সহকারী ম্যানেজার কু দুর্নীতির আশ্রয়ে পয়সা রোজগারে মরিয়া, অতীশ সব টের পায়, বিচলিত হয়। রাজবাড়িতে সে পচা টাকার গন্ধ পায়, বিচলিত হয়। মিথ্যা ভাওতাবাজি শঠতা সে পছন্দ করে না বলেই তো স্কুল মাস্টারির চাকরিটা ছেড়েছে; ভুয়ো ভাউচারে সে সই করবে না বলে। রাজবাড়ি কারখানার কর ফাঁকির ব্যাপারেও সে ধন্দে পড়ে। তার দ্বিধাদ্বন্দ্ব মানসিক যন্ত্রণায় পরিণত হয়ে

যখন চরম সংকট সৃষ্টি করে তখন আচমকা অতীশের হৃত ভালোবাসার মানুষ ফতিমার কাছে এই স্বীকারোক্তি দিয়েই মানসিক সংকট থেকে মুক্তি মিলেছে, স্বাভাবিক জীবনে ফিরে এসেছে সে। লক্ষণীয় যে স্ত্রী নির্মলার কাছে এই স্বীকারোক্তি দিতে চেয়েছিল অতীশ, কিন্তু নির্মলা ব্যাপারটাকে কোনোদিন গুরুত্ব দিয়ে শুনতেই চায়নি। অতীন আসলে অতীসের সংকটকে ধরতে চেয়েছেন একটা বিরাট ঐতিহাসিক প্রেক্ষিতে, আর এই প্রেক্ষিতের পেছনে রয়েছে সমকালীন ক্রনোটোপ। অতীশের এই মানসিক সংকট তো একদিনে সৃষ্টি হয়নি। এর সূচনা তো সেই দেশ ভাগাভাগির সময়ের। যখন বহু আবেগ অভিমানের প্রেক্ষিতে সোনাকে অর্জুন গাছে লিখতে হয়েছিল "জ্যাঠামশায়, আমরা হিন্দুস্থানে চলিয়া গিয়াছি" - ঠিক তখন থেকেই। উদ্দেশ্যটা এখানে জ্যাঠামশায়, যদিও প্রকারান্তরে ফতিমারাই বা নয় কেন? নেপথ্য ভাষণা টা এরকম হতে পারে— 'জন্মভূমি, দেশপ্রেম তা হলে সবই মিছে! হিন্দুদের জন্যও একটা দেশ আছে! যদি জন্ম জন্মান্তরের সম্পর্ক তোরা ধর্মীয় চেতনার বিচারে এক মুহূর্তে ছিন্ন করতে পারিস। তবে আমরাও চলে যাচ্ছি আমাদের দেশে।' অথচ এই দেশটাও ঠিক তার হয়ে উঠল না। কারণ "রক্তের গভীরে দেশের মাটিও মানুষের প্রতি যে মমত্ব জীবনকে পূর্ণতার পথে এগিয়ে নিয়ে যায়, বিদেশে স্নেহ-প্রীতি বিবিক্ত অচেনা পরিবেশের মধ্যে জীবনের সেই স্বাভাবিকতা রুদ্ধ হয়েছে।"[৬] সে হয়ে উঠেছে এক ছিন্নমূল মানুষ। স্থানিক এবং মানসিক উভয়দিক থেকেই।

অতীন্দ্র বন্দ্যোপাধ্যায় সূক্ষ্ম ও নিপুণভাবে অতীশের হৃদয়ের ক্ষত, হৃৎপিণ্ডের এমন রক্তক্ষরণের কথাকতাকে ইতিহাসের সঙ্গে মিশিয়ে হাজির করেছেন। এই রূপ ধরে আসলে উপমহাদেশের ইতিহাসই রক্তক্ষরণের যন্ত্রণাই অতীশের জীবনকে ছিন্নভিন্ন করেছে। জাহাজ কোম্পানিতে চাকরি, সমুদ্রের জীবন, কলকাতায় প্রত্যাবর্তন, রাজবাড়িতে কর্মগ্রহণ, মা-বাবা-স্ত্রীর সঙ্গে মানসিক দূরত্ব এবং সম্পর্কের শৈথিল্য প্রভৃতি গুরুত্বপূর্ণ ঘটনা অতীশের জীবনকে আমূল বদলে দিয়েছে। অতীশের অতীত ও বর্তমান, স্মৃতি ও সত্তা, সুখ ও দুঃখের মধ্য দিয়ে অতীন বন্দ্যোপাধ্যায় জীবনের সামগ্রিক পরিচয় তুলে ধরেছেন। সে জন্যই অতীশের অপরিণত বয়সের যে ক্ষত ফতিমাদের দ্বারা সৃষ্ট বলে তাঁর মনে হয়েছিল ঔপন্যাসিকও হৃদয়ের সেই ক্ষত মুছতে ঘটনাচক্রে ফতিমাকেই উপন্যাসে পেশ করেছেন। অর্থাৎ যার দ্বারা ক্ষতের সূচনী, তার দ্বারাই এর অপনোদন করে ঔপন্যাসিক হয়তো একটা বার্তা দিতে চান এমন যে, ইতিহাসের বৈশিষ্ট্যই এই যে, জীবন খণ্ড-বিখণ্ড করে দেবার জন্য যারা একসময় দায়ী বিবেচিত হয়, কালের পরিবর্তনে সে সব উপাদানই জীবন গঠনেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ইতিহাসের বিচিত্র গতি। ঈশ্বরের বাগানের ইতিহাস এরকমেরই হয়।

অতীশের বাল্য-কৈশোর জীবন গড়ে উঠেছিল গ্রাম-বাংলায় সহজ সরল আন্তরিক পরিবেশে। যার জীবনের ভিত গড়ে উঠেছে সহজ-সরল বিশ্বাস ও আন্তরিকতায়, সেই লোক কলকাতার কিছু মুখোশধারী মানুষের সাথে পড়ে, চক্রান্তের পর চক্রান্তে বিধ্বস্ত হয়। অবশ্য তার জীবনের শক্ত ভিতই তাকে চক্রান্ত থেকে রক্ষা করে। উপন্যাসে নকশাল প্রসঙ্গ এসেছে আসলে উপন্যাসের কাহিনিসূত্রে নয়, বরং সময়সূত্রে। গোটা 'নীলকণ্ঠ পাখির খোঁজে' সিরিজ

জুড়েই যেহেতু দীর্ঘ সময়ের আখ্যান, তাই শেষ পর্বে ঔপন্যাসিক পশ্চিমবঙ্গের মানুষের নৈতিক ও সামাজিক স্খলনের একটা আভাস দিয়ে কেবল মাত্র সময় পরিণতির কথাই জ্ঞাপন করেছেন না সেইসঙ্গে পরোক্ষে স্বাধীনতা লাভের দীর্ঘদিন পর এক একটা মূল্যায়ণও করতে প্রয়াসী হয়েছেন। কেননা স্বাধীনতা লাভের কুড়ি বছর পরেও দেখা যাচ্ছে দেশ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে যে তিমিরে ছিল সেই তিমিরেই রয়ে গেছে। বরং গরিব আরও গরিব হয়েছে। ধনী আর ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার বজ্রমুষ্টির চাপে নিষ্পেষিত হয়েছে কোটি কোটি মানুষ, গ্রামাঞ্চলে মুষ্টিমেয় ধনী চাষী সব চাষযোগ্য জমির মালিক হয়েছে, আর শিল্প বাণিজ্যের মালিক হয়েছে পঁচাত্তরটি বড় ব্যবসায়িক প্রতিষ্ঠান। বস্তুত এমনই এক পরিস্থিতিতে পশ্চিমবঙ্গের নকশাল বাড়িতে ১৯৬৭ সালে সূচনা হয় সশস্ত্র বামপন্থীর অভিযান বুর্জোয়া শ্রেণির বিরুদ্ধে; যাঁরা গরিব চাষিদের নূন্যতম প্রাপ্তি থেকে, তাদের অধিকার থেকে বঞ্চিত করেছে মূলত তাঁদের বিরুদ্ধে এই সশস্ত্র সংগ্রাম। উপন্যাসে এই নকশালীদের হামলার কথা শোনা গিয়েছে। শোনা গেছে তারা রাজবাড়ির কারখানার ম্যানেজার অতীশ সম্পর্কেও খোঁজ খবর নিয়ে গেছে। কেননা অতীশ উচ্চপদে আসীন। অতীশ ম্যানেজার, ম্যানেজার মানে তো আমলা, আমলা মানে মালিক গোষ্ঠীর বিশ্বাসী-বৌদ্ধিক পরিচালক একই সঙ্গে রক্ষকও। আর সেই মালিকপক্ষ যদি পড়ন্ত রাজা, যদি গণতন্ত্রের নতুন ব্যবস্থার ফাঁকে ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার ধ্বজাধারী হন তাহলে তিনি তো নকশালীদের টার্গেটে হবেনই। এই সূত্রেই হয়তো রাজার নবযুগের আমলা অতীশ নকশালীদের আক্রমণের লক্ষ্য হয়। নকশাল প্রসঙ্গে আমরা তখন সময়টা আঁচ করতে পারি লেখক কোন সময়ের কথা বলেছেন। কেন বলতে চেয়েছেন, তখন সমাজবৃত্তের চেহারাটা কেমন ছিল, তাও ইশারায় দেখিয়েছেন।

অবশেষে উপন্যাসে পূর্ব পাকিস্তানের মুক্তি যুদ্ধের কয়েকটা স্পর্শটি দিয়ে স্বাধীন বাংলাদেশের জন্ম এবং অতীশের স্বদেশ যাত্রার কথা দিয়ে কাহিনিকে যবনিকা টেনেছেন। তবে অতীশ এখানে এসে আবেগতাড়িত হলেও যথেষ্ট প্রাজ্ঞ। আত্মজৈবনিক উপন্যাসের নায়ক অতীশ অতীন বন্দ্যোপাধ্যায়ের আশাবাদের ধ্বজ্জাধারী! তাঁর যেন একটা জন্মান্তর ঘটে গেল। তাই অভিজ্ঞতার আলোকে ধর্ম সম্পর্কে নতুন উপলব্ধি অতীশের— "এখন বুঝি, সহিষ্ণুতা থাকলে ধর্ম। অসহিষ্ণুতা ধর্মকে প্রেতাত্মা করে ছেড়ে দেয়। প্রেতাত্মার তাড়া খেয়ে লক্ষ লক্ষ মানুষ উদ্বাস্তু এদেশে আমরাও।"[৭] বস্তুত অতীশের এই উপলব্ধি শ্বাশত সত্য। কেননা প্রকৃতপক্ষে সকলেই যাযাবর। সে গাছের ছায়ায় বড় হয়, গাছ বড় হয়, সেও বড় হয়, গাছের ছায়া নড়ে। সেও নড়ে। এক জায়গা থেকে আরেক জায়গায়।"[৮] কিন্তু আমরা অধিকাংশ মানুষ ছিন্নমূল হলেই ভাবি যা ছেড়ে এসেছি ওটা কত ভালোছিল, বলে হা পিত্তেশ করি। অতীশও করেছে এরজন্য অনেক মানসিক যন্ত্রণাও ভোগ করেছে। সারা দুনিয়া ঘুরে প্রাপ্ত অভিজ্ঞতা অতীশকে শিখিয়ে দিয়েছে নতুন তত্ত্ব। অতীশ কেয়াকে বলেছে— "দেখ কেয়া, সব মাটিই সবার। তুমি যদি ধর্ম মানো, তবে দেখবে, মানুষের জন্য এ পৃথিবী। মানুষ এখানে আছে থাকবে। আবার সে যেতেও পারে। যেখানে যাবে সেটাই তার আস্তানা। মানুষ তার ঠিকানা বদলাতে সবসময়

ভালোবাসে।"[৯] কেননা মানুষ যাযাবর বিশ্ব পথিক। অখণ্ড চেতনাবোধ যখন মানুষকে ভূমার স্বপ্ন দেখায় প্রকৃত মানুষ সেই বৃহৎকে লাভ করতে বাঁধাধরা গণ্ডীর ভেতর নিজেকে আটকে রাখতে পারে না। এই পথিক তখন বলে বিশ্বের দ্বারে দ্বারে আছে মোর ঘর। আমি মরিতেছি সে ঘর খুঁজিয়া। কেননা ঈশ্বরের বাগানে কোনো ভাগাভাগি নেই, সীমারেখা নেই। অখণ্ডের লীলাই তার পছন্দ, অখণ্ডেই তিনি ধরা দেন। এমন বার্তাতেই ঔপন্যাসিক পঁচিশ বছরের ঘটনাক্রমকে শাশ্বতের দিকে এগিয়ে দিয়েছেন। যেখানে মানুষের আর দেশ হারানোর ভয় থাকে না। অবস্থা অনেকটা রাধিকার ভাব সম্মিলনের মতো। ভাবে চেতনায় এই অখণ্ড চেতনা স্থায়ী আসন লাভ করলে আর খণ্ডিত ঘটনায় পীড়াবোধ জাগে না। ইতিহাসের ঘটনাপ্রবাহকে ঘটনাশ্রয়ী ইতিবৃত্তের অতীত শ্বাশত মানবলোক উত্তীর্ণ করেছেন ট্রিলিজির কথাকার অতীন বন্দ্যোপাধ্যায়।

তথ্যসূত্র :

১) ভট্টাচার্য্য, সুতপা, কেন এমন হল ? গৌর কিশোর ঘোষের উপন্যাস- 'প্রেম নেই', দেশ বিভাগ ও বাংলা উপন্যাস, উদয়চাঁদ দাস ও অরিন্দম চট্টোপাধ্যায় (সম্পাদিত) বর্ধমান বিশ্ববিদ্যালয়-২০০৫, পৃষ্ঠা - ১৫১।

২) বন্দ্যোপাধ্যায়, অতীন, ঈশ্বরের বাগান, কলকাতা : করুণা প্রকাশনী, ২০০৮, পৃ: ২১

৩) তদেব, পৃ: ১৬

৪) সরোজ, বন্দ্যোপাধ্যায়, বাংলা উপন্যাসের কালান্তর, কলকাতা : দে'জ পাবলিশিং, ১৯৯৫, পৃ: ২৯

৫) তদেব, পৃ: ৩৪৬

৬) ভট্টাচার্য, তাপস, বাংলা উপন্যাসে উদ্বাস্তু জীবন, কলকাতা : পুস্তক বিপণি, ১৪১১, পৃ: ৫৮

৭) বন্দ্যোপাধ্যায়, অতীন, পূর্বোক্ত গ্রন্থ পৃ: ৫১১

৮) তদেব, পৃ: ৫২৭

৯) তদেব, পৃ: ৬৮৯

Creatcrit : ISSN 2347-8829
Vol.-7 No.-1, January, 2020
PP 108–115

Renaissance in Bengal and Iswar Chandra Vidyasagar

Ramsankar Pradhan
Asstt. Prof., Dept. of Bengali
Ramananda Sentinary College, Purulia, W.B.

Abstract:

19th century literature and the history of the 19th century society is an important chapter, a living document in the life and culture of the Bengali people. In the beginning of this century the heinous practice such as bride burning was abolished at the initiative of Raja Rammohan Roy and Iswar Chandra Vidyasagar who exposed ill practices prevailed in the society and spread light of knowldge. Vidyasagar in his untiring efforts challenged the age old practice of imposition of restrictions and austerity on the widows and was successful to convince people regarding remarriage of widows. Singular efforts of Vidyasagar gave filip to female education in Bengal and many schools were established during this period for spread of education among women. His dedication towards the cause of women resulted to depracticing polygamy, widow remarriage and encouraged spread of female education that resulted to end of a dark age in Bengal.

Key words : *Bride burning practice, widow remarriage, female education, polygamy, renaissance.*

'ঊনবিংশ শতাব্দী' সাহিত্য তথা সমাজ ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অধ্যায় এবং বাংলা তথা বাঙালির জীবন ও সংস্কৃতির জীবন্ত দলিল। ঊনবিংশ শতাব্দীর শুরুতে রামমোহনের প্রচেষ্টায় সমাজ থেকে সতীদাহ প্রথার অভিশাপ দূরীভূত হয়েছিল। উচ্চ-নীচ সব সম্প্রদায়ের মধ্যে সে কালে সতীদাহ প্রথা প্রচলিত ছিল। হিন্দু বিধবাদের জোর করে সতী হওয়ার জন্য বাধ্য করা হত। কখনো ধর্মীয় কখনো শাস্ত্রের অজুহাত দেখিয়ে বিধবা নারীদের সতী হওয়া যে পূণ্যের কাজ, কিংবা তাতে বংশমর্যদা বৃদ্ধি পাবে— ইত্যাদি কারণ দেখিয়ে সে-কালে সমাজপতিগণ

বিধবাদের সতী হতে বাধ্য করতেন। স্বামীর মৃত্যুর পর বিধবাকে আফিং বা সিদ্ধি জাতীয় মাদক খাইয়ে আচ্ছন্ন করে রাখা হত এবং হাত-পা বেঁধে জোর করে স্বামীর চিতায় তুলে দেওয়া হত। রামমোহন রায় সেই অভিশাপ থেকে বঙালি সমাজকে নিষ্কুলষ করেছিলেন। আর বিদ্যাসাগর মহাশয় অবিদ্যা ও কুসংস্কারের মূঢ় আবরণ উন্মোচন করে সমাজকে জ্ঞানের আলোকের করুণাধারায় স্নাত করেছিলেন।

পড়াশুনায় সুখ্যাতি বিদ্যাসাগর মহাশয়ের আবাল্য। মাত্র পনের বছর বয়সে বিদ্যাসাগর মহাশয় অলঙ্কার শ্রেণিতে প্রেমচাঁদ তর্কবাগীশের সকল ছাত্র অপেক্ষা সর্বোৎকৃষ্ট হয়ে সর্বপ্রধান পারিতোষিক লাভ করেছিলেন, শুধু তাই নয়, বিশ্বনাথ কবিরাজের 'সাহিত্য দর্পণ' - 'কাব্য প্রকাশ', 'রস গঙ্গাধর' প্রভৃতি অলঙ্কার গ্রন্থে তাঁর ব্যুৎপত্তি বিচার করে তৎকালীন বিখ্যাত দর্শন শাস্ত্রবেত্তা জয়নারায়ণ তর্ক পঞ্চানন মহাশয় বিদ্যাসাগরের সম্পর্কে বলেছিলেন, - ''এই বালকের বয়োবৃদ্ধি হইলে বাংলাদেশের মধ্যে অদ্বিতীয় লোক হইবে। এত অল্প বয়সে এরূপ সংস্কৃত ভাষায় ব্যুৎপন্ন লোক আমার কখনও দৃষ্টি গোচর হয় নাই।''[১] এ প্রসঙ্গে আরও একটি বিশেষ ঘটনার কথা আমাদের স্মরণে আসে, যেদিন ১২২৭ সালের ১২ই আশ্বিন মঙ্গলবার বিদ্যাসাগর মহাশয় জন্মগ্রহণ করেন, সেই দিনই বিদ্যাসাগরের পিতামহ রামজয় বন্দ্যোপাধ্যায় মহাশয় তীর্থক্ষেত্র থেকে ফিরে বালক বিদ্যাসাগর সম্বন্ধে যে ভবিষ্যৎ বাণী করেছিলেন তাঁর স্ত্রী দুর্গাদেবীর কাছে তা বিশেষ গুরুত্বপূর্ণ - ''এই বালক ক্ষণজন্মা অদ্বিতীয় পুরুষ ও পরম দয়ালু হইবে এবং ইহার কীর্তি দিগন্ত ব্যাপিনী হইবে। এই বালক জন্মগ্রহণ করায় আমার বংশের চিরস্থায়ী কীর্তি থাকিবে, ইহাকে দেখিয়া আমি চরিতার্থ হইলাম, এ বালক সাক্ষাৎ ঈশ্বরতুল্য, অতএব ইহার নাম অদ্য হইতে আমি ঈশ্বরচন্দ্র রাখিলাম।''[২] ঈশ্বরচন্দ্র ক্ষণজন্মা এবং উনিশ বিশ শতক নয় আজীবন বাঙ্গালীর অদ্বিতীয় পুরুষ হিসাবে পরিগণিত হবেন।

পিতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মাত্র নয় বৎসর বয়সে ঈশ্বরচন্দ্র কলকাতায় আসেন। ১৮২৯ সালের ১লা জুন কলকাতার পটলডাঙ্গার সংস্কৃত কলেজ ভর্তি হন। মাসিক বৃত্তি লাভ করে ঈশ্বরচন্দ্র 'ব্যাকরণ ও কাব্যশাস্ত্রে অদ্বিতীয় পণ্ডিত হয়েছিলেন।'[৩] ছাত্রাবস্থা থেকেই ঈশ্বরচন্দ্র পরোপকারী ও দয়ালু ছিলেন। মাসিক যে বৃত্তি পেতেন তা কলেজের ছাত্রদের ও দরিদ্রদের খাওয়া ও বস্ত্র কেনার কাজে ব্যয় করতেন। কলকাতা থেকে দেশে ফিরলে দুস্থ ও গরিবদের বস্ত্র দান করতেন। মাত্র বাইশ বছর বয়সে সংস্কৃত কলেজ থেকে আইন, বেদান্ত, দর্শন ইত্যাদি বিষয়ে পারঙ্গমতার পরিচয় দিয়ে তিনি সংস্কৃত কলেজের সেক্রেটারি মার্শেল সাহেবের বিশেষ আস্থাভাজন হয়েছিলেন এবং 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেছিলেন। ঐ সময় ১৮৪১ খ্রিস্টাব্দের ডিসেম্বর মাসে ঈশ্বরচন্দ্র মহাশয় ফোর্ট উইলিয়াম কলেজের প্রধান পণ্ডিতের পদ অলঙ্করণ করেন, মাসিক পঞ্চাশ টাকা বেতনে। ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত হওয়ার কারণে ঈশ্বরচন্দ্র সমাজের বৃহত্তর আঙ্গিনায় প্রবেশ করলেন। ফোর্ট উইলিয়াম কলেজের অনেক ইংরেজি জানা লোক এদেশীয় ও বিদেশীয় যেমন ঈশ্বরচন্দ্রের কাছে সংস্কৃত শিক্ষার মানসে উপস্থিত হতেন, তেমনি তত্ত্ববোধিনী সভার মুখ্য প্রচারক অক্ষয় কুমার দত্ত মহাশয় সভায় যেসব প্রবন্ধ প্রচার হবে তার পরিবর্ধন ও পরিমার্জন করে নিতে আসতেন। তৎকালের বহু পণ্ডিত মানুষ

ঈশ্বরচন্দ্রের পাণ্ডিত্যের ও ব্যক্তিত্বের মহিমায় যেমন নতজানু ছিলেন, তেমনি তার করুণার কিরণে সমগ্র সমাজ স্নাত পুতঃ পবিত্র হয়েছিল সন্দেহ নেই। 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থে শিবনাথ শাস্ত্রী এ প্রসঙ্গে বলেছেন— "মানব চরিত্রের প্রভাব যে কি জিনিস, উগ্র-উৎকট ব্যক্তিত্ব সম্পন্ন তেজীয়মান পুরুষগণ ধনবানহীন হইয়াও যে সমাজ মধ্যে কিরূপ প্রতিষ্ঠা লাভ করিতে পারেন তাহা আমরা বিদ্যাসাগর মহাশয় কে দেখিয়া জানিয়াছি। সেই দরিদ্র ব্রাহ্মণের সন্তান, যাঁহার পিতার দশ বার টাকার অধিক আয় ছিল না, যিনি বাল্যকালে অধিকাংশ সময় অর্ধবসনে থাকিতেন, তিনি এক সময় আমাকে বলিয়াছিলেন ভারতবর্ষে এমন রাজা নাই যাহার নাকে এই চটিজুতাশুদ্ধ পায়ে টক করিয়া লাথি না মারিতে পারি। আমি তখন অনুভব করিয়াছিলাম এবং এখনও অনুভব করিতেছি যে তিনি যাহা বলিয়াছিলেন তাহা সত্য, তাঁহার চরিত্রেরই তেজ এমনি ছিল যে তাঁহার নিকট ক্ষমতাশালী রাজারাও নগন্য ব্যক্তির মধ্যে।"[৪] ফোর্ট উইলিয়াম কলেজে থাকাকালীন ১৮৪৬ খ্রীষ্টাব্দে সংস্কৃত কলেজের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীর পদ শূন্য হলে বিদ্যাসাগর মহাশয়কে সে দায়িত্ব ভার নিতে হয় ও পরে ১৮৫১ খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে বিদ্যাসাগরকে সংস্কৃত কলেজের অধ্যক্ষের পদে আসীন হন।

এই সময় বিদ্যাসাগর একদিকে সংস্কৃত কলেজের নানাপ্রকার সংস্কার, যেমন পুস্তকাদি সংরক্ষণ, ব্রাহ্মণ, বৈদ্য ব্যতীত অন্যান্য সম্প্রদায়ের ছাত্রদের জন্য কলেজে পড়ার অনুমতি পত্র প্রদান, শিক্ষার উপযোগী গ্রন্থ প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থায় আধুনিকীকরণ আনার প্রয়াসে দিনরাত চিন্তা ও পরিশ্রমে নিজেকে নিয়োজিত করেছিলেন। আবার অন্যদিকে তাঁর 'বেতাল পঞ্চবিংশতি' যেমন বঙ্গে নবযুগের সূচনা করল তেমনি তাঁর 'জীবন চরিত্র', 'বোধদয়', 'শকুন্তলা'র জনপ্রিয়তা বিদ্যাসাগরের খ্যাতি ও প্রতিপত্তি জনসমাজে বাড়িয়ে দিল। ইতিপূর্বে সংস্কৃত কলেজের গঙ্গাধর তর্কবাগীশ মহাশয়ের বিশুচিকা রোগের চিকিৎসা ও সেবা করেছেন। দর্শন শাস্ত্রের অধ্যাপক জয়নারায়ন তর্ক পঞ্চানন মহাশয়ের বিশুচিকা রোগের চিকিৎসা ও সেবা করেছেন। দর্শন শাস্ত্রের অধ্যাপক জয়নারায়ন তর্ক পঞ্চানন মহাশয়ের ভাগ্নিয়ের ওলাউঠার খবর পেয়ে বিদ্যাসাগর সমাজের শুচি অশুচির তোয়াক্কা না-করে ডাক্তার ডেকে নিজে তার সেবা করে সুস্থ করে তুলেছিলেন। শুধু পরিচিতই নয়, পরিচিত অপরিচিত যে কেউ অসুস্থকে বিদ্যাসাগর যথাসাধ্য চেষ্টা করে সেবা করে তাদের পুনর্জীবন দান করেছেন, তাই তাঁকে অনেকে দেবতা বলে শ্রদ্ধা করত। এই সেবামনস্কতা বিদ্যাসাগরের আবাল্য মনোমধ্যে লালিত হত। তিনি দুস্থ কাউকে দেখলে স্থির থাকতে পারতেন না। বিদ্যাসাগরের সেবাপরায়ণতার কথা বলে শেষ করা যাবে না। ১৮৬৬ সালে দুর্ভিক্ষে যখন খাদ্যের অভাবে মানুষ মৃতপ্রায়, বিদ্যাসাগর কলকাতার কলেজ স্কোয়ারে নিজ হাতে খাদ্য পরিবেশন করেছেন। বীরসিংহে তিনি ঐ দুর্ভিক্ষের সময় অন্নছত্র খোলার ব্যবস্থা করেন। সমাজে তখন জাতপাতের বাছবিচারের কড়াকড়ি, কিন্তু বিদ্যাসাগর কতটা উদার ও এইসব তুচ্ছ জাত-ধর্মের অন্ধকুসংস্কারের ঊর্ধে উঠে তিনি হাড়ি, মুচি, ডোম প্রভৃতি নিচু জাতের গরিব দুঃখিনী মেয়েদের রুক্ষ মাথায় নিজ হাতে তেল লাগিয়ে দিয়ে ছিলেন। এই ঘটনা শুনে পরবর্ত্তীকালে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'বিদ্যাসাগর চরিতে' যে মন্তব্য করেছেন তা আজ একবিংশ শতকেও সমান প্রাসঙ্গিক - "আমাদের হৃদয় যে ভক্তিতে

উচ্ছ্বসিত হইয়া উঠে তাহা বিদ্যাসাগরের দয়া অনুভব করিয়া নহে- কিন্তু তাহার দয়ার মধ্য হইতে যে একটি নিঃসঙ্কোচ বলিষ্ঠ মনুষ্যত্ব পরিস্ফুট হইয়া উঠে, তাহা দেখিয়া আমাদের এই নীচ জাতির প্রতি চিরাভ্যস্ত ঘৃণাপ্রবণ মন ও আপন নিগূঢ় মানবধর্মবশতঃ ভক্তিতে আকৃষ্ট না হইয়া পারে না।"[৫]

বিদ্যাসাগর ঐ দুর্ভিক্ষের সময় অগণিত মানুষকে জীবন দান করেছিলেন। ব্যক্তিগত ভাবে দেশের দুর্ভিক্ষপীড়িত মানুষদের সাহায্য ছাড়াও তিনি সর্বসাধারণের কথা ভেবে তদানীন্তন বর্ধমান ডিভিশনের কমিশনার মনট্রিশর সাহেবের কাছে দরবার করে বহু সরকারী অন্নসত্রের ব্যবস্থা করেছিলেন। মনট্রিসর সাহেব বিদ্যাসাগরকে চিঠি লিখে জানিয়েছিলেন— "The worm acknowledgement of Government for your generous exertious in relieving the poor during the recent scarcity in the Hoogly District"[৬] এরপর বিদ্যাসাগর দেশবাসীর কাছে 'দয়ার সাগর' হিসাবে পরিচিত হলেন। রবীন্দ্রনাথ যথার্থই বলেছিলেন - "অনেক মহৈশ্বর্যশালী রায় বাহাদুর প্রচুর ক্ষমতা লইয়া যে উপাধী লাভ করিতে পারেন নাই, এই দরিদ্র পিতার দরিদ্র সন্তান (বিদ্যাসাগর) সেই দয়ার সাগর নামে বঙ্গদেশে চিরদিনের জন্য বিখ্যাত হইয়া রহিলেন।"[৭]

শিবনাথ শাস্ত্রী বলেছেন - ১৮৫৬ সাল বিদ্যাসাগরের জীবনের শ্রেষ্ঠ সময়। বিদ্যাসাগর দরিদ্রদের দুঃখ নিবারণের জন্য যেমন নিজের সর্বস্ব সমর্পন করতে পারতেন তেমনি সমাজে বিধবা প্রথার নামে অমানবিক কুসংস্কার দূরীকরণের জন্যও হয়েছিলেন বদ্ধ পরিকর। কারণ বহু প্রাচীন কাল থেকেই সহমরণ প্রথাকে সমাজ নিজেদের সুবিধার্থে শাস্ত্রসিদ্ধ প্রথায় রূপান্তরিত করে ফেলেছে। এবং বিধবা নারীগণ সমাজের এক কোণে নিদারুণ অবহেলায় জীবনের সুখ সাচ্ছন্দ্য বিসর্জন দিয়ে নিঃশেষে জীবন অতিবাহিত করবে এটাই ছিল বিধিসম্মত দস্তুর। ঊনবিংশ শতাব্দীতে রামমোহনের ন্যায় বিদ্যাসাগরই 'প্রথম পুরুষ' যিনি সমাজের গণ্ড প্রদেশে প্রোথিত এই জগদ্দল প্রথার বিরুদ্ধাচরণ করে বিধবাদের ব্যর্থ জীবনকে সার্থকতায় উন্নীত করেছিলেন। বিধবাদের প্রতি সমাজের এই বিরূপ ব্যবহার বিদ্যাসাগরকে অনেক অল্প বয়সে পীড়িত করেছিল তখন বিদ্যাসাগর কলকাতায় পিতার কাছে পড়াশুনার নিমিত্ত থাকতেন, — 'বীরসিংহ গ্রামে বিদ্যাসাগর মহাশয়ের একটি বাল্যসহচরী ছিল। সেই সহচরী তাঁর এক প্রতিবেশীর কন্যা। বিদ্যাসাগর মহাশয় তাহাকে বড় ভালোবাসিতেন। বিদ্যাসাগর মহাশয় যখন কলিকাতায় পড়িতে আসেন তখন বালিকার বিবাহ হয়। কিন্তু বিবাহের কয়েকমাস পরে তাহার বৈধব্য ঘটে। বালিকাটি বিধবা হইবার পর বিদ্যাসাগর মহাশয় কলেজের ছুটিতে বাড়িতে গিয়াছিলেন। বাড়ি যাইলে তিনি প্রত্যেক প্রতিবেশীর ঘরে ঘরে জিজ্ঞাসা করিতেন কে কি খাইল ? ইহাই তাঁহার স্বভাব ছিল। এবার গিয়া জানিতে পারিলেন তাহার বাল্যসহচরী কিছু খায় নাই, সেদিন তাহার একাদশী ঃ বিধবাকে খাইতে নাই। একথা শুনিয়া বিদ্যাসাগর কাঁদিয়া ফেলিলেন। সেদিন হইতে তাঁহার সংকল্প হইল বিধবাদের এ দুঃখ মোচন করিব। যদি বাঁচি তবে যাহা হয়, একটা করিব। তখন বিদ্যাসাগর মহাশয়ের বয়স ১৩/১৪ বৎসর মাত্র হইবে।"[৮]

বিদ্যাসাগরের একক আন্তরিক প্রচেষ্টায় এ বঙ্গে নারীশিক্ষার প্রসার ঘটেছিল। পুরুষদের জন্য তো বটেই, শুধু মেয়েদের জন্যই বাংলাদেশে বহু স্কুল তাঁর প্রচেষ্টায় প্রতিষ্ঠিত হয়েছিল। এরই সঙ্গে সঙ্গে বহু বিবাহ রদ ও বিধবাবিবাহ প্রবর্তনের সংকল্প রূপায়নের মধ্য দিয়ে তিনি বাংলাদেশ এক অভিশপ্ত যুগের অবসান ঘটিয়েছিলেন। একদা ভগবতী দেবী ও ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় তাঁদের কোনো আত্মীয়ের দ্বাদশবর্ষীয়া বিধবা কন্যাকে দেখে বিদ্যাসাগরের কাছে আক্ষেপ করে বলেছিলেন "বিধবা বালিকার পুনর্বার বিবাহ বিধি কি ধর্মশাস্ত্রের কোন স্থলে কিছু লেখা নাই? শাস্ত্রকারেরা কি এতই নির্দয় ছিলেন।"[৯] পিতামাতার আক্ষেপ বিদ্যাসাগরকে অনন্তর দগ্ধ করেছিল সন্দেহ নেই, সে কারণে তিনি পিতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়কে বলেছিলেন যে, বেদ, পুরাণ, স্মৃতিশাস্ত্র পাঠে তাঁর এই বিশ্বাস জন্মেছে যে, বিধবাবিবাহ শাস্ত্র সিদ্ধ, এতে কোনো সন্দেহ নেই। ইতিপূর্বে ডিরোজিও সাহেবের শিক্ষাগুরু ডেভিড ড্রামড তাঁর সম্পাদিত 'উইকলি এগজামিনার' পত্রিকায় ২রা মে ১৮৪০ সংখ্যায় 'কুলীন ব্রাহ্মণস' নিবন্ধে লিখেছিলেন 'লর্ড উইলিয়াম বেণ্টিংক দ্বারা প্রণীত 'সতীদাহ প্রথা' রদকারী আইনটি আজ সর্বজন প্রশংসিত কিন্তু সবদিক বিচার করে নিশ্চিত করে বলা যাচ্ছে না, এই প্রথার অবলুপ্তিতে নারী জাতির কোন মঙ্গল হয়েছে কিনা?

সতীদাহ প্রথার রদ হওয়ার ফলে যে বিধবারা নিশ্চিত মৃত্যুর হাত থেকে রক্ষা পেলেন, তাদের সমাজ ও সংসারের চোখে সসম্মানে পুনর্বাসনের ব্যবস্থা যদি লর্ড উইলিয়াম বেণ্টিংঙ্ক ও তার সরকারের দ্বারা সম্ভব হত তবে এই আইনের উদ্দেশ্য ও ফলাফল যথার্থই সুফলদায়ী হত। আজ মৃত্যুর হাত থেকে রক্ষা পেয়ে অসহায় বিধবারা অন্তরালবর্তী হয়ে অতিশয় কষ্টে দিন কাটাচ্ছেন।"[১০]

বিদ্যাসাগর বিধবাদের এই অসহায় নিদারুণ যন্ত্রণার শরিক হয়ে ছিলেন বলেই প্রথমে 'সর্বশুভকরী' পত্রিকায় 'বাল্য বিবাহের দোষ' প্রসঙ্গে লিখলেন - "পতি বিয়োগ দুঃখের সহ সকল দুঃসহ দুঃখের সমাগম হয় উপবাস দিবসে পিপাসা নিবন্ধে কিংবা সাংঘাতিক রোগানুবন্ধে যদি তাহার প্রাণাপচয় হইয়া যায় তথাপি নির্দ্দয় বিধি তাহার নিঃশেষ নিরস রসনাগ্রে গণ্ডুষমাত্র বারি বা ঔষধ দানেরও অনুমতি দেন না।"[১১] ফলে সমাজ থেকে এই অভিশাপ নির্মূল করতে হলে, যে শাস্ত্রের দোহাই দিয়ে সমাজপতিগণ বিধবাদের নরকুণ্ডে নিক্ষেপ করছে, সে শাস্ত্রের বিধানেই যে এর প্রতিকারের কথা আছে তা সমাজ-সমক্ষে গোচর করার দায়িত্ব বিদ্যাসাগর নিলেন। ইতিপূর্বে ইয়ংবেঙ্গল সম্প্রদায় 'জ্ঞানান্বেষণ' ও বেঙ্গল 'স্পেক্টেটর' পত্রিকায় ১৮৪২ সাল থেকে বিধবা বিবাহের বিধান গোচরীভূত করেলেন। ১৮৫৫ সালের কার্তিক মাসে বঙ্গভাষায় অনুবাদ সহ 'বিধবা বিবাহের ব্যবস্থা' পুস্তক প্রচার করেন। 'বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিৎ কিনা' এই প্রস্তাবে সমগ্র ভারত জুড়ে আন্দোলন ও আলোচনা চলতে লাগল। কেউ কেউ বিদ্যাসাগরকে কুৎসিৎ গালাগালিও দিলেন, কিন্তু পুরাকালে বিধবা বিবাহ চালু ছিল। শাস্ত্রের কথা 'পরাসর সংহিতা' থেকে উদ্ধৃত করে বিদ্যাসাগর বললেন—

"গতে মৃত প্রব্রজিতে ক্লীবেচ পতিতে পতৌ
পঞ্চস্বাপৎসু নারীনাং পতিরন্যো বিধীয়তে।"

এর অর্থ মনে হয় এই রূপ 'Women arear liberty true marry again if their husbands be not heard of, die retired from the world, proof to be eunuchs of become patitas' (Bengal Spectator 1842)

ধর্মশাস্ত্রের বিচার দিয়ে বিদ্যাসাগর মহাশয়কে সেকালের তাবড় তাবড় ধর্মবেত্তার সঙ্গে সমালোচনার ধর্ম যুদ্ধে অবতীর্ণ হতে হয়েছিল। শেষ পর্যন্ত বিদ্যাসাগরের জয় হয়েছিল। প্রায় দুই সহস্র লোকের স্বাক্ষর সম্বলিত বিধবা বিবাহের সপক্ষের আবেদন বিদ্যাসাগর মহাশয় জমা করলেন হোম ডিপার্টমেণ্টের স্যার সিসিলি বীডন এবং সুপ্রীম কাউসিলর মেম্বর হেলিডে সাহেবের কাছে। অন্যদিকে রাধাকান্ত দেবের মতো প্রভাবশালী ব্যক্তিগণ ১৮৫৬ সালের ১৭ ই মার্চ বিধবা বিবাহের আইন যাতে না-পাশ হয় সেজন্য প্রায় ৩৩০০ জনের স্বাক্ষর সহ আবেদন পত্র জমা করেন। শেষ পর্যন্ত গ্র্যান্ড সাহেবের সহায়তায় ১৮৫৬ সালের ১৩ই জুলাই 'বিধবা বিবাহ' আইন পাশ হল। যা '১৮৫৬ সালের ১৫ই আইন' নামে প্রসিদ্ধ হল। বিদ্যাসাগরের নামে সমস্ত বাংলা তথা ভারতবর্ষে ধন্য ধন্য পড়ে গেল। বিদ্যাসাগরের নামে গান রচিত হল 'বেঁচে থাক বিদ্যাসাগর চিরজীবী হয়ে।'

এই প্রসঙ্গে আর একটি বিষয় উল্লেখের অপেক্ষা রাখে, বিশ শতকের সাহিত্যে ছদ্মনাম গ্রহণের প্রবণতা বেড়েছে, ছদ্মনামের আড়ালে নিজেকে গোপন করার মানসিকতার পাশাপাশি যুক্ত হয়েছিল কোন নতুন দৃষ্টিভঙ্গিতে জগৎ ও জীবনকে দেখার সচেতন প্রয়াস। প্রমথ চৌধুরীর 'বীরবল', রাজশেখর বসুর 'পরশুরাম', সমরেশ বসুর 'কালকূট' ইত্যাদি ছদ্ম নাম গ্রহণে জগৎ ও জীবনকে নতুন দৃষ্টিতে দেখার প্রবণতা মুখ্য হয়ে উঠেছে। ঊনবিংশ শতাব্দিতে বঙ্কিমচন্দ্রও মুখ্যত একটি নতুন দৃষ্টিভঙ্গিতে জগৎ ও জীবনকে দেখার প্রবণতা থেকেই 'কমলাকান্ত' চরিত্রটি সৃষ্টি করেছিলেন। বিদ্যাসাগর মহাশয়ও ছদ্মনাম গ্রহণ করেছিলেন। বঙ্কিমচন্দ্রের কমলাকান্ত যেখানে আপাত সংসার বিমুখ, সমাজের অসংগতিগুলোকে দেখেন ও বোঝেন কিন্তু তাকে সংশোধন করার দায় এড়িয়ে চলেন; সেখানে বিদ্যাসাগর সমাজের অন্যায় অসংগতির সত্যরূপ উন্মোচন করে সমাজপতি তথা সমাজের সংস্কার সাধন করেন। বঙ্কিমের কমলাকান্ত সংসার বিমুখ, আফিংখোর, পাগল, সমাজবিচ্ছিন্ন। তার কথায় ব্যাঙ্গ-বিদ্রুপ আছে কিন্তু তা শেষ পর্যন্ত 'পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়' গোছের আপ্ত বাক্যে কমলাকান্তকে সকলে হয় করুণা বা অবহেলা করে। কিন্তু বিদ্যাসাগর মহাশয় স্বনামে ও ছদ্ম নামে 'কস্যচিৎ উপযুক্ত ভাইপোয্য', 'কস্যচিৎ তত্বান্মেষিণঃ' 'কস্যচিৎ উপযুক্ত ভাইপোয্য সহচরস্য' ছদ্মনামে 'অতি অল্প হইল', 'আবার অতি অল্প হইল', 'ব্রজবিলাস', 'রত্নপরীক্ষা' পুস্তিকা গ্রন্থগুলিতে তাঁর স্বকালে বিধবা বিবাহ সংক্রান্ত বিষয়ে সমাজপতি তথা তথাকথিত স্বার্থান্বেষী পণ্ডিতদের অনৈতিক বিধানের প্রতিবাদ করে সমাজকে সঠিক দিশা দেখিয়েছিলেন।

তাই গৃহস্থে, নগরে, গ্রামে বিদ্যাসাগরের নামে বিজয়ধ্বনি ঘোষিত হল। বিধবাগণ পুনরায় সংসার জীবনের স্বপ্ন দেখে বিদ্যাসাগরকে আশীর্বাদ দান করলেন। তিনি সেকালে বিধবাদের জন্য নির্দিষ্ট মাসোহারা বা ভাতাব্যবস্থা প্রচলন করেছিলেন। আজ একবিংশ শতাব্দিতে বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের প্রাচীন সিন্দুক থেকে প্রাপ্ত সেই নথি তার উজ্জ্বল সাক্ষ্য বহন করে। শুধু আইন

প্রণয়নই নয় - ১২৬৩ বঙ্গাব্দের ২৪শে অগ্রহায়ণ সর্বপ্রথম মহাসমারোহে কলকাতার সুকিয়া স্ট্রিটে শ্রীশচন্দ্র বিদ্যারত্নের সঙ্গে বিধবা কালিমতী দেবীর বিবাহ সম্পন্ন হয়। কিশোরী চাঁদ মিত্রের মতে— 'আমাদের দেশের ইতিবৃত্তে নবযুগের প্রারম্ভ।' (যদি চিনি যদি জানিবারে পাই)। ১২৬৩ সালে ২৫শে অগ্রহায়ণ মাসে নদীয়ার কৃষ্ণমোহন বিশ্বাসের সঙ্গে কলকাতার ঈশানচন্দ্র মিত্রের বিধবা কন্যা থাকমনি দাসীর বিবাহ হয়, ঐ সালেই রামসুন্দর ঘোষের বিধবা কন্যা গোবিন্দমনি দাসীর সঙ্গে ২৪পরগনার দুর্গানারায়ণ বসুর বিবাহ এবং পর পর বিধবাদের বিবাহে সমাজে বৈধব্যের মরা গাঙ্গে বিদ্যাসাগর জীবনের জয়তরী ভাসিয়ে দিলেন।

আজ এই আন্দোলনের কথা গুলো দু-শত বছর পরে আমরা গল্পের মতো হয়তো শুনে তৃপ্ত হচ্ছি, কিন্তু বিদ্যাসাগরকে এই কঠিন পথ বহু প্রতিকূলতা ও প্রতিবন্ধকতা জয় করতে হয়েছে। সাহিত্যের ছাত্র মাত্রই জানেন যে বিদ্যাসাগর মহাশয়ের এই বিধবাবিবাহ প্রবর্তন নীতিবাগীশ বঙ্কিমচন্দ্রও সমর্থন করেননি। 'বিষবৃক্ষে' বলেছিলেন - "ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর নামে কলিকাতায় কে নাকি বড় পণ্ডিত আছেন তিনি আবার একখানি বিধবাবিবাহের বহি বাহির করিয়াছেন। যে বিধবা বিবাহের ব্যবস্থা দেয়, সে যদি পণ্ডিত হয়, তবে মূর্খ কে?"[১২] কিন্তু বিদ্যাসাগরের অদম্য সাহস ও চরিত্রের অনমনীয় দৃঢ়তার কাছে সব প্রতিবন্ধকতা দূর হয়।।

আজ একবিংশ শতাব্দীতে বসে ভাবতে অবাক লাগে বিদ্যাসাগর একক মহিমায় সমগ্র ঊনবিংশ শতাব্দীর শিক্ষা, সংস্কৃতি, নারী প্রগতি, বিধবাবিবাহ ইত্যাদি ভারতীয় সমাজ আন্দোলনকে শুধু নিয়ন্ত্রণই করেননি সমাজ মনে জ্ঞানের ও প্রেমের সঠিক দিশা দেখিয়েছিলেন। বাঙালী জাতি যতদিন থাকবে বিদ্যাসাগরের অবদান উত্তরোত্তরকালে আরও প্রাসঙ্গিক ভাবে প্রতীয়মান হবে। কিন্তু মূঢ় অশিক্ষিত বর্বর লোকসমাজে তখনও ছিল, যারা বিদ্যাসাগরের গায়ে কালিমা লেপন করতে সদা সচেষ্ট ছিলেন। আজও তাদের দেখা যায় এই একই কর্মে লিপ্ত হতে না-হলে মেট্রোপলিটন ইস্টটিটিউশন যা বিদ্যাসাগর মহাশয় বাঙালি দরিদ্র ছাত্রদের জন্য নিজ হাতে গড়ে তুলেছিলেন, তাদের স্বাধীন ভাবে উচ্চশিক্ষা ও ইংরাজি শিক্ষা দানের জন্য যাতে সমাজের আবিলতা দূর হয়। ন্যায় শিক্ষায় সমাজকে এই প্রতিষ্ঠানে তিনি বর্ণপরিচয় দান করেছিলেন; ঐ প্রতিষ্ঠান বা আজ 'বিদ্যাসাগর কলেজ' নামে প্রসিদ্ধ, সেই কলেজেই সম্প্রতি বিদ্যাসাগর মহাশয়কে ভূলুণ্ঠিত হতে হয়েছে কিছু হীন, ক্ষুদ্রমতি, রাজনৈতিক ব্যবসায়ীর হাতে। এর থেকে বাঙালি জাতির বড় অভিশাপ আর কি হতে পারে? সমস্ত বাঙালি জাতির আজ লজ্জায় মরমে অবনত হওয়া উচিৎ এই মহামানবের পদতলে। তবেই হয়তো এই চরম পাপের খানিকটা প্রায়শ্চিত্ত হতে পারে। আমাদের বিশ্বাস তাদের অসৎ উদ্দেশ্য অচিরেই নষ্ট হবে। বিদ্যাসাগর আমাদের অন্তরে ও শিরোপরে সর্বদা থাকুন, আমরা ওনার কীর্তি শুনে ও বলে যদি সমাজের আঙ্গিনায় একটু হলেও মুক্ত বায়ু প্রবাহিত করতে পারি তবে আমাদের জীবন ধন্য হবে।

বিদ্যাসাগর সম্পর্কে সত্যেন্দ্রনাথ দত্তের কবিতার কয়েকটি পংক্তি দিয়ে আমার 'সাগর তর্পন' এখানে সমাপ্ত করি

"তেমন মানুষ না পাই যদি খুঁজব তবে হায়
ধুলায় ধূসর বাঁকা চটি ছিল যা ওই পায়

সেই যে চটি উচ্চে যাহা উছঠত এক এক বার
শিক্ষা দিতে অহংকৃতে শিষ্ট ব্যবহার।

শাস্ত্রে যারা শস্ত্র গড়ে হৃদয় বিদারণ।
তর্ক যাদের অর্কফলার তুমুল আন্দোলন
বিচার যাদের যুক্তবিহীন অক্ষরে নির্ভর
সাগরের এই চটি তারা দেখুৰ নিরন্তর।
দেখুক এবং স্মরণ করুক সব্যসাচীর রণ
স্মরণ করুক বিধবাদের দুঃখ মোচন পণ
স্মরণ করুক পাণ্ডা রূপী গুণ্ডাদিগের হাত
বাপ মা বিনা দেবতা সাগর মানেই নাকো আর।

অদ্বিতীয় বিদ্যাসাগর মৃত্যু বিজয় নাম
ঐ নামে হায় লোক করেছে অনেক ব্যর্থ কাম।"[১৩]

তথ্যসূত্র :

১) শম্ভুচন্দ্র বিদ্যারত্ন, বিদ্যাসাগর জীবনচরিত ও ভ্রমনিবাস, কলকাতা : চিরায়ত প্রকাশন - ২০০৮ - পৃ - ১৯
২) তদেব, পৃ - ৭
৩) তদেব, পৃ - ১৭
৪) বিদ্যাসাগর চরিত - চারিত্র পূজা - রবীন্দ্র রচনাবলী - একাদশ খণ্ড - আগস্ট - ১৯৮৯
৫) ইন্দ্র মিত্র, করুণা সাগর বিদ্যাসাগর - কলকাতা : আনন্দ পাবলিশার্স ২০০৯ - পৃ. - ২৮
৬) বিদ্যাসাগর চরিত - চারিত্র পূজা - রবীন্দ্র রচনাবলী - একাদশ খণ্ড - আগস্ট - ১৯৮৯
৭) শক্তিসাধন মুখোপাধ্যায়, যদি চিনি যদি জানিবারে পাই, কলকাতা : গ্রন্থ মিত্র - ২০০৯ - পৃ - ৩০৮
৮) শম্ভুচন্দ্র বিদ্যারত্ন - পূর্বোক্ত গ্রন্থ - পৃ. - ৪৫
৯) শক্তিসাধন মুখোপাধ্যায় - পূর্বোক্ত গ্রন্থ পৃ. - ৩০৯
১০) তদেব, - পৃ. ৩০৮
১১) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বিষবৃক্ষ - বঙ্কিম উপন্যাস সমগ্র - সম্পাদক : কাঞ্চন বসু - কলকাতা : রিফ্লেক্ট পাবলিকেশন
১২) সত্যেন্দ্রনাথ দত্ত, কাব্য সঞ্চয়ন - কলকাতা : এম. সি. সরকার এণ্ড সন্স - ১৯৬০ - পৃ ২৫-২৬

Creatcrit : ISSN 2347-8829
Vol.-7 No.-1, January, 2020
PP 116–124

Kudrat Rangibirangi A Study of Kumar Prasad Mukhopadhyaya's Work on Music

Samarpita Chatterjee (Mukherjee)
Research Scholar, Dept. of Bengali
Visva-Bharati University, Santiniketan, W.B.

Abstract:

Kumarprasad Mukhopadhyaya (1927-2006), an exponent of Agra Gharana has secured his place in the world of music by penning a number of works on music. 'Kudrat Rangibirangi' published in 1995 A.D. is not only well received by the lovers of music but also among common readers who have even minimum interest in music. Various issues in Hindustani Sastriya Sangeet, incidents, picture of time, musical personalities and their life style, author's own experience etc. find place in this work. As such this work has contributed a lot to the growth of music in Bangla language. The style and expression as found in this work, movement of its matter, emotion expressed here are almost unique in any work so far published works. This paper aims to discuss all these features and analyses the same.

Key words :*music, emotion, style, gharana, sastriya.*

বাংলা ভাষায় শাস্ত্রীয় সঙ্গীত বিষয়ক বহু লেখনী আছে। কিন্তু এটা সর্বজনবিদিত যে সঙ্গীত সংক্রান্ত লিখতে আবেগ, উদ্দীপনা, জ্ঞান ও গভীর চিন্তাধারা ও সঙ্গীতের রসাস্বাদেনর প্রয়োজন আছে। সঙ্গীতের ভাষা, তাল ও সুর এবং ছন্দকে বোধগম্য করার জন্য অন্তদৃষ্টি সম্পন্ন চিন্তা-ভাবনা ও জ্ঞান ইত্যাদি উপাদান গুলি অতি প্রয়োজনীয় বা অপরিহার্য্য। এমন সমস্ত গুণসমৃদ্ধ বা ক্ষমতাসম্পন্ন মানুষেরা সঙ্গীতের ভাষা, শব্দ ও ধ্বনির মধ্যে সামঞ্জস্যপূর্বক সাদৃশ্য সহ সঙ্গীত লেখনীকে যথাযথ ভাবে সাহিত্যে উপনীত করেন।

ঊনিশ শতকের সময়কালে কলকাতা ও তৎসংলগ্ন বিভিন্ন স্থানে বেশ কিছু সংখ্যক ছাপাখানা বা মুদ্রণালয় স্থাপিত হয় (গুপ্তা ৩৩)। সেই মুদ্রণালয়গুলি বাংলা সহ অন্যান্য ভাষায়

গ্রন্থ প্রকাশ করেছিল। দেখা যায় যে, ১৯০০ খ্রিস্টাব্দ সময়কালে কলকাতার ছাপাখানাগুলি সঙ্গীতের আনুমানিক ৮০টি নতুন বাংলা বই মুদ্রিতাকারে প্রকাশ করে। প্রমাণ পাওয়া যায়, ১৮৮০ থেকে প্রায় ১৯০৫ খ্রি. অবধি বাংলা ভাষায় সঙ্গীতের নানা বই প্রকাশিত হয়েছিল। সঙ্গীতজ্ঞ রাধামোহন সেন দাসের বাংলায় রচিত বই 'সঙ্গীত তরঙ্গ' ১৮১৮ খ্রি. তে প্রকাশিত হয় এবং বইটিতে হিন্দুস্থানী সঙ্গীতের সহজভাবে বিভিন্ন অঙ্গের বর্ণনা সহ কিছু সঙ্গীত সংগ্রহেরও লিপিবদ্ধ ছিল। ১৮৪৩ খ্রি. কৃষ্ণানন্দ ব্যাস সম্পাদিত সঙ্গীতের অভিধান 'সঙ্গীত রাগকল্পদ্রুম' প্রকাশিত হয়। এই বইটি প্রথমে সংস্কৃত ও পরে হিন্দী ও বাংলায় অনুবাদ করা হয়; বইটি বাংলা ভাষায় অনুবাদ করেন নগেন্দ্রনাথ বসু। পরে বইটি বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়, যেটিতে বিভিন্ন ধ্রুপদ, খেয়াল, সংস্কৃত শ্লোক, রাগের বৈশিষ্ট্য ও ব্যবহার ইত্যাদি সম্পর্কে লেখা ছিল (চৌধুরী ১৬-১৭)। পরবর্তী সময়কালে জগন্নাথ প্রসাদ বসুমল্লিক বাংলা ভাষায় কিছু সঙ্গীত সম্বন্ধিত গ্রন্থ রচনা করেন। ১৮৪৪ খ্রি. তে তাঁর উল্লেখযোগ্য কাজ 'সঙ্গীত রস মাধুরী' প্রকাশিত হয়। সেখানে বিভিন্ন বিষয় আশ্রিত নানা রসাসিক্ত ভক্তিমূলক, প্রেমধর্মী বাংলা গান ছিল, এবং নানা রাগ ও তাল-ভিত্তিতে সেগুলি বর্ণানুক্রমে সজ্জিত করা ছিল। সেখানে সঙ্গীত সাহিত্য বিষয়ক ১০ পৃষ্ঠার একটি মুবদ্ধ ছিল (উইলিয়ামস ৪৬৫-৪৭০)। লেখক নবীনচন্দ্র দত্ত রচিত 'সঙ্গীত রত্নাকর' (আনুমানিক ১৮৭২ খ্রি. প্রকাশিত) গ্রন্থে ৫ টি অধ্যায়ে স্বর, বিভিন্ন রাগ, দণ্ডমাত্রিক স্বরলিপি, বাদ্যযন্ত্র, নৃত্য ইত্যাদি বিষয়ে লেখা ছিল। ১৯ শতকের তৃতীয় দশকে প্রকাশিত হয় বাংলার টপ্পার বিখ্যাত শিল্পী নিধুবাবু বা রামনিধি গুপ্তের রচিত টপ্পার বই 'রসিক মনরঞ্জনী'। কবি মাইকেল মধুসূদনের সমসাময়িক কৃষ্ণধন ব্যানার্জী রচিত 'গীত সূত্রসার' এর ২টি খণ্ডের প্রথম খণ্ডে সঙ্গীতের ইতিহাস ও দ্বিতীয় খণ্ডে নানা সঙ্গীতের স্টাফ নোটেশন ছাপা হয়। ১৯ শতকের শেষের দিকে পাথুরিয়াঘাটার ঠাকুর পরিবারের সঙ্গীতজ্ঞ, সঙ্গীত-পৃষ্ঠপোষক ও গবেষক স্যার সৌরীন্দ্রমোহন ঠাকুর, ইংরাজি ও বাংলা ভাষায় অজস্র গ্রন্থ লিখেছিলেন। সৌরীন্দ্রমোহনের সাথে তাঁর সমসাময়িক ক্ষেত্রমোহন গোস্বামীও কিছু সঙ্গীত পাণ্ডুলিপি তৈরিতে অংশ নেন। এমনকি ক্ষেত্রমোহনবাবু বেশ কিছু সঙ্গীত গ্রন্থ রচনাও করেন, তার মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য - 'সঙ্গীতসাৰ' (প্রকাশকাল-১৮৯০ খ্রি.) যেখানে গৎ, প্রচলিত ও অপ্রচলিত রাগের নানা দণ্ডমাত্রিক স্বরলিপি ইত্যাদি ছিল। বিশ শতকে সঙ্গীতের বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রন্থ, যা বাংলা ভাষায় প্রকাশিত হয় ও সর্বমান্যতা পায়, সেগুলির মধ্যে উল্লেখযোগ্য হল - স্বামী অভেদানন্দের শিষ্য - সঙ্গীত ইতিহাসবিদ, দার্শনিক, সঙ্গীতজ্ঞ, রামকৃষ্ণ বেদান্ত মঠের সন্ন্যাসী স্বামী প্রজ্ঞানন্দের রচিত উল্লেখযোগ্য সঙ্গীত গ্রন্থ - 'সঙ্গীত ও সংস্কৃতি' (২টি খণ্ড ভারতের বৈদিক যুগ থেকে ইতিহাস) 'রাগ ও রূপ' (২টি খণ্ডতে বিভিন্ন রাগ-রাগিনী ও তার উৎপত্তি সম্পর্কে নানা ব্যাখ্যা), 'ধ্রুপদমালা' (এতে ধ্রুপদ সংক্রান্ত নানা তথ্য ছিল) প্রভৃতি। বিষ্ণুপুর ঘরানার বিভিন্ন সঙ্গীতজ্ঞরাও বাংলা সঙ্গীত লেখনীতে কণ্ঠ ও বাদ্য সঙ্গীতের নানা ধ্রুপদ, গৎ ইত্যাদি রচনায় দক্ষতা রেখেছিলেন— তাঁদের মধ্যে গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সুরেন্দ্রনাথ

বন্দ্যোপাধ্যায় প্রমুখেরা বিশেষ উল্লেখযোগ্য। ময়মনসিংহের গৌরীপুরের সঙ্গীতপ্রেমী পৃষ্ঠপোষক জমিদার ব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী রাগ বিষয়ক তথ্য সমৃদ্ধ 'স্বরপ্রকরণ' গ্রন্থ সংকলন করে প্রকাশিত করেন। তাঁর সঙ্গীতপ্রেমী পুত্র রবাব, সুর শৃঙ্গার বাদক ও সঙ্গীতজ্ঞ বীরেন্দ্রকিশোর রায়চৌধুরীর রচিত 'প্রাচীন ভারতের সঙ্গীত চিন্তা' গ্রন্থে প্রাচীন হিন্দুস্তানী সঙ্গীত সম্বন্ধিত বিস্তারিত তথ্য ছিল। সঙ্গীতজ্ঞ দিলীপকুমার মুখার্জীর 'সঙ্গীতের আসরে' ও 'আসরের গল্প' বইতে নানা সঙ্গীত অনুষ্ঠান ও 'বিষ্ণুপুর ঘরানা' বইতে বিষ্ণুপুর শৈলীর সম্বন্ধে বিশদে লেখা ছিল। প্রখ্যাত সঙ্গীতজ্ঞ ড. বিমল রায় বিভিন্ন সঙ্গীত পুস্তক রচনা করেছিলেন। তাঁর একটি উল্লেখযোগ্য শাস্ত্রীয় সঙ্গীত গ্রন্থ 'ভারতীয় সঙ্গীত প্রসঙ্গ' (চৌধুরী ১৬-২২)। এ ছাড়া বাংলা ভাষায় সঙ্গীত সম্পর্কিত গ্রন্থ বহুজনেই লিখেছেন। তাদের মধ্যে কিছু উল্লেখযোগ্য লেখকরা হলেন - রাজ্যেশ্বর মিত্র, ধূর্যটিপ্রসাদ মুখোপাধ্যায়, দীপালি নাগ প্রমুখ। সঙ্গীতজ্ঞা ড. উৎপলা গোস্বামী (জন্ম ১৯৪৩ খ্রি.) সাঙ্গীতিক গবেষণামূলক গ্রন্থ, প্রবন্ধ ইত্যাদি রচনা ও সম্পাদনা করেছিলেন, তার দুইটি উল্লেখযোগ্য গ্রন্থ 'ধ্রুপদ ও খেয়ালের উৎপত্তি ও ক্রমবিকাশ', 'ভারতীয় উচ্চাঙ্গ সংগীতের উৎপত্তি ও ক্রমবিকাশের ধারা' ইত্যাদি। সাম্প্রতিক কালেও বাংলা ভাষায় সাঙ্গীতিক নানা গ্রন্থ, প্রবন্ধ, গবেষণামূলক বিভিন্ন লেখনী প্রকাশিত হয়েই চলেছে। বর্তমান গবেষণা পত্রে কুমারপ্রসাদ মুখোপাধ্যায় (১৯২৭-২০০৬ খ্রি.) রচিত একটি জনপ্রিয় গ্রন্থ 'কুদ্‌রত্ রঙ্গিবিরঙ্গী' সম্বন্ধে দৃষ্টি নিবন্ধ করা হয়েছে। কুমারপ্রসাদ মুখোপাধ্যায় ছিলেন রবীন্দ্রলাল রায়, মুশতাক হুসেন খাঁ, আতা হুসেন খাঁ এবং লতাফৎ হুসেন খাঁয়ের প্রত্যক্ষ শিষ্য এবং আগ্রা ঘরানার ফৈয়াজ খাঁয়ের গায়কী দ্বারা প্রভাবিত আগ্রা শৈলীর সঙ্গীতজ্ঞ।

'কুদ্‌রত্ রঙ্গিবিরঙ্গী' বইটি হিন্দুস্তানী শাস্ত্রীয় সঙ্গীত পরম্পরায় বিভিন্ন ব্যক্তি বা ঘটনাকে কেন্দ্র করে তথ্যপূর্ণ, বাস্তবিক, চিত্তাকর্ষক, কৌতুহল উদ্দীপক কাহিনীর উপাখ্যান। বইটি রোমাঞ্চকর ও কৌতুকের রসবোধ বা রসিকতাবোধ সমৃদ্ধ। বইটির লেখনীতে সহজ সরল স্পষ্ট ভাষায় প্রয়োগ, বইটিকে সর্বস্তরের পাঠকের কাছে আকর্ষণীয় করে তোলে। সর্বপ্রথম এটি বাংলা 'দেশ' পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়। ১৯৯৫ সালে এটি গ্রন্থরূপে প্রকাশিত হয় কলকাতার আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড থাকে। গ্রন্থটি ১৪০৩ বঙ্গাব্দে 'রবীন্দ্র পুরস্কার' পায়।

হিন্দুস্তানী সঙ্গীত সম্পর্কেও দুই ধরনের লেখা পাওয়া যায়। একটি হল স্বরলিপি সহ নানা বন্দিশের সংগ্রহ, আর অপরটি হল সঙ্গীতের ইতিহাস বা সঙ্গীতজ্ঞদের জীবনী ও সময়কাল সম্বন্ধিত লিখনী। 'কুদ্‌রত্ রঙ্গিবিরঙ্গী' বইটিতে কুমারপ্রসাদ মুখোপাধ্যায় এই দুইটি ধারাকে একত্রিত করতে সক্ষম হয়েছেন অতি সার্থক ভাবে। প্রসঙ্গত, কুমারপ্রসাদ মুখোপাধ্যায়ের পিতা ধূর্যটিপ্রসাদ মুখোপাধ্যায় সমাজ বিজ্ঞানের একজন স্বনামধন্য ব্যক্তিত্ব ছিলেন ও সঙ্গীত বোদ্ধা তথা সঙ্গীত সমালোচক রূপেও প্রসিদ্ধ ছিলেন (দত্ত)। কুমারপ্রসাদের রক্তে সঙ্গীত সাহিত্য লেখনীতে সেই পারিবারিক সু-লেখনীর ধারাখানি প্রবাহিত হয়েছিল। তাই কুমারপ্রসাদের

লেখনীর ধারাটি উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত বললেও ভুল হয় না। কুমারপ্রসাদের 'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী'তে শাস্ত্রীয় সঙ্গীতের ইতিহাস, বিকাশ, সঙ্গীতের উপর সামাজিক ও সাংস্কৃতিক তথা রাজনৈতিক প্রভাব এবং তাৎকালীন সমাজ দর্পণ ইত্যাদির স্বতস্ফূর্তভাবে প্রতিফলন হয়েছে।

'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী' গ্রন্থটি শাস্ত্রীয় সঙ্গীতের অন্যান্য বাংলা সাঙ্গীতিক গ্রন্থের থেকেও কিন্তু আলাদা। লেখক কুমারপ্রসাদ মুখোপাধ্যায় ঠিক কথা বলার মত সহজ করে সেই লেখনীক সজ্জিত করেছেন। তাঁর লেখার শব্দের বাঁধন ও বিন্যাসে পুরাতন সঙ্গীতজ্ঞদের কথা, মজলিশের গল্পগুলি পাঠকের হৃদয়ঙ্গম করাতে হয়েছে সক্ষম। গ্রন্থটির প্রচ্ছদে সে-কথা সুস্পষ্ট। এ বিষয়ে ভুল নাই যে, বিভিন্ন আসরে নানা সঙ্গীত শিল্পীদের পরিবেশন ও সেই পরিবেশনের সান্নিধ্যে শাস্ত্রীয় সঙ্গীতকে উপভোগ করার দ্বারা শ্রোতারা সর্বাধিক রসাস্বাদন করতে সক্ষম হন। কুমারপ্রসাদের এই গ্রন্থের লেখা দ্বারা সেই 'মজলিশী মেজাজ' প্রবাহিত হয়েছে সঙ্গীত ইতিহাসের মধ্যে; ফলে সাধারণ পাঠকের জন্য কঠিন শাস্ত্রীয় গীতের নীরস বস্তুও লেখনী দ্বারা হয়ে উঠেছে 'সরস'। আধুনিক মনস্ক লেখনীতে ভারতের প্রাচীন ঐতিহ্য সহজে উপস্থাপিত হয়েছে বইটিতে। নিজ ব্যক্তিজীবন থেকে তিনি বইটির রসদ সংগ্রহ করেছিলেন বহু বরেণ্য ও অভিজ্ঞ সঙ্গীতজ্ঞদের এবং শিল্পীদের গান-বাজনাকে শুনে ও প্রত্যক্ষ ভাবে সে সব আসরের পরিবেশ ও সঙ্গীত পরিবেশন হতে বিভিন্ন সঙ্গীত শৈলীকে সর্বান্তকরণে অনুভব করে। তিনি একাধারে ছিলেন সঙ্গীতজ্ঞ, 'বিদগ্ধ পাঠক' এবং 'অসাধারণ গুরু'। 'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী' লেখায় যে-সমস্ত গুণাবলীর একত্র সমাবেশ ও পাঠক কূলের দ্বারা তা সমাদৃত হবার ফলেও পরিবেশনটি হয়েছিল সার্থক। শাস্ত্রীয় সঙ্গীতের কঠিনতা ছিন্ন করে তাঁর কলমে সহজ সরল হয়ে তা মূর্ত হয়েছিল।

অপরদিকে 'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী'তে লেখক কুমারপ্রসাদ মুখোপাধ্যায় তাঁর অল্পবয়সের বন্ধু তথা পরবর্তীকালের সুলেখক রাধাপ্রসাদ গুপ্তের সাথে নিজের একটি আড্ডা স্মৃতিচারণ করেছেন। গ্রন্থের দ্বিতীয় পরিচ্ছেদে আছে পণ্ডিত ভাস্কর বুয়া সম্বন্ধিত বিশদ তথ্য। তৃতীয় পরিচ্ছেদে আছে ভাস্কর বুয়া, আল্লাদিয়া খাঁ, দিলীপচন্দ্র বেদী ও ওঙ্কারনাথ সম্বন্ধে। চতুর্থ পরিচ্ছেদে জয়পুর ঘরানা এবং সেই শৈলীর মল্লিকার্জুন মনসুর ও মনজী খাঁ সম্বন্ধে বিশদ তথ্য রয়েছে। সপ্তম পরিচ্ছেদ গোয়ালিয়র শৈলীর হদ্দু ও হসসু খাঁ বিষয়ক। অষ্টম পরিচ্ছেদ সহসওয়ান ও গোয়ালিয়র ঘরানার তথ্য সমৃদ্ধ। নবম পরিচ্ছেদ গোয়ালিয়র ঘরানা এবং সেই শৈলীর বিদ্বদ্ধ গুণীজনদের গায়কী সম্বন্ধিত নানা বিশেষত্ব ও ঐতিহাসিক তথ্য যুক্ত। দশম পরিচ্ছেদে পাতিয়ালা শৈলী সম্পর্কে এবং একাদশ পরিচ্ছেদে আগ্রা শৈলীর বিভিন্ন ওস্তাদ ও গুণীদের সম্পর্কে বিশদ তথ্য দিয়েছেন। দ্বাদশ পরিচ্ছেদে লেখক বিস্তারিত তথ্য দিয়েছেন স্বনামধন্য সঙ্গীতজ্ঞ বিষ্ণুনারায়ন ভাতখণ্ডে ও শ্রীকৃষ্ণ নারায়ণ রতনজনকর সম্বন্ধে। ত্রয়োদশ পরিচ্ছেদে কিরানা ঘরানা ও সেই সম্বন্ধিত বিভিন্ন ওস্তাদ ও পণ্ডিতদের গান ও নানা ঐতিহাসিক তথ্য দিয়েছেন। চতুর্দশ পরিচ্ছেদে কিরানা শৈলীর সাথে ওস্তাদ আমীর খাঁয়ের সম্পর্কের বিষয়ে প্রামাণ্য যোগে বিশ্লেষণমূলক তথ্য দান করেছেন।

'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী' বইটি প্রধানত ঘরানা, ঠুমরী এবং খেয়াল ইত্যাদির বিষয়ে এবং

ঘরানা সম্বন্ধিত নানা ব্যক্তিদের উপর লিখিত। এগুলির বর্ণনা করতে নানা ঘরানার সঙ্গীত ব্যক্তিত্ব, ওস্তাদের নাম ও তৎসংলগ্ন ঘটনাবলী উঠে এসেছে লেখক কুমারপ্রসাদ মুখোপাধ্যায়ের কলমে।

উক্ত গ্রন্থটি থেকে কুমারপ্রসাদ মুখোপাধ্যায়ের ভালো সঙ্গীতজ্ঞের সাথে সাথে একজন সঙ্গীতের প্রতিষ্ঠিত ইতিহাসবিদ রূপেও পরিচয় পাওয়া যায়। তাঁর গভীর অধ্যাবসায়, বহু দশকের জীবনের সঙ্গীত অভিজ্ঞতা, পুরাতন শিক্ষাদায়ী বিশ্লেষণ, বাংলা সঙ্গীত সাহিত্যে এক নতুন দিকের সূচনা করেছিল। বইটি আড্ডার কায়দায় লেখা। অতীতে এ ধরনের সাহিত্য লেখনী পাওয়া যায় প্রমথ চৌধুরীর বাংলা প্রবন্ধ 'চার ইয়ারী'তে। উৎপল দত্তের 'চায়ের ধন্য' এবং অমিয়নাথ সান্যালের 'স্মৃতির অতলে' সঙ্গীত স্মৃতি কথার থেকে সম্ভবত কুমারপ্রসাদবাবু অনুপ্রাণিত হন (দত্ত)। নিজ লেখনীতে তিনি হিন্দী, উর্দু শব্দের প্রয়োগ করেন যার দ্বারা তিনি প্রকৃত অর্থে হিন্দুস্থানী সঙ্গীতজ্ঞদের কথা বলার ধরনকে উপস্থাপিত করেছিলেন। যেমন ওস্তাদ রজব আলি খাঁ একদা বিখ্যাত গায়ক ফৈয়াজ খাঁয়ের সম্বন্ধে বলেছিলেন যা কুমারপ্রসাদ তুলে ধরেছেন— "অ্যাসা গাওয়াইয়া ঔর সও বরসমে নহী পৈদা হোগা। হায় হায় বেবখত চলে গয়ে ফৈয়াজ খাঁ" (মুখোপাধ্যায় ৫৭)। লখনৌ ম্যারিস কলেজে সঙ্গীত পরীক্ষায় পরীক্ষক ওস্তাদ মুশতাক হুসেন খাঁ, লেখকের বন্ধুস্থানীয় প্রভাকর চিনচোরের গানে মুগ্ধ হয়ে তাকে পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে নম্বর দেওয়ার ব্যাপারে যে মন্তব্য করেছিলেন তা বইতে লেখা হয়েছে এভাবে- "সও তো দেহি দিজিয়ে। ঔর মেরে তরফসে পন্দ্র বিস নম্বর ইনাম দে দিজিয়ে," "বহৎ অচ্ছা গায়ে হো বেটা ইস উমর মে" (মুখোপাধ্যায় ৯৯)। এ ছাড়াও বহু ক্ষেত্রে কুমারপ্রসাদ বাবু ইংরাজি শব্দেরও প্রয়োগ করে লেখাতে ভারসাম্য বজায় রেখেছেন। কুমারপ্রসাদ মুখোপাধ্যায় বিভিন্ন ঘরানার বিস্তারিত খুঁটিনাটি তথ্যকে পাঠকদের সম্মুখে এনেছিলেন, যেমন কিরানা ঘরানার অপেক্ষাকৃত কম উল্লিখিত শাখার প্রতিভাবান গায়ক ফৈয়াজ আহমেদ খাঁ ও নিয়াজ আহমেদ খাঁর সম্বন্ধেও উল্লেখ করেছেন বিভিন্ন ক্ষেত্রে (মুখোপাধ্যায় ৬৭, ২১৬-২১৮)।

সম্ভ্রান্ত হিন্দু বংশের দ্বারা মুসলমান শিল্পীরা তাদের শিল্পের যে মর্যাদা পেতেন এবং তৎকালীন সঙ্গীত ক্ষেত্রে যে হিন্দু-মুসলিমের মধ্যে সম্প্রীতি ছিল তারও কিছু নিদর্শন পাওয়া যায় কুমারপ্রসাদ মুখোপাধ্যায়ের উক্ত গ্রন্থে। তিনি একটা উদাহরণ দিয়েছিলেন— হালি শহরে তাঁর ঠাকুরমা মুসলিম ওস্তাদের কাছে বিবাহের পূর্বে প্রায় ১১ মাস সঙ্গীত শিক্ষা করেছিলেন। লেখক, মুসলিম ওস্তাদদের হিন্দু শিষ্যদের অকুণ্ঠ ভাবে শিক্ষাদান করা (মুখোপাধ্যায় ১৫৫) সম্পর্কে লিখেছেন। এ ছাড়া বইটিতে পাওয়া গেছে, অমৃতসর ও জলন্ধরে মুসলিম শ্রোতাদের অনুরোধে ভাস্কর বুয়ার কণ্ঠে 'হজরত খবাজা সঙ্গ খেলিয়ে ধামার' এর পরিবেশনের পরে গায়কের পদযুগলে সেই শ্রোতাদের পুষ্প দিয়ে সম্মান প্রদর্শন করার কথা। আবার লেখকের কথায় এসেছে হিন্দু শ্রোতাদের আবেদনে 'গোপাল মেরি করুণা' গাইবার পরে উভয় জাতের শ্রোতাদের কর্তৃক গায়ককে সম্মান দানের কথা (মুখোপাধ্যায় ১৪, ৩০, ৪৭)। এমন হিন্দু মুসলমানের সম্প্রীতির অনেক কথা ফুটে উঠেছে গ্রন্থটিতে। সেই সময়কালীন সাম্প্রদায়িক

সম্প্রীতির এহনে বাতাবরনকে, লেখক অতি স্বাভাবিক ভাবে এবং সহজে তাঁর এই লেখনীর দ্বারা সঙ্গীতজ্ঞদের জীবনদর্শন ও সত্য কাহিনির প্রেক্ষাপটে নানা উদাহরণ সহ গল্পচ্ছলে প্রকাশ করেছিলেন। সাম্প্রতিক বাংলা সঙ্গীত সাহিত্যতেও এভাবে গল্পচ্ছলে সরলীকৃত রূপে দেশভক্তি ও সম্প্রীতিকে তুলে ধরার নজির বেশ কম। কুমারপ্রসাদের লেখনীর এই ধারা বা স্টাইলটি নিঃসন্দেহে আনন্দদায়ক ও প্রশংসার যোগ্য।

কুমারপ্রসাদ মুখোপাধ্যায়, উক্ত গ্রন্থটিতে সঙ্গীত সম্বন্ধিত নানা দুর্মূল্য ঘটনা, অভিজ্ঞতার বিভিন্ন প্রমাণ সহ তথ্য নির্ভর বর্ণনা করেছেন। জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে এক 'খাস ম্যাহফিল' অনুষ্ঠিত হয়, যেখানে 'হিন্দুস্থানের সবসে বড়া শায়র' রবীন্দ্রনাথ ঠাকুরের সম্মুখে ফৈয়াজ খাঁ অনবদ্য সঙ্গীত পরিবেশন করেছিলেন। বহু চর্চিত নয় এমন বিরল এই ঘটনাটির প্রাসঙ্গিকতাকে বোঝানোর জন্য লেখক "এ গ্যেঠের সহিত বীঠোভেনের সাক্ষাতের তুল্য" এমন মন্তব্য করেছিলেন (মুখোপাধ্যায় ১৬০), অথবা আগ্রা শৈলীর সঙ্গে ফৈয়াজ খাঁয়ের গায়কীর ওতপ্রোত সম্পর্কের সম্বন্ধে লিখেছেন — "ফৈয়াজ খাঁকে আগ্রা ঘরানার ওস্তাদের তালিকা থেকে বাদ দিয়ে সমালোচনা করা ডেনমর্কের যুবরাজকে বাদ দিয়ে হ্যামলেটের সমালোচনা করার পর্যায়ে পড়ে" (মুখোপাধ্যায় ১৯৭)। এভাবে লেখক বিভিন্ন ঐতিহাসিক ঘটনা ও তথ্যের বিবরণ দিয়েছেন, উপরন্তু বেশ কিছু উল্লেখযোগ্য ঘটনা ও সূত্রের সাথে চলতি কথার স্বাভাবিক তুলনার উত্থাপন করে সঙ্গীত প্রেমীদের কাছে এই ঘটনাগুলির সম্বন্ধে অবহিত করার পাশাপাশি ঘটনাগুলির ঐতিহাসিক মূল্য সাধারণ পাঠকবর্গকে বোধগম্য করাতেও ত্রুটি রাখেননি।

কুমারপ্রসাদবাবু, সাধারণ পাঠকদের কাছে শাস্ত্রীয় সঙ্গীত বিষয়ের কাঠিন্য হ্রাস করে তা উপভোগ্য করে তুলেছিলেন বিভিন্ন ক্ষেত্রে এর সাথে ভারতে প্রচলিত নানা ক্রীড়ার কিছু তুলনা টেনে এনে। যেমন তার একটি উদাহরণ দেওয়া যায় বিখ্যাত গায়ক আল্লাদিয়া খাঁয়ের ধ্রুপদালাপের ও বন্দিশের খেয়াল গায়ন রীতির বিভিন্ন তালের একই 'বিলম্বিত মধ্যলয়'খানিকে তুলনা করেছিলেন ক্রিকেটের 'স্লো মিডিয়াম'এর সাথে (মুখোপাধ্যায় ২৮)। এমন তুলনা ছিল অভূতপূর্ব; তবে লেখক তাতে স্বভাবসিদ্ধ ছিলেন, যার পরিচয় পাওয়া যায় তাঁর রচিত অপর একটি বই 'দিশি গান বিলিতি খেলা'তেও। 'কুদরত রঙ্গিবিরঙ্গী'তে উপমহাদেশীয় উপভোগ্য খেলা ক্রিকেটের সাথে সঙ্গীতের গায়কীর মতো গুরুগম্ভীর বিষয়কে লেখক অনায়াসে এক সুতোয় বেঁধেছিলেন।

গ্রন্থটিতে কুমারপ্রসাদের শাস্ত্রীয় সঙ্গীতের উপর অগাধ পাণ্ডিত্যের প্রতিফলন হয়েছে অতি সার্থক ভাবে। তিনি বিভিন্ন ওস্তাদ ও পণ্ডিতদের গায়কির চুলচেরা বিশ্লেষণ করেছেন। যেমন - আমীর খাঁয়ের সাঙ্গীতিক প্রতিভার বিশ্লেষণ করেছিলেন (মুখোপাধ্যায় ২১৪-২১৫); বিশিষ্ট সঙ্গীতজ্ঞ পণ্ডিত জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী বা জ্ঞান গোঁসাইয়ের ভরাট গম্ভীর কণ্ঠস্বর সম্বন্ধে তিনি মন্তব্য করেছিলেন - "মন্দ্র সপ্তকে সে আওয়াজ আরও বড় হয়ে যেত এবং ক্রমশ অতি মন্দ্র সপ্তকের পঞ্চমে গিয়ে তিনি দাঁড়াতেন" (মুখোপাধ্যায় ১৪-১৫)। এরূপে বিভিন্ন শিল্পীদের গায়কীর পুঙ্খানুপুঙ্খ বর্ণনা দিয়েছেন ও প্রয়োজন মতো স্বনামধন্য নানা শিল্পীদের

গানের তান সরগমের বিশ্লেষণাত্মক স্বরলিপিও দিয়েছেন। এভাবে বিভিন্ন শিল্পীদের গায়কীর ও ঘরানা ভেদে তাঁদের শৈলীর বিভিন্নতা ও সাদৃশ্য বিষয়ে তাৎপর্যপূর্ণ কুমারপ্রসাদের বক্তব্যগুলি শাস্ত্রীয় সঙ্গীতের উপরেও নানা ধরনের শৈলীর উপরে তাঁর নিখুঁত বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গী ও সাঙ্গীতিক গভীর জ্ঞানের পরিচয় জ্ঞাপন করে।

বিভিন্ন সঙ্গীতজ্ঞের গায়ন শিক্ষার উৎস ও তাঁদের গানের নানা ধারার মধ্যে বিভিন্ন গায়কদের শৈলীর প্রভাব সম্বন্ধে কুমারপ্রসাদ মুখোপাধ্যায় নানা বিতর্কিত বিষয়ের মূলে দৃষ্টি নিক্ষেপ করেছিলেন অকৃপণভাবে। যেমন, আবদুল করিম খাঁয়ের গানে হদ্দু খাঁয়ের গানের প্রভাব (মুখোপাধ্যায় ১৯১), গোপনে বিখ্যাত ওস্তাদ মৌজুদ্দিনের গায়ন শৈলী শুনে অনুসরণ করার দ্বারা ফৈয়াজ খাঁয়ের ঠুমরীর উপর কেমন প্রভাব পড়েছিল (মুখোপাধ্যায় ১৫৬) ইত্যাদি উদাহরণ এনেছেন। আমীর খাঁয়ের উপর অধ্যায়টিতে তিনি আমীর খাঁয়ের গায়ন শৈলীর উৎস বা অনুপ্রেরণার ব্যাখ্যা পূর্ণ সন্ধান দিয়েছেন। আমীর খাঁয়ের সঙ্গীত শিক্ষা গ্রহণের মূল উৎস বিষয়ক সন্ধান দিতে তাঁর পিতা ও গুরুর বিষয়ে বিশদ তথ্য সংযোজন করেছেন; শুধুমাত্র তাই-ই নয়, আমীর খাঁয়ের তান সরগমের প্যাটার্নের সাথে শকুর খাঁয়ের শেখানো প্রদত্ত মূলতানী রাগের সারেঙ্গীর সর্গমের নকশা শুনে কুমারপ্রসাদ নোট করেছিলেন এবং তা দিয়েছিলেন বইটিতে (মুখোপাধ্যায় ২১৪-২১৫)। এই সারেঙ্গীর তানের সঙ্গে আমীর খাঁয়ের তানের ঠিক কতখানি 'নকশাগত সাদৃশ্য' পাওয়া গেছে তা প্রমাণ সাপেক্ষে তুলে ধরেছেন সঙ্গীতপ্রেমীদের কাছে। সেই সঙ্গে আমীর খাঁয়ের অন্য শৈলীর প্রতি আকর্ষণ ও সেই শৈলীকে অনুসরণ করার পশ্চাতে তাঁর বিবাহিত জীবন বা পারিবারিক বিবাদ ও সমস্যা, মানসিক ও পারিপার্শ্বিক অবস্থার নানা প্রয়োজনীয় তথ্যকে প্রামাণ্য সহযোগে ব্যাখ্যা দান করে বিষয়টির জটিলতাকে মুক্ত করার প্রয়াস করেছেন (মুখোপাধ্যায় ২১৬-২২০)। আমীর খাঁয়ের বৈবাহিক জীবনের কলহ বা বিবাদ কিভাবে তাঁর সঙ্গীত জীবনকে ও তাঁর নিজের ঘরানার পরিচিতি দানকে কিভাবে প্রভাবিত করেছিল তার সরল চিত্রটি তুলে ধরেছেন। সেখানে আমীর খাঁয়ের গায়ন শৈলী সম্বন্ধে কুমারপ্রসাদ নানা বিশ্লেষণী তথ্য দান ও নানা ঐতিহাসিক প্রমাণ ও দুরূহ তথ্যের সাপেক্ষে অকাট্য যুক্তি দিয়ে আমীৰ খাঁয়ের ও তিনি যে শৈলী অনুসরণ করেছিলেন সেই শৈলীর বিভিন্ন ঐতিহ্য বহনকারী সঙ্গীতজ্ঞদের গায়ন ও বাদন শৈলীর স্বরলিপির তুলনা সহ বিস্তারিত আলোচনা ও বিভিন্ন ব্যাখ্যা দান করে আমীর খাঁয়ের গায়ন রীতিটি সঠিক ভাবে চিহ্নিতকরণ করেছেন, যা ইতিপূর্বে হয়নি।

'কুদ্‌রত্ রঙ্গিবিরঙ্গী'তে তৎকালীন বিখ্যাত শিল্পী, বাঈজী এবং সঙ্গীতজ্ঞদের পারস্পরিক প্রতিযোগিতামূলক রেশারেশি বা প্রতিদ্বন্দ্বীতার বাস্তবিক দিকটির বহিঃপ্রকাশগুলিকেও কুমারপ্রসাদ বাবু লিখেছেন (মুখোপাধ্যায় ৪৭)। বিভিন্ন সঙ্গীত শিল্পীদের নিজেদের মধ্যে একে অপরের গান, পরিবেশনভঙ্গী ও মুদ্রাদোষের উপরে টিপ্পনী বা ব্যঙ্গ, সাঙ্গীতিক কর্মজগতে পরস্পরের প্রতি প্রতিযোগিতা এবং তাঁদের শৈল্পিক পেশাদারীত্বের পশ্চাতে মানবসত্তার বিদ্বেষও তাঁর অকুতোভয় লেখনীতে প্রকাশ পেয়েছিল।

জনসমক্ষে মহিলাদের প্রকাশ্যে সঙ্গীত পরিবেশন ও সঙ্গীতাসরে যোগদান করার নানা বাধা, মহিলা সঙ্গীত পরিবেশক ও তবাঈফদের প্রতি সমাজের দৃষ্টিভঙ্গী, এক্ষেত্রে অগ্রসর হওয়া নানা ব্যতিক্রমী মহিলাদের অবদান ও কার্য উঠে এসেছে তাঁর 'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী' বইটির বলিষ্ঠ লেখনীতে (মুখোপাধ্যায় ২২)। উক্ত গ্রন্থে সাহিত্যিকের ন্যায় তৎকালীন সমাজ চিত্রে সঙ্গীতের প্রতি সমাজের দৃষ্টিভঙ্গীর নানা দিকের প্রতি তিনি আলোকপাত করেছেন।

উক্ত বইটিতে সঙ্গীতের নানান সৌন্দর্যের ব্যাখ্যা দিতে গিয়ে প্রায়ই কুমারপ্রসাদবাবু প্রাকৃতিক নৈসর্গিক সৌন্দর্যেরও তুলনা দান করেছেন। ওস্তাদ ফৈয়াজ খাঁয়ের অনবদ্য 'মেঘমল্লার' রাগের দ্বারা আসরের পরিবেশের যে চিত্র সৃষ্টি হয়েছিল, সেই অভিজ্ঞতাকে লেখক হিমালয়ের উত্তরাখণ্ডের দৃশ্য এবং "কেদারনাথের পথে, আসাম-ব্রহ্মদেশের বর্ডারে টিপঙের গর্জে হাতীর সাঁতার, চাঁদনী রাতে কানহার জঙ্গলে, নারকেলকুঞ্জে ঘেরা বালিদ্বীপের অর্ধনিভন্ত আগ্নেয়গিরি দেখতে দেখতে, সূর্যাস্তে হনলুলুর ওয়াকিকির সমুদ্রতটে" একাকী পথিকের প্রাকৃতিক দৃশ্য আহরণের সাথে তুলনা করেছেন (মুখোপাধ্যায় ১৪৪-১৪৫)। মার্গ সঙ্গীতের সাথে এমন নৈসর্গিক দৃশ্যের এমন তুলনা দান করে সাধারণ পাঠককেও শাস্ত্রীয় সঙ্গীতকে যথাযথ উপভোগ করার বিষয়টিতে উৎসাহী করেছেন। তাঁর লেখনীর মধ্যে গানের সাথে এমন প্রাকৃতিক বৈচিত্রের তুলনামূলক চিন্তাধারার প্রকাশ পেয়ে সঙ্গীতের সৌন্দর্যায়ণ ঘটেছে।

কুমারপ্রসাদ বাবুর লেখায় তার শোনা বিভিন্ন আসরের স্মৃতি, বেদনাতুর রোমাঞ্চকর অনুভূতির দিকগুলিরও সন্ধান পাওয়া গেছে। যেমন — আবদুল করিমের গান শুনে সম্মোহিত এক শ্রোতার হাতে থাকা জ্বলন্ত সিগারেটের ছ্যাঁকা আঙুলে লেগে সংবিৎ ফিরে পাবার ঘটনা (মুখোপাধ্যায় ১৮১) অথবা, কলেজ স্ট্রিটের কফি হাউসে ফৈয়াজ খাঁয়ের ১০২ ডিগ্রি জ্বর নিয়ে অনন্য কেদার রাগ পরিবেশন শুনে সমগ্র স্থান থেকে "দরজা জানালা ছাত ফুঁড়ে কেদারার মধ্যম বের হচ্ছে" (মুখোপাধ্যায় ১২৭) এমন অজস্র রোমাঞ্চকর অনুভূতিকেও কুমারপ্রসাদ মুখোপাধ্যায় লিখেছিলেন বইটির পরতে পরতে। বিভিন্ন সঙ্গীতানুষ্ঠানের পরিবেশ ও পরিবেশিত গানের সাথে শ্রোতাদের প্রতিক্রিয়াকে অক্ষুন্ন রেখে তিনি সাফল্যের সাথে মেলে ধরেছিলেন, যার দ্বারা শুধুমাত্র সঙ্গীত বোদ্ধারাই নয়, সমগ্র সাধারণ পাঠকেরাও সমান আকৃষ্ট হবে।

কুমারপ্রসাদ মুখোপাধ্যায়ের অসামান্য সঙ্গীত সমালোচক ও সাঙ্গীতিক চেতনার শেণ দৃষ্টির নিক্ষেপ পাওয়া গেছে 'কুদ্‌রত্‌ রঙ্গিবিরঙ্গী' গ্রন্থের বিভিন্ন ক্ষেত্রে। সহসওয়ান ঘরানার ওস্তাদ নিসার হুসেন খাঁয়ের কাছে বর্তমান প্রজন্মের বিখ্যাত শিল্পী রশিদ খাঁয়ের সঙ্গীত শিক্ষা ও গুরু-শিষ্যের পারস্পরিক মনোমালিন্যতা হেতু ব্যবহৃত সঙ্গীত শিক্ষার প্রভাবের কথা লেখক তুলে ধরেছেন। শিষ্য রশিদ খাঁয়ের ব্যক্তিগত কিছু বিষয় অপছন্দ হবার কারণে গুরু নিসার হুসেন তাকে ক্ষমা না-করে গুরুকুল হতে বিতাড়িত করেছিলেন, সেই ঘটনা এবং গুরু হতে প্রাপ্ত সহসওয়ান শৈলীর ভবিষ্যত পরিচয়ের বিষয়টিও ফুটে উঠেছে কুমারপ্রসাদ বাবুর কলমের আঁচড়ে- "খাঁ সাহেব একে ক্ষমা করলে ভাল করতেন, কারণ এঁর গলা ও প্রতিভা অসাধারণ, এবং বয়সও বেশী নয়। এ সহসওয়ানের নাম রাখত ভবিষ্যতের প্রজন্মের সামনে। মুশতাক

হুসেন খাঁকে এখন খুব কম লোকেই জানে। বাকি রইল সহসওয়ানের কপালে নিসার হুসেন খাঁ সাহেবের বংশধর এবং তাদের শাগীরদদের ভবিষ্যৎ।" (মুখোপাধ্যায় ৯৬)। কুমারপ্রসাদ মুখোপাধ্যায়ের লেখনীতে তাঁর অভিজ্ঞতার চক্ষু দিয়ে, ভবিষ্যত প্রজন্মের দ্বারা বিভিন্ন ঘরানার বিকাশ সম্বন্ধে নানা সুচিন্তিত মতামতের প্রতিফলন ঘটেছিল। বহু পূর্বেই তাঁর লেখনীতে, প্রতিভাবান গায়ক রশিদ খাঁ যে নতুন প্রজন্মের কাছে কত বড় মাপের শাস্ত্রীয় সঙ্গীতজ্ঞ হবেন সেই দূরদর্শীতারও প্রকাশ পেয়েছিল।

উপসংহার

হিন্দুস্থানী শাস্ত্রীয় সঙ্গীত তো প্রাচীন একটি মৌখিক পরম্পরা আশ্রিত রীতি; যার লিখিত তথ্য প্রায় অপ্রতুল, বা থাকলেও তা সাধারণ পাঠক ও সঙ্গীতানুরাগীদের বোধগম্য করা যথেষ্ট কঠিন। এই গ্রন্থটি পঠনে শাস্ত্রীয় সঙ্গীত বিষয়ে হয়তো শিক্ষা লাভ করা যায় না। কারণ এটি সঙ্গীত শিক্ষার্থীর সিলেবাস ভিত্তিক পাঠ্যবই নয়, যে সেখান থেকে তারা সঙ্গীত শিক্ষা পাবে। কিন্তু ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের যে যে সঙ্গীতজ্ঞরা প্রধান স্তম্ভ, তাঁদের সময় ও কাল এবং নানা ঐতিহাসিক তথ্যকে কুমারপ্রসাদবাবু নিজস্ব মাতৃভাষায় সুদক্ষ ভাবে পরবর্তী প্রজন্মের জন্য সংরক্ষিত করে গেছেন 'কুদ্‌রত রঙ্গিবিরঙ্গী' বইটির লেখনী দ্বারা। পাঠককুল ও গবেষকদের কাছে উক্ত লেখনীটি যথেষ্ট সাড়া ফেলেছিল। পরবর্তীকালে পুস্তকটির হিন্দী ও ইংরেজি অনুবাদ প্রকাশিত হয়েছিল। অতি সরলীকৃতভাবে পাঠকদের বোধগম্য হয় এভাবে কথ্য ভাষায় সঙ্গীত বিষয়ক লিখন খুব বিরল ও এমন ধারার বিষয়বস্তুটি ভাবা গেলেও লেখনী দ্বারা ফুটিয়ে তোলা বেশ কঠিন। কুমারপ্রসাদ মুখোপাধ্যায় 'কুদ্‌রত্ রঙ্গিবিরঙ্গী' গ্রন্থে সেই অসাধ্য সাধনই করেছেন। শাস্ত্রীয় সঙ্গীত লেখনীর ভাণ্ডারে 'কুদ্‌রত্ রঙ্গিবিরঙ্গী' একটি অনন্য সংযোজন।

তথ্যসূত্র :

১) উইলিয়ামস, রিচার্ড ডেভিড। মিউজিক, লিরিক্স, অ্যান্ড দ্য বেঙ্গলি বুক : হিন্দুস্তানী মিউদিকোলজি ইন ক্যালকাটা।' মিউজিক লেটারস ৯৩.৩ (২০১৬) : ৪৬৫-৪৯৫।

২) গুপ্তা, অভিজিৎ। 'পপুলার প্রিন্টিং এণ্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি ইন কলোনিয়াল বেঙ্গল।' থিসিস ১১ সেজ ১১৩.১ (২০১২) : ৩২-৩৪।

৩) চৌধুরী, নারায়ণ। 'মিউজিক লিটারেচার অব বেঙ্গল।' ইন্ডিয়ান লিটরেচার ১.২ (১৬) : ১৪-২৭।

৪) দত্ত, পার্থ। 'রিভিউ দ্য লাস্ট ওয়ার্ল্ড অব হিন্দুস্থানী মিউজিক।' দ্য বুক রিভিউ লিটরারি ট্রাস্ট। দ্যবুক রিভিউ ইণ্ডিয়া.অরগ। ওয়েব। জানুয়ারী ১০, ২০১৯।

৫) মুখোপাধ্যায়, কুমারপ্রসাদ। কুদরত রঙ্গিবিরঙ্গী। কলকাতা : আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৪০১ বঙ্গাব্দ।

Creatcrit : ISSN 2347-8829
Vol.-7 No.-1, January, 2020
PP 125–138

Translation of Bhagabat into Bangla and its Moulding a Literary Trend

Kishor Sharma
Ph.D Research Scholar, Dept. of Bengali
Tripura University, Tripura

Abstract:

Around the period of Turkey invasion a large number of translation works of Srimad Bhagabat Mahapurna into Bangla appeared and it initiated a literary trend in the Bangla literature. 'Sri Krishna Vijay', a translated version of Maladhar Basu was followed by many a translation such as 'Gobinda Mangala' by Dukhi Shyamdas, 'Sri Krishna Prematarangiri' by Raghunath Pandit, 'Harivamsa' by Bhabanananda etc. In parallel with the production of translated works of the Bhagabat, and its casting of a literary trend also grew to free literary works from its influence and evolve an independent trend. Most of the translations of the Bhagabat are not literary, they are rather transcreations. In the literary framework of the Sanskrit Bhagabat they moulded such work which bear the stamp of originality of respective translators. This paper aims to find out elements of originality of individual translators in their respective works.

Key words : *Turks, invasion, translated literature, epics, originality, remaking.*

প্রাচীন কাল থেকেই সাহিত্যিকদের পরিচর্চায় পুরাণ-সাহিত্যের শাখা-প্রশাখা পুষ্প-ফলে সমৃদ্ধ করেছে বাংলা সাহিত্যকে। বাংলা ভাষার সঙ্গে সংস্কৃত ভাষা ও সাহিত্যের অন্তরঙ্গ যোগ রয়েছে। তাই বাংলা ভাষার জন্মলগ্ন থেকেই বাংলা সাহিত্য সংস্কৃত সাহিত্য থেকে বিভিন্ন ভাব-বিষয়-আঙ্গিক ঋণ হিসাবে গ্রহণ করতে থাকে। তাই বাংলা সাহিত্যে যখন অনুবাদের প্রয়োজনীয়তা অনুভব হয় তখন অনুবাদকদের প্রথম সহায় হয়ে ওঠে সংস্কৃত সাহিত্য। তুর্কি আক্রমণের প্রেক্ষাপটে বাংলা অনুবাদ ও অনুসারী সাহিত্যধারার উদ্ভব ঘটে। তখন ইসলাম ধর্মের অত্যাচারের

হাত থেকে বাঙালির হিন্দু ধর্মকে বাঁচাতে দরকার ছিল হিন্দুর পুরাণ ও জাতীয় ধর্মগ্রন্থগুলির অনুবাদের। তাই অনুবাদকরা সংস্কৃত ভাষাশ্রয়ী হিন্দু ধর্মপ্রধান মহাকাব্য, পুরাণ, শাস্ত্র ও অন্যান্য সাহিত্য গ্রন্থের অনুবাদ করেন। তা ছাড়া মধ্যযুগে রচিত মঙ্গলকাব্য ধারাও পুরাণের ভাব প্রেরণাকে আত্তীকরণ করে লোকসমাজকে নতুনপথের সন্ধান দিয়েছিল। রামায়ণ, মহাভারত, ভাগবতের অনুবাদকর্মও পুরাণ প্রভাবের ফল। ভাগবত পুরাণের প্রভাবে বাংলা অনুবাদ সাহিত্যে জন্ম নিয়েছে বাংলা ভাগবতের অনুবাদ এবং ভাগবত অনুসারী কৃষ্ণলীলা বিষয়ক সাহিত্যধারা।

পুরাণ প্রভাবিত বাংলা অনুবাদ সাহিত্যধারা :

বাংলা অনুবাদ ও অনুসারী সাহিত্য ধারায় যে বৈচিত্রময় গ্রন্থাবলী রচিত হয় তাদের ভাষাগত উৎসকে মানদণ্ড রূপে গ্রহণ করে আমরা বাংলা অনুবাদ ও অনুসারী সাহিত্যধারাকে দুটি শ্রেণিতে ভাগ করতে পারি—

১) সংস্কৃত পুরাণ প্রভাবিত অনুবাদ ও অনুসারী সাহিত্যধারা

২) ইসলাম অনুসারী অনুবাদ ও অনুসারী সাহিত্যধারা

সংস্কৃত ভাষা থেকে অনূদিত অনুবাদ গ্রন্থগুলির ভাবপ্রেরণার উৎস হিসাবে পাওয়া যায় হিন্দুর পৌরাণিক ভাবাদর্শকে। সংস্কৃত ভাষা থেকে অনুদিত অনুবাদ গ্রন্থগুলিকে আবার উৎস গ্রন্থের মানদণ্ডে কয়েকটি ভাগে ভাগ করা যায়। যেমন—

(ক) রামায়ণের অনুবাদ (খ) মহাভারতের অনুবাদ (গ) ভাগবত পুরাণের অনুবাদ (ঘ) স্মৃতি, শাস্ত্র, পুরাণ, অন্যান্য ধর্মীয় সাহিত্যের অনুবাদ।

বাংলার সর্বস্তরের অসংহতি ও অনৈক্যের সুযোগে ১২০১ খ্রিস্টাব্দে তুর্কি আক্রমণ ঘটে। তুর্কি আক্রমণের ফলে বিপর্যস্ত বাঙালি সমাজে ঐক্য স্থাপনের চেষ্টা শুরু হয়। মুসলমান শাসকগণ বহুদিন থেকে বাংলাদেশে বাস করছিলেন। ফলে তারাও হিন্দুর ধর্ম ও সংস্কৃতিকে জানতে চেয়েছিল। তাদের আগ্রহ ও পৃষ্ঠপোষণের ফলেও হিন্দুর শাস্ত্র ও পুরাণের অনুবাদ শুরু হয়েছিল।[১] তা ছাড়া উচ্চবর্গের হিন্দুরা এত দিন সংস্কৃত ভাষাকে বেশি আদর করে দেশীয় লোকভাষাকে অবহেলা করেছিলেন। সুতরাং নিম্নবর্গের লোকদের কাছে টানতে গিয়ে তাদেরকে দেশীয় ভাষার উপর জোর দিতে হয়েছিল। তার সঙ্গে নিম্নবর্গীয় হিন্দুদের অনার্য দেবতাকে কাছে টেনে নিয়ে তার আর্যীকরণ করতে হয়েছিল। এতদিন পণ্ডিতগণ প্রচার করেছিলেন যে দেবভাষায় রচিত পুরাণ-ধর্মীয় গ্রন্থ পাঠ করা বা শ্রবণের অধিকার সর্বসাধারণের নেই। এখন তাঁরাই পরিস্থিতি বেগতিক দেখে ভারতের সনাতন ধর্মগ্রন্থ, মহাকাব্য, পুরাণ, শাস্ত্রকে দেশীয় ভাষায় অনুবাদ শুরু করেন। ফলে তখন মধ্যযুগে রচিত বাংলা সাহিত্যের বিভিন্ন গ্রন্থে পুরাণ-মহাকাব্যের প্রভাব পড়তে থাকে। সংস্কৃত ভাষায় রচিত এইসব গ্রন্থের জাতীয় ঐতিহ্যের বাণী এবং সনাতন ধর্মীয় আবেগকে বাংলার তৃণমূল স্তরে ছড়িয়ে দিতে তখন অনুবাদ কর্মই তাঁদের সবচেয়ে উপযোগী মাধ্যম হয়ে ওঠে। সেই সময়ের সকল অনুবাদকগণই লোকভাষার উপর গুরুত্ব দিয়ে কাব্যের অনুবাদ করেছিলেন।[২]

শ্রীমদ্ভাগবত-মহাপুরাণের পরিচয় ও বাংলা ভাগবত অনুবাদের ধারা :

নিগমকল্পতরোর্গলিতং ফলং শুকমুখাদমৃতদ্রবসংযুতম্।
পিবত ভাগবতং রসমালয়ং মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ।।[৩]

ভাগবতেই ভাগবতের মূল্যায়ন প্রসঙ্গে বলা হয়েছে যে-শুকমুখ থেকে গলিত এই ভাগবত নিগম-কল্পতরু অমৃত রসফল, আমোক্ষকাল তা জগতের যত রসিক-ভাবুকের মুহুর্মুহু পানের যোগ্য। ভারতীয় ধর্মসংস্কৃতিতে ভাগবত একটি মহান গ্রন্থ। শ্রীমদ্ভাগবতের কৃষ্ণভক্তির কথা আসমুদ্র-হিমাচল পর্যন্ত সুবিদিত। সংস্কৃত সাহিত্যে আঠারোটি মহাপুরাণ এবং আঠারোটি উপপুরাণ বা অর্বাচীন পুরাণের কথা উল্লিখিত হয়েছে। এই আঠারোটি মহাপুরাণের মধ্যে ভাগবত পুরাণকে অন্য সতেরোটি পুরাণের সার রূপে বর্ণনা করা হয়েছে। ভাগবতের বারটি স্কন্ধ, তিনশ বত্রিশটি অধ্যায় এবং শ্লোক সংখ্যা আঠারো হাজার। মূল ভাগবতের দশম এবং একাদশ স্কন্ধে কৃষ্ণকথা বর্ণিত হয়েছে। একালের গবেষকগণের মতে, ভাগবত পুরাণ অষ্টম শতাব্দীর পূর্বে রচিত হয়, আর এর রচয়িতা ব্যাসদেব। ভাগবতে বর্ণিত সনাতন ভক্তিধর্মকে অবলম্বন করে পরবর্তীকালে চৈতন্যদেব তাঁর প্রেমভক্তিকে প্রচার করেন।[৪]

বাংলাদেশে পঞ্চদশ শতাব্দীতে ভাগবতের ভক্তিধর্ম নিয়ে আসেন কৃষ্ণভক্ত শ্রীশ্রীমাধবেন্দ্রপুরী। তাঁর প্রভাবে প্রভাবিত হয়ে প্রথম মালাধর বসু ভাগবতের অনুবাদ করেন। পরবর্তী কালে চৈতন্যদেবের প্রেমভক্তির প্রভাবে ভাগবত অনুবাদে জোয়ার আসে। এরপর সমগ্র মধ্যযুগ ধরে একাধিক ভাগবতের অনুবাদ হয়েছে। পঞ্চদশ শতাব্দীতে ভাগবতের প্রথম অনুবাদ করেন কুলীন গ্রামের কায়স্থ মালাধর বসু। তাঁর 'শ্রীকৃষ্ণবিজয়' ভাগবতের দশম এবং একাদশ স্কন্ধের মূলানুগ অনুবাদ। ষোড়শ শতাব্দীর উল্লেখযোগ্য ভাগবতের অনুবাদ গ্রন্থগুলি হল-রঘুনাথ ভাগবতার্চের 'শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী', মাধব আচার্যের 'শ্রীকৃষ্ণমঙ্গল', দৈবকীনন্দ সিংহের 'গোপালবিজয়', দুঃখী শ্যামদাসের 'গোবিন্দমঙ্গল', কৃষ্ণদাসের 'কৃষ্ণমঙ্গল', পীতাম্বর দাসের 'ভাগবত' প্রভৃতি। সপ্তদশ শতাব্দীতেও বহু ভাগবতের অনুবাদ করা হয়। এই কালসীমায় রচিত উল্লেখযোগ্য অনুবাদ গ্রন্থগুলি হল— কৃষ্ণকিঙ্কর কৃষ্ণদাসের 'শ্রীকৃষ্ণবিলাস', ঘনশ্যামদাসের— 'শ্রীকৃষ্ণবিলাস', পরশুরাম রায়ের 'মাধবমঙ্গল', পরশুরাম চক্রবর্তীর 'কৃষ্ণমঙ্গল', ভবানন্দের হরিবংশ, 'সনাতন ভাগবত' প্রভৃতি। এই অনুবাদ গ্রন্থগুলির সবগুলিতেই অনুবাদকরা মূল ভাগবতের অনুসরণের সঙ্গে সঙ্গে পুরাণ অতিরিক্ত লৌকিক কাহিনি মৌলিকতার সঙ্গে সংযুক্ত করেছেন। ভাগবত অনুবাদের ধারায় অষ্টাদশ শতাব্দীতে অনূদিত গ্রন্থগুলির মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল-শঙ্কর চক্রবর্তীর 'ভাগবতামৃত', অভিরাম দাসের 'গোবিন্দমঙ্গল'।

বাংলা ভাগবতের অনুবাদে *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ*-এর প্রভাবের স্বরূপ সন্ধান ও পর্যালোচনা:

মধ্যযুগের বাংলা সাহিত্যে ভাগবতের অনুবাদ ও ভাগবত অনুসারী সাহিত্যের যথেষ্ট মূল্য রয়েছে। বাংলাদেশে ভাগবতের আদি অনুবাদক মালাধর বসু। পঞ্চদশ শতকে মালাধর বসুর হাতে ভাগবত অনুবাদের যে ধারার সূচনা হয় তা চৈতন্যদেবের প্রভাবে আরও ব্যাপক আকারে নিজেকে আত্মপ্রকাশ করে। মালাধর বসু ভক্তিধর্মকে বাঙালি সমাজে প্রচারের উদ্দেশ্যে

ভাগবতের অনুবাদ করেন। চৈতন্য সমসাময়িককালে চৈতন্যদেবের প্রভাবে মূলত ভাগবতকে মূলানুসারী অনুবাদ করেন ভক্ত বৈষ্ণবগণ। সপ্তদশ শতাব্দীতেও ভাগবতের অনুবাদে ভাঁটা পড়েনি। কিন্তু তখন থেকে ধীরে ধীরে ভাগবতের অনুবাদে লৌকিক গ্রাম্য কৃষ্ণকথা স্থান লাভ করতে থাকে। অষ্টাদশ শতাব্দীতেও ভাগবতের যে সকল অনুবাদ হয়েছে তাতে ভাগবত পুরাণের প্রভাব থাকলেও তাতে লৌকিক কাহিনিই বেশি স্থান লাভ করেছিল।

ক) মালাধর বসুর *শ্রীকৃষ্ণবিজয়* কাব্য :

ভাগবতের আদি অনুবাদক হলেন কুলীন গ্রাম নিবাসী মালাধর বসু। তিনি যান্ত্রিকভাবে ভাগবতের আক্ষরিক অনুবাদ করেননি, বিভিন্ন স্থানে নিজের কবিত্ব প্রতিভার নিদর্শন রেখেছেন। তাই তাঁর কাব্যে যেমন ভাগবতের প্রভাব দেখা যায়, তেমন দেখা যায় ভাগবতের প্রভাব অতিক্রমণের প্রয়াসও।

***শ্রীকৃষ্ণবিজয়* কাব্যে ভাগবত পুরাণের প্রভাব :**

মূল ভাগবতের দশম ও একাদশ স্কন্ধের কাহিনি অবিলম্বনে মালাধর বসু *শ্রীকৃষ্ণবিজয়* কাব্যটি রচনা করেছেন। তিনি মূল কাহিনি কাঠামো বা চরিত্র কোনোকিছুকেই সম্পূর্ণ বিকৃত করেননি। তিনি কোথাও কোথাও মূল ভাগবতের শ্লোকের আক্ষরিক অনুবাদ করেছেন। যেমন—

ততো বালধ্বনিং শ্রুত্বা সমুত্থিতা।[৫]

(অর্থ ঃ কন্যাটি এতক্ষণ রোদন করেননি। এখন অবসর বুঝে রোদন করলে প্রহরী সকল বালজাতির ধ্বনি শুনে উত্থিত হল।)

শ্রীকৃষ্ণবিজয় কাব্যে আছে :

উঙাচুঙ করিঞা কান্দিল কন্যাখানি
চিআইল প্রহরি ক্রন্দন শব্দ যুনি।।[৬]

শ্রীকৃষ্ণবিজয় কাব্যে ভাগবতের মূল শ্লোকের অজস্র হুবহু অনুবাদ রয়েছে। মালাধর বসু মূলত ভাগবতের দশম স্কন্ধের বৃন্দাবনলীলা, মথুরালীলা ও দ্বারকালীলার মূল কাহিনিকে অবলম্বন করে লঘুভঙ্গির পাঁচালিতে কাব্য রচনা করেন। একাদশ স্কন্ধের তত্ত্ববহুল কাহিনি ও ঘটনাকে তিনি বর্জন করেন। তিনি একাদশ স্কন্ধের শুধুমাত্র যদুবংশ ও কৃষ্ণের মৃত্যুর ঘটনাটিকে তাঁর কাব্যে স্থান দিয়েছেন। মালাধর বসু মূল ভাগবতের কৃষ্ণের বীরত্বব্যঞ্জক চরিত্র বৈশিষ্ট্য নিষ্ঠার সঙ্গে অঙ্কন করেছেন। তাঁর কৃষ্ণ হলেন জাতির ত্রাতা ও বীরপুরুষ। তিনি ভাগবতের অসুর বধ অংশগুলিকে মূলানুগ অনুবাদ করেছেন। যেমন-পূতনা বধ, তৃনাবর্ত বধ, বৎসাসুর বধ, অঘাসুর বধ, বকাসুর বধ ইত্যাদি। তা ছাড়া কয়েকটি কাহিনি ছাড়া প্রায় সমগ্র কাব্যের আখ্যানই মূল ভাগবতানুসারী। এর দ্বারা প্রমাণ হয় যে, তিনি চরিত্র নির্মাণ, কাহিনি সৃজন, ঘটনা বিন্যাস প্রভৃতির দিকে ভাগবত পুরাণ দ্বারা প্রভাবিত হয়েছিলেন।

***শ্রীকৃষ্ণবিজয়* কাব্যে মৌলিক ভাবনা :**

কবি মালাধর বসু মূল ভাগবতের আড়ম্বপূর্ণ তত্ত্ববহুল আখ্যানকে সাধারণ বাঙালিদের

উপর চাপিয়ে দিতে চান নি। তাঁর কাব্য মূলানুসারী এবং মূল ভাগবতের সারানুবাদ। কবির উদ্দেশ্য ছিল মূল ভাগবতে বর্ণিত কৃষ্ণের সমগ্র জীবন কাহিনি সংক্ষেপে বর্ণনা করা। তাই তিনি মূল ভাগবতের কয়েকটি উপকাহিনি এবং দার্শনিক তত্ত্ববহুল ঘটনা বর্জন করেছেন। মালাধর বসু নিজস্ব প্রবণতা অনুযায়ী ভাগবতীয় কৃষ্ণকথাকে কখনও সংক্ষিপ্ত কখনও বিস্তৃত এবং কখনও বর্জন করেছেন। যেমন—

১) ভাগবতের দশম স্কন্ধে কৃষ্ণ বলরাম ও গোপসখাদের বাল্যলীলা বিস্তৃতভাবে বর্ণিত হয়েছে। কিন্তু কৃষ্ণ-বলরামের এই শৈশবলীলা শ্রীকৃষ্ণবিজয় কাব্যে নেই। মালাধর বসু কৃষ্ণের ঐশ্বর্য্য লীলাকে বিস্তৃতভাবে বর্ণনা করতে চেয়েছিলেন। তাই তিনি কৃষ্ণ চরিত্রের এই মাধুর্য্যময় দিকটি বর্জন করেছিলেন।

২) মূল ভাগবতে দেখা যায় দৈবকীর পুত্র জন্মের সঙ্গে সঙ্গে কংস এসে একে একে ছয়টি পুত্রকে হত্যা করেছিল। কিন্তু মালাধর বসু দেখিয়েছেন কংস দৈবকীর গর্ভজাত ছয়টি পুত্রকে জন্মের পর-পরেই একটি-একটি করে হত্যা করেনি। একে সঙ্গে সেই ছয়টি পুত্রকে হত্যা করেছিল। এই রকম ভাবে ঘটনাকে সংক্ষিপ্ত করার পেছনে মালাধর বসুর মূল উদ্দেশ্য ছিল— ক) কংস চরিত্রে নতুন মাত্র যোগ করা; খ) নাটকীয়তা সৃষ্টি করা; গ) কাহিনিকে অযথা দীর্ঘায়িত না করা।

৩) মূল ভাগবতের দশম স্কন্ধের তৃতীয় অধ্যায়ে কৃষ্ণের জন্মের পর দৈবকী ও বসুদেবের দীর্ঘ বন্দনা দেখা যায়। কিন্তু মালাধর বসু বসুদেব ও দৈবকীর এই দীর্ঘ তত্ত্ববহুল বন্দনাকে কাব্যে সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করেছেন। এতে *শ্রীকৃষ্ণবিজয়* কাব্যের এই অংশটি মূল ভাগবতের মতো তত্ত্বভারাক্রান্ত হয়ে ওঠেনি।

এই রকম বহু উদাহরণ রয়েছে যাতে মালাধর বসুর মৌলিক কবিপ্রতিভার প্রকাশ ঘটেছে।

মালাধর বসু তাঁর কাব্যে ভাগবত বহির্ভূত কয়েকটি কাহিনিকে শিল্পসম্মতভাবে স্থান দিয়েছেন। যেমন— ১) রামায়ণ অভিনয়; ২) দানখণ্ড; ৩) নৌকাখণ্ড; ৪) জরাসন্ধের জন্ম কথা; ৫) বজ্রনাভ কাহিনি ইত্যাদি। এইসব কাহিনি মূল ভাগবতেই নেই। তিনি লোকপ্রচলিত কথা ও অন্যান্য পুরাণ থেকে এইসব কাহিনি সংগ্রহ করেন। তিনি লোক মনোরঞ্জনের উদ্দেশ্যে এইসব কাহিনিকে তাঁর কাব্যে স্থান দেন। কবির এই মৌলিক ভাবনা মনোরঞ্জনের উদ্দেশ্যে এইসব কাহিনিকে তাঁর কাব্যে স্থান দেন। কবির এই মৌলিক ভাবনা কাব্যটিকে ভাগবতীয় কাহিনির গতানুগতিকতা থেকে মুক্তি দান করেছে।

খ) রঘুনাথ ভাগবতাচার্য্যের *শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী* কাব্য :

চৈতন্য সমসাময়িক কালে ভাগবতের প্রভাব যার কাব্যে সবচেয়ে বেশি পড়ে তিনি হলেন ভাগবতাচার্য্য রঘুনাথ পণ্ডিত। রঘুনাথ পণ্ডিত চৈতন্যপার্ষদ গদাধরের শিষ্য ছিলেন। তিনি ভাগবত চর্চা করতেন। চৈতন্যভাগবত গ্রন্থের অন্ত্যলীলার পঞ্চম পরিচ্ছেদ থেকে জানা যায় যে চৈতন্যদেব একবার পুরী থেকে ফেরার পথে বরাহনগরে রঘুনাথ নামক এক বৈষ্ণবের গৃহে আতিথ্য গ্রহণ করেন। তাঁর মুখে ভাগবত পাঠ শুনে মহাপ্রভু তাঁকে *ভাগবতাচার্য* উপাধি দেন। তিনি মহাপ্রভুর উৎসাহে ভাগবতের বাংলা অনুবাদ শুরু করেন। বাংলা সাহিত্যে রঘুনাথ

ভাগবতাচার্যের গ্রন্থেই ভাগবতের প্রভাব সবচেয়ে বেশি দেখা যায়। তিনি সম্পূর্ণ ভাগবত পুরাণের মূলানুসারী করেছেন। তাঁর কাব্যের দশম, একাদশ, দ্বাদশ স্কন্ধের অনুবাদ প্রায় আক্ষরিক। তিনি কোথাও ভাগবত পুরাণ বহির্ভূত কাহিনি, ঘটনা ও চরিত্রকে তাঁর কাব্যে স্থান দেননি। কারণ, তিনি নিষ্ঠাবান বৈষ্ণব সমাজের উপযোগী গ্রন্থ রচনা করতে চেয়েছিলেন। তিনি তাঁর গ্রন্থে লিখেছেন—

সকল ধর্ম্মের সার কৃষ্ণ-আরাধন।
মহাভাগবত বলি, এই সে কারণ।।
কেবল বৈষ্ণব-ধর্ম্ম, কৃষ্ণগুণ-গাথা।
মহাভাগবতে না কহিব অন্য-কথা।।[৭]

তিনি তাঁর এই প্রতিজ্ঞা অক্ষরে অক্ষরে পালন করেছিলেন এবং ভাগবত অতিরিক্ত কোনো গ্রাম্য কথাকে তাঁর কাব্যে স্থান দেননি।

***শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী* কাব্যে ভাগবত পুরাণের প্রভাব :**

রঘুনাথ ভাগবতাচার্যের *শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী* গ্রন্থটি ভাগবত পুরাণের সবচেয়ে ঘনিষ্ঠ অনুবাদ। তিনি ভাগবত পুরাণকে অনুসরণ করে এই গ্রন্থের স্কন্ধ বিন্যাস করেন। মূলত লেখক দশম, একাদশ ও দ্বাদশ স্কন্ধকে সম্পূর্ণ নিষ্ঠার সঙ্গে অনুবাদ করেন। এই স্কন্ধগুলিকে কবি ধারাবাহিক ভাবে মূল শ্লোক সংখ্যা ধরে আক্ষরিক অনুবাদ করেছেন। পয়ার-ত্রিপদীর সঙ্গেই তিনি মূল ভাগবতের শ্লোক সংখ্যা উল্লেখ করেছেন। ভাগবতের অনুবাদ করতে গিয়ে অনুবাদক যথেষ্ট কৃতিত্ব দেখিয়েছেন। বারোটি স্কন্ধে তিনশো বত্রিশটি অধ্যায়ে আঠারো হাজার শ্লোক নিবদ্ধ তাঁর গ্রন্থটি আক্ষরিক অনুবাদ হয়েও সরল ও কাব্যগুণান্বিত। তাঁর গ্রন্থের পয়ারগুলির সঙ্গে ভাগবত পুরাণের বিভিন্ন শ্লোকের হুবহু মিল পাওয়া যায়। আমারা-দু-একটি উদ্ধৃতি তুলে ধরে বিষয়টি আলোচনা করতে পারি—

১) ভাগবত পুরাণের প্রথম স্কন্ধের প্রথম অধ্যায়ে ভাগবতের মহিমা বর্ণনায় ব্যাসদেব লিখেছেন—

নিগমকল্পতরোর্গলিতং ফলং শুকমুখ্যদমৃতদ্রবসংযুতম্।
পিবত ভাগবতং রসমালয়ং মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ।।[৮]

রঘুনাথ পণ্ডিত তাঁর কাব্যে এই শ্লোকটিকে একেবারে আক্ষরিক অনুবাদ করেছেন। যথা—

নিগম-কল্পতরু-বিগলিত-ফল।
শুকমুখে পতিত অমৃত মধুতর।।
ক্ষিতিতলে নিপতিত ভাগবত-নাম।
পিয়, রে ভাবুক ভাই, রসিক সুজান।।[৯]

২) শ্রীকৃষ্ণের জন্মের সময় প্রকৃতির অপূর্ব রূপ বর্ণনায় ব্যাসদেব লিখেছেন—

মুমুর্চুর্মুনয়ো দেবাঃ সুমনাংসি মুদান্বিতাঃ।
মন্দং মন্দং জলধরা জগর্জুরনুসাগরম্।।

নিশীথে তম উদ্ভূতে জায়মানে জনার্দনে।
দেবক্যাং দেবেরূপিণ্যাং বিষ্ণুঃ সর্বগুহাশয়ঃ।
আবিরাসীদ্ যথা প্রাচ্যাং দিশীন্দুরির পুষ্কলঃ।।[১০]

ভাগবতাচার্য এই শ্লোকগুলির অনুবাদে লিখেছেন—

সুর-বিদ্যাধরী নৃত্য করে সুললিত।
মন্দ মন্দ জলধর, ঘন গরজিত।।
ভরা নিশি, রজনী-তিমির ঘোরতর।
হেনকালে জনম লভিলা গদাধর।।
অন্তর্য্যামী ভগবান্ অচিন্ত্যপ্রভাব।
দৈবকী-উদরে আসি' কৈলা আবির্ভাব।।
পূরবে উদিত যেন পূর্ণ শশধর।
মন্দিরে প্রকাশ কৈলা মহা-মহেশ্বর।।[১১]

এই রকম বহু উদাহরণ উপস্থাপন করে দেখানো যায় যে ভাগবতাচার্য রঘুনাথ পণ্ডিত ভাগবত পুরাণকে আক্ষরিক ভাবে অনুবাদ করেছেন।

শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী কাব্যে মৌলিক ভাবনা :

তিনি প্রথম থেকে নবম স্কন্ধের কাহিনিকে সংক্ষিপ্ত আকারে তাঁর কাব্যে লিপিবদ্ধ করেছেন। কারণ, তাঁর প্রধান বর্ণনীয় বিষয় ছিল কৃষ্ণকথা। তাই তিনি প্রথম থেকে নবম স্কন্ধের কাহিনিকে সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করে দশম, একাদশ, দ্বাদশ স্কন্ধের কৃষ্ণকথাকে বিস্তৃত ভাবে বর্ণনা করেন। তিনি প্রথম থেকে নবম স্কন্ধের কাহিনিকে কতটা সংক্ষিপ্ত করেছেন তাঁর একটি তালিকা প্রস্তুত করা যায়—

স্কন্ধ	ভাগবত	শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী
১	১৯ টি অধ্যায়	৫ টি অধ্যায়
২	১০ টি অধ্যায়	২ টি অধ্যায়
৩	৩৩ টি অধ্যায়	৯ টি অধ্যায়
৪	৩১ টি অধ্যায়	৮ টি অধ্যায়
৫	২৬ টি অধ্যায়	৮ টি অধ্যায়
৬	১৯ টি অধ্যায়	৩ টি অধ্যায়
৭	১৫ টি অধ্যায়	৫ টি অধ্যায়
৮	২৪ টি অধ্যায়	৭ টি অধ্যায়
৯	২৪ টি অধ্যায়	৯ টি অধ্যায়
১০	৯০ টি অধ্যায়	৯০ টি অধ্যায়
১১	৩১ টি অধ্যায়	৩১ টি অধ্যায়
১২	১৩ টি অধ্যায়	১৩ টি অধ্যায়

তিনি প্রথম স্কন্ধ থেকে নবম স্কন্ধ পর্যন্ত ভাগবতের বিভিন্ন অধ্যায়ে বর্ণিত কাহিনিকে সংক্ষিপ্ত আকারে পরিবেশন করতে গিয়ে অধ্যায় সংখ্যা হ্রাস করেন। তবে তিনি মূল ভাগবতের বিভিন্ন অধ্যায়ে বর্ণিত কোনো কাহিনিকেই বর্জন করেননি। যেমন তিনি মূল ভাগবতের প্রথম স্কন্ধের ১৯ টি অধ্যায়কে মাত্র ৫টি অধ্যায়ে সংক্ষিপ্ত করে নেন। কিন্তু মূল ভাগবতের ১৯টি অধ্যায়ে বর্ণিত সবগুলি কাহিনিকে তিনি অতি সংক্ষিপ্ত তাঁর কব্যের ৫টি অধ্যায় লিপিবদ্ধ করেছেন।

রঘুনাথ ভাগবতাচার্যের কাব্যে *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ*-এর প্রভাব নানাভাবে পড়েছে। তিনি ভাগবতের কাহিনিকে বিশ্বস্ততার সাথে অনুবাদ করলেও নানা স্থানে মৌলিক কবিপ্রতিভার পরিচয় রেখেছেন। তাঁর অনুবাদ কর্মের সাথে মিল পাওয়া যায় সপ্তদশ শতাব্দীতে অনূদিত সনাতন ঘোষাল বিদ্যাবাগীশের ভাগবতের অনুবাদের। রঘুনাথ ভাগবতাচার্য এবং সনাতন ঘোষাল বিদ্যাবাগীশকৃত ভাগবতের অনুবাদ বাংলা ভাগবতের অনুবাদ ও ভাগবত অনুসারী সাহিত্যধারায় সবচেয়ে বেশি মূলানুসারী।

গ) দুঃখী শ্যাম দাস রচিত *গোবিন্দমঙ্গল* :

দুঃখী শ্যামদাস ষোড়শ শতাব্দীর কবি। তিনি বৈষ্ণবভক্তদের উৎসাহে ভাগবতের অনুবাদ শুরু করেন। চৈতন্যদেবের প্রভাব তাঁর কাব্যে সুস্পষ্ট। চৈতন্যদেব ভাগবতীয় কৃষ্ণকথাকে প্রাধান্য দিতেন বলে দুঃখী শ্যামদাসও ভাগবতের কৃষ্ণকথার প্রভাবে *গোবিন্দমঙ্গল* কাব্য রচনায় মনোনিবেশ করেন। তিনি ভাগবতীয় কৃষ্ণকথার দ্বারা ব্যাপক ভাবে প্রভাবিত হয়েছিলেন। তাঁর কাব্যের নানা স্থানে ভাগবত পুরাণের প্রভাব দেখা যায়। ভাগবত পুরাণের মূল কাহিনি কাঠামো, ঘটনা বিন্যাস, চরিত্র নির্মাণ প্রভৃতি বৈশিষ্ট্য দ্বারা সম্পূর্ণরূপে প্রভাবিত হয়েছেন দুঃখী শ্যামদাস।

***গোবিন্দমঙ্গল* কাব্যে ভাগবত পুরাণের প্রভাব :**

দুঃখী শ্যামদাস ভাগবত পুরাণের দ্বারা নানা ভাবে প্রভাবিত হয়েছিলেন। প্রথমত তিনি ভাগবত পুরাণে ব্যবহৃত কাহিনি বর্ণনের আঙ্গিকটি গ্রহণ করেছেন। পরীক্ষিত ও শুকদেবের প্রশ্নোত্তরের রীতিতেই তিনি কাব্য কাহিনি বর্ণনা শুরু করেছেন। দুঃখী শ্যামদাস ভাগবত পুরাণের প্রথম স্কন্ধের প্রায় সমস্ত ঘটনাকে তাঁর *গোবিন্দমঙ্গল* কাব্যে প্রায় অবিকৃত ভাবে গ্রহণ করছেন। কিন্তু কবি নিজের সুবিধামত কোথাও কোথাও কাহিনিকে সংক্ষিপ্ত করে নিয়েছেন, আবার কোথাও কোথাও কাহিনিকে বিস্তৃত আকারে বর্ণনা করেছেন। কাব্যটির শুরুতে পরীক্ষিতের কাহিনি ও শুকদেবের ভাগবত পরিবেশনের কথা স্থান লাভ করলেও এটা শুধু ভাগবতীয় আবহটি তৈরিতে সাহায্য করেছে। কারণ এরপর মূল ভাগবতের প্রথম থেকে নবম স্কন্ধের কাহিনিগুলি আনুপূর্বিক স্থান পায়নি। কারণ কৃষ্ণলীলার মাধুর্যময় ঘটনাবলী বর্ণনাই ছিল তাঁর মুখ্য বর্ণনীয় বিষয়। তাই তিনি প্রথম স্কন্ধের পরীক্ষিতের শাপ মুক্তির মূল বিষয়টিকে গ্রন্থে উপস্থাপনের পরই জটিল তত্ত্ব ও কাহিনির ঘনঘটাকে বর্জন করেন। শুধুমাত্র নবম স্কন্ধের খট্বাঙ্গ রাজার কাহিনি কাব্যে স্থান দিয়েছেন। যার দ্বারা তিনি কৃষ্ণকথা প্রবেশের দ্বারপ্রান্তে এসে পৌঁছে যান। খট্বাঙ্গ রাজার হরিনামের গুণে অতি সহজে উদ্ধার হয়েছিলেন এই কথা শুনে রাজা

পরীক্ষিতের মনে কৃষ্ণ কথা জানার আগ্রহ জন্মে। তখন তিনি বলেন—

পরীক্ষিত রাজা বলে শুন মহামুনি।
গোবিন্দ ভজন প্রভু আমি নাহি জানি।।
কেমন মূরতি তেঁই কেমন ঠাকুর।
তত্ত্ব কহ কেমনে এড়াব যমপুর।।[১২]

রাজা পরীক্ষিতের এই আগ্রহ নিবৃত্তির জন্য শুকদেব কৃষ্ণকথা বলতে লাগলেন। তিনি জয় বিজয়ের ব্রহ্মশাপ বর্ণনার মধ্য দিয়ে ভগবানের অবতার গ্রহণের প্রেক্ষাপটটি তৈরি করে নেন। বর্তমান পর্যায় পর্যন্ত শ্যামদাস কাব্য কাহিনির বয়নে ভাগবতানুসারী, কিন্তু দুঃখী শ্যামদাস তাঁর মূল অভীষ্ট কৃষ্ণকথায় প্রবেশের পূর্বে প্রথম থেকে নবম স্কন্ধের কয়েকটি কাহিনি ছাড়া সকল কাহিনিকে কৃতিত্বের সঙ্গে বর্জন করেন। এরপর তিনি গ্রন্থটির কাহিনি ও ঘটনাকে নিপুণতার সঙ্গে কার্যকরণ সূত্রে আবদ্ধ করেন। ফলে কৃষ্ণকথায় প্রবেশের পথটিতে কোনো অসংলগ্নতা ধরা পড়ে না।

কৃষ্ণকথা বর্ণনায় কবি আক্ষরিক অনুবাদকে প্রাধান্য দেননি। তিনি ভাবানুবাদকেই প্রাধান্য দিয়েছেন। তিনি পদ্মপুরাণ, ভবিষ্যপুরাণ, শ্রীকৃষ্ণকীর্তন, লোকপ্রচলিত কৃষ্ণকথাকে তাঁর অনুবাদে স্থান দিয়েছেন। তিনি মূল ভাগবতের দশম স্কন্ধের প্রভাবে থাঁর কাব্যের সমগ্র কাহিনি বিন্যাস করেছেন। *গোবিন্দমঙ্গল* কাব্যের কাহিনি বিন্যাসে তিনি লোক সমাজের মনোরঞ্জনের দিকে লক্ষ রেখে ভাগবত পুরাণের কাহিনিকে নানা স্থানে সংক্ষিপ্ত করে নিয়েছেন। তাঁর কাব্যের যে সকল কাহিনি ও ঘটনায় ভাগবত পুরাণের প্রভাব সবচেয়ে বেশি এগুলি হল— দেবতাদিগের ক্ষীরোদে গমন; বিষ্ণুর অবতার স্বীকার, দৈবকীর বিবাহ, দৈবকীর ছয় পুত্রের জন্ম, বলরামের জন্ম, শ্রীকৃষ্ণের গর্ভবাস, শ্রীকৃষ্ণের জন্ম, বসুদেবের স্তব ও পূর্বজন্মের বিবরণ, কৃষ্ণকে নিয়ে বসুদেবের নন্দালয়ে গমন, কংসের প্রতি মহামায়া, নামকরণ, যশোদা কর্তৃক কৃষ্ণের উদুখলে বন্ধন, যমলার্জুনের কাহিনি, ব্রহ্মার মোহ নাশ, বস্ত্র হরণ লীলা, বিপ্র পত্নীদের কাছে অন্ন ভিক্ষা, গোবর্দ্ধন ধারণ লীলা, অক্রুরের আগমন, কৃষ্ণের মথুরায় গমন, কংস বধ ইত্যাদি কাহিনি অংশ বর্ণনায় দুঃখী শ্যামদাস ভাগবতের প্রভাবকে অতিক্রম করতে পারেননি।

গোবিন্দমঙ্গল কাব্যে মৌলিক ভাবনা :

দুঃখী শ্যামদাস রচিত *গোবিন্দমঙ্গল* কাব্যের কিছু কাহিনি বর্ণনায় কবি ভাগবত পুরাণের প্রভাবকে অতিক্রম করার চেষ্টা করেছেন। তিনি নিজ কল্পনা ও শিল্প প্রতিভার দ্বারা বিভিন্ন কাহিনি ও ঘটনাকে নতুন ভাবে উপস্থাপন করেন। আর এরফলে এইসব কাহিনি কাব্যগুণান্বিত হয়ে ওঠেছে। ভাগবত পুরাণের যে-সকল কাহিনিকে কবি নিজ কল্পনা শক্তির দ্বারা কিছুটা পরিবর্তন করে নেন সেগুলির মধ্যে গুরুত্বপূর্ণ হ'ল— পুতনা বধ কাহিনিতে পুতনার মধ্যে মাতৃত্ব আরোপ; নন্দোৎসব পালনে রাধা প্রসঙ্গ, ফল বিক্রয়িনীর কাহিনি, বরুণালয় থেকে নন্দের উদ্ধার প্রসঙ্গে রাধা-কৃষ্ণের মিলন বর্ণনা, উদ্ধব সন্দেশ, কালীয়নাগ দমন বর্ণনায় সুকৌশলে গজ-কচ্ছপ ও অরুণ-গড়ুরের কথা ইত্যাদি। একটি বিষয় আলোচনা করে দেখা

যেতে পারে তিনি কীভাবে ভাগবত পুরাণের প্রভাব অতিক্রম করার প্রয়াস করেছিলেন—

ভাগবত মহাপুরাণের দশম স্কন্ধের ষষ্ঠ অধ্যায়ে পুতনা বধ বৃত্তান্ত বর্ণিত হয়েছে। ভাগবতে পুতনা ভয়ঙ্করী রাক্ষসী। তার কাজই ছিল শিশুদের হত্যা করা। পুতনা নিজ ইচ্ছামতো এক সুন্দরী যুবতীর রূপধারণ করে গোকুলে আসেন। তাকে দেখে সকলে ভাবেন যে তিনি হয়তো স্বয়ং লক্ষ্মীদেবী। তার সুন্দর ব্যবহার ও হাবভাব দেখে যশোদা বা রোহিনীর পক্ষে তাকে বধা দেওয়া সম্ভব হয়নি বলে ভাগবতকার ব্যাসদেব বর্ণনা করেছেন। কিন্তু দুঃখী শ্যামদাস পুতনা চরিত্রে এক নতুন মাত্রা যোগ করেন। শ্যামদাসের বর্ণনায় পুত্রের মৃত্যুতে পুতনা পাগলের মতো হয়ে যান। এই অবস্থায় সে গোকুলে এসে উন্মাদিনীর মতো নিজের সন্তানহীনতার দুঃখ বিলাপ করে বলতে লাগলেন—

স্বর্গ বিদ্যাধরী রূপে পুতনা প্রবেশে গোপে
মোহিনী সন্ধান ধরি যায়।
গোপ গোপী শত শত নগরে নাগরী যত
পুতনা জিজ্ঞাসা করে তায়।।
হাম নারী দুঃখমতি পুত্র মৈল কাল রাতি
ঠুনকায় না রহে পরাণ।
জিজ্ঞাসি তোমার কাজে কার ঘরে পুত্র আছে
কহ তারে দিব স্তন পান।।
হৈয়া মহাশোকাতুর তেয়াগিনু নিজ পুর
পুত্র বিনা প্রাণে কিবা কাজ।
না দেখি পুত্রের মুখ অন্তরে বিদরে বুক
সত্য কহি সবার সমাজ।।[১৩]

পুতনার দুঃখ শুনে ব্রজবালা পুতনাকে যশোদার গৃহে যাওয়ার উপদেশ দেন। যশোদার কাছে এসে পুতনা নিজের সন্তানহীনতার যন্ত্রণার কথা বলেন। সন্তানহীন জীবনের দুঃখ যশোদাও জানেন তাই তিনি পুতনার প্রতি সহানুভূতি দেখান। তিনি পুতনাকে কৃষ্ণের ধাত্রী করে রাখবেন ভেবে তার কোলে কৃষ্ণকে দেন। পুতনা তখন কৃষ্ণের মুখ চুম্বন করেন এবং বিষ স্তন দেন। এরপর কৃষ্ণ দ্বারা পুতনার প্রাণ হরণ ও পুতনার ভয়ঙ্কর দেহ সৎকারের ঘটনা শ্যামদাস ভাগবত পুরাণের প্রভাবে অতি সংক্ষেপে বর্ণনা করেছেন। কিন্তু পুতনা চরিত্রের আগমন ও তার মধ্যে জনম দুঃখিনী নারীর মাতৃত্বের বাসনা আরোপ করে কবি ভাগবত পুরাণকে অতিক্রম করেছেন। তাছাড়া এতে চরিত্রটিও মানবিক ও বাস্তবসম্মত হয়ে ওঠেছে।

দুঃখী শ্যামদাস রচিত *গোবিন্দমঙ্গল* ভাগবতের অনুসরণে রচিত কৃষ্ণায়ণ কাব্য। তাঁর কাব্যের বাহ্যিক কাঠামো ভাগবত অনুসারী হলেও ভাগবতের কাহিনিকে তিনি নিজ কল্পনা শক্তির দ্বারা নবরূপ প্রদান করেছেন। তাঁর মৌলিকতার প্রধান দৃষ্টান্ত হল ভাগবত বর্হিভূত কাহিনি ও চরিত্রকে ভাগবতের কৃষ্ণকথায় স্থান দেওয়া। তাঁর কাব ভাগবত বর্হিভূত যে যে বিষয় স্থান পেয়েছে সেগুলি হল—

১) কৃষ্ণের বাল্যলীলার আদিরসাত্মক চিত্র; ২) রাধা ও কৃষ্ণের মিলন প্রসঙ্গে প্রথম সাক্ষাৎ এবং বড়াই সমাগম; ৩) নৌকা-বিলাস; ৪) ব্রজবনিতার গোরস বিক্রয় প্রসঙ্গ; ৫) উদ্ধব চৌতিশা ও উদ্ধব বারমাসি; ৬) শুক্রের সঞ্জীবনী মন্ত্র বিবরণ; ৭) নন্দকে যমুনা পার করার সময় শৃগালীর পথ প্রদর্শন; ৮) রাধা এবং তাঁর স্বামী আয়ানের প্রসঙ্গ; ৯) কৌশিক গৃহে শ্রীকৃষ্ণের অভিষেক; ১০) শ্রীকৃষ্ণ ও রুক্মিণীর সহবাস; ১১) গোলোকে রাধা-কৃষ্ণের নিত্য বিহার ইত্যাদি। ভাগবত বহির্ভূত এইসব কাহিনির মধ্যে অধিকাংশই আদিরসাত্মাক। কারণ তখন বাঙালি জনসমাজে রাধা-কৃষ্ণের আদিরসাত্মক কাহিনি অধিক জনপ্রিয় ছিল। ফলে কবিও বাঙালিদের রুচিবোধকে প্রাধান্য দিয়ে তাঁর কাব্যে ভাগবতীয় কৃষ্ণকথার মধ্যে-রাধাকৃষ্ণের আদিরসাত্মক বিভিন্ন বিষয় সংযুক্ত করেন।

ঘ) ভবানন্দ রচিত কৃষ্ণলীলা বিষয়ক *হরিবংশ* কাব্য :

ভবানন্দ রচিত *হরিবংশ* পৌরাণিক কৃষ্ণকথার ধারায় সবচেয়ে নতুন কথাবস্তু সম্বলিত বিশিষ্ট গ্রন্থ। ভবানন্দের হরিবংশ কাব্যের মূল আখ্যানভাগে রয়েছে ভাগবতের দশম স্কন্ধের ব্রজলীলার অর্ন্তগত কৃষ্ণ ও ব্রজগোপিদের প্রেমের নতুন ও অভিনব রসায়ন। ভবানন্দ ভাগবতের আখ্যানভাগের কেবল মাত্র সূত্রটি গ্রহণ করে নিজের কল্পনা শক্তির সাহায্যে তাকে অভিনব রূপ প্রদান করেন। যার ফলে ভবানন্দ রচিত *হরিবংশ* কাব্য *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ*-এর প্রভাবকে অতিক্রম করে এক নতুন স্বাদের স্বতন্ত্র গ্রন্থের মর্যাদা লাভ করেছে।

হরিবংশ কাব্যে ভাগবত পুরাণের প্রভাব :

ভবানন্দের *হরিবংশ* বাংলা অনুসারী সাহিত্যের অন্তর্গত কৃষ্ণলীলা বিষয়ক কাব্য। ভবানন্দ ভাগবতের কাহিনি দ্বারা প্রভাবিত হয়ে কাব্য রচনা করলেও কাব্যটির গতানুগতিক নামকরণ করেননি। তিনি কাব্যের ভণিতায় অনেক বার বলেছেন যে তার কাব্যের উৎস হল ব্যাসদেব রচিত *হরিবংশ*। কিন্তু সংস্কৃত খিল হরিবংশের কাহিনি বা চরিত্রের সঙ্গে ভবানন্দের *হরিবংশ* কাব্যের কাহিনি বা চরিত্রের কোনো মিল খুঁজে পাওয়া যায় না। তিনি লিখেছেন—

সত্যবতী-সূত ব্যাস নারয়ণ-অংশ।
সংক্ষপে রচিল পুণ্য-শ্লোক হরিবংশ।।
সেই শ্লোক বাখান করিয়া পদ-বন্ধে।
লোকে বুঝিবারে বোলে দীন ভবানন্দে।।[১৪]

ভবানন্দ সংস্কৃত *হরিবংশ* কাব্যের কাহিনিকে ব্যাখ্যা করে লোক সমাজকে বোঝাবেন বলে উল্লেখ করেছেন। কিন্তু প্রকৃতপক্ষে সংস্কৃত *হরিবংশ* কাব্যের সাথে এই কাব্যের কোনো মিল নেই, বরং ভাগবত পুরাণের কাহিনি ও চরিত্রের সঙ্গে তাঁর কাব্যের কাহিনি ও চরিত্রের ক্ষীণ সাদৃশ্য বর্তমান। ভবানন্দের কাব্য পুরণাশ্রয়ী হলেও তার আদ্যোপান্ত লৌকিক কাহিনি দ্বারা রচিত। ভবানন্দের কাব্যে ভাগবত পুরাণের বিভিন্ন প্রভাব দেখা যায়। যেমন—

১) ভবানন্দের *হরিবংশ* কাব্যের কাহিনির সূচনায় ভাগবত পুরাণের প্রভাব রয়েছে।

ভাগবতের কাহিনির সূত্রপাত সূতের কাছে শৌনকাদি মুনিগণের প্রশ্নের দ্বারা। ভবানন্দের কাব্যেও ভাগবতের মতোই প্রশ্ন দ্বারা কাব্যের শুরু। তবে এখানে প্রশ্নকর্তা হলেন জন্মেজয় ও বক্তা স্বয়ং ব্যাসদেব।

২) ভবানন্দ *হরিবংশ* কাব্যের বিভিন্ন কাহিনি-বীজ ভাগবত পুরাণ থেকে গ্রহণ করেছেন। যেমন— ক) শ্রীকৃষ্ণের জন্ম ও বাল্যলীলা; খ) গঙ্গা ও ভগীরথের বৃত্তান্ত; গ) শ্রীরাধার বিরহ; ঘ) শ্রীকৃষ্ণের অন্তর্ধ্যান; ঙ) বস্ত্র হরণ; চ) ব্রজ-গোপীদের সঙ্গে কৃষ্ণের বিলাস; ছ) অক্রুরের আগমন; জ) যশোদার নিকট কৃষ্ণের বিদায়; ঝ) শ্রীকৃষ্ণের গমনে ব্রজের দুর্দশা; ট) নন্দ প্রভৃতির কৃষ্ণ ছাড়া ব্রজে প্রত্যাগমন; ঠ) উদ্ধব সংবাদ প্রভৃতি।

হরিবংশ কাব্যে মৌলিক ভাবনা :

ভবানন্দ হরিবংশ কাব্যে ভাগবত পুরাণের কাহিনিকে নাম মাত্র গ্রহণ করেছেন। তিনি ভাগবতের সেই কাহিনি বীজকে নিজের কল্পনা শক্তি দ্বারা পল্লবিত করে উপস্থাপন করেছেন। আমরা ভবানন্দ বর্ণিত একটি কাহিনিকে বিশ্লেষণ করে দেখাতে পারি যে তাঁর কাব্যে কীভাবে ভাগবত পুরাণের প্রভাব পড়েছে। মূল ভাগবত পুরাণের দশম স্কন্ধের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদে ভগবান কৃষ্ণের জন্মকথা ও এরপর এই স্কন্ধের নানা অধ্যায়ে কৃষ্ণের বাল্যলীলা বর্ণিত হয়েছে। কিন্তু ভবানন্দ ভাগবতের দশম স্কন্ধের এই কাহিনিকে সম্পূর্ণরূপে বর্জন করেন। তিনি কাহিনির কার্যকারণ রক্ষার জন্য কৃষ্ণের জন্ম ও বাল্যলীলা সম্পর্কে দুইটি পয়ার মাত্র রচনা করেছেন। নীচে তা উল্লেখ করা হল—

তবে প্রভু নারায়ণ শরীর ছাড়িয়া।
দৈবকী-উদরে জন্ম লভিলা আসিয়া।।
গোকুলে আনিয়া বসুদেবে থুইল তানে।
মহা মহা অসুর মারিলা বৃন্দাবনে।।[১৫]

রাধা ও কৃষ্ণের শৃঙ্গার রসাত্মক প্রেমলীলা বর্ণনাই ভবানন্দের মুখ্য উদ্দেশ্য। তাই তিনি কৃষ্ণের জন্মকথা ও বাল্যলীলা সংক্রান্ত বিষয়কে বর্জন করেছেন। তাঁর কাব্যে কৃষ্ণ কর্তৃক অসুর বধের একটা কাহিনিও স্থান পায়নি। তার পরিবর্তে তিনি ভাগবত বহির্ভূত শৃঙ্গার রসাত্মক কাহিনিকে অধিক বিস্তৃত আকারে বর্ণনা করেছেন। যেখানেই সুযোগ পেয়েছেন সেখানেই তিনি রাধা ও কৃষ্ণের আদিরসাত্মক ক্রিয়াকলাপের বিবরণ দিয়েছেন। তাঁর সমগ্র কাব্যটিই মূল ভাগবত পুরাণে বর্ণিত কৃষ্ণ ও ব্রজগোপীদের প্রেমলীলার সামান্য অংশের বৃহৎ ও গ্রাম্য সংস্করণ।

তাঁর কাব্যে লোক-প্রচলিত গ্রাম্য কথারই প্রাধান্য বেশি। বড়াই, মহোদা, রাধার শাশুড়ি প্রমুখ চরিত্র কবির মৌলিক প্রতিভার নিদর্শন। তাঁর কাব্যে মধ্যযুগের গ্রাম-বাংলার সমাজ জীবন্ত হয়ে উঠেছে। কিন্তু তাঁর কাব্য শুদ্ধ কৃষ্ণ ভক্তির প্রতীক ভাগবত পুরাণের অনুসারী হয়েও অশ্লীলতা দোষে দুষ্ট।

ভাগবত পুরাণের প্রভাবে প্রভাবিত হয়ে অনুবাদকেরা ভাগবতের অনুবাদ কার্যে লিপ্ত হন। মালাধর বসু, রঘুনাথ ভাগবতাচার্য, সনাতন ঘোষাল বিদ্যাবাগীশ ভাগবত পুরাণের প্রভাবে

প্রায় মূলানুগ অনুবাদ করেছেন। এই অনুবাদগুলি ভাগবত পুরাণের সর্বোচ্চ প্রভাবকে প্রদর্শন করে। কোনো কোনো কবি ভাগবতের প্রভাবে প্রভাবিত হয়েছেন ঠিকই কিন্তু ভাগবতের প্রভাবকে সম্পূর্ণ রূপে গ্রহণ করেননি। তাঁরা ভাগবতের মূল কাহিনি, ঘটনা, চরিত্রকে অবিকৃত রেখে নিজের কল্পনা শক্তির দ্বারা কৃষ্ণকথাকে পল্লবিত করে নতুন ভাবে উপস্থাপন করেন। তাঁদের কাব্যে মঙ্গলকাব্যের প্রভাবও লক্ষণীয়। এই শ্রেণির ভাগবতের অনুবাদ ও অনুসারী গ্রন্থের সংখ্যাই বেশি। দুঃখী শ্যামদাসের *গোবিন্দমঙ্গল*, মাধবাচার্যের *ভাগবতসার*, কৃষ্ণদাসের *কৃষ্ণমঙ্গল*, পরশুরামের *কৃষ্ণমঙ্গল*, অভিরাম দাসের *গোবিন্দ মঙ্গল* প্রভৃতি। আবার কোনো কোনো ভাগবত অনুসারী গ্রন্থ কেবল ভাগবতের কাহিনি বীজ বা চরিত্রের নামটি মাত্র গ্রহণ করে নতুন ও স্বতন্ত্র রসের কৃষ্ণায়ন জাতীয় গ্রন্থ রচনা করেছে। এই শ্রেণির ভাগবত প্রভাবিত গ্রন্থের মধ্যে গুরুত্বপূর্ণ হল ভবানন্দ রচিত *হরিবংশ*, কবিবল্লভের *রসকদম্ব*। আধুনিক যুগের বিচিত্র সাহিত্যধারাও ভাগবতের প্রভাবে প্রভাবিত হয়েছে নানা ভাবে। মধ্যযুগে রচিত ভাগবত পুরাণ প্রভাবিত বাংলা ভাগবত এবং ভাগবত অনুসারী সাহিত্যধারা রামায়ণ-মহাভারতের অনুবাদের মতো এতটা জনপ্রিয়তা লাভ করতে পারেনি। অথচ ভাগবতের অনুবাদ ও ভাগবত অনুসারী সাহিত্যধারার ঐতিহাসিক ও সাহিত্যিক মূল্য অন্যান্য সাহিত্যধারার তুলনায় কম নয়।

সূত্রনির্দেশ ও মন্তব্য :

১) বিস্তারিত আলোচনার জন্য দ্রষ্টব্য-
মুহম্মদ শহীদুল্লাহ, *বাংলা সাহিত্যের কথা*, প্রথম মাওলা ব্রাদার্স সংস্করণ, চতুর্থ মুদ্রণ, ঢাকা, মাওলা ব্রাদার্স, সেপ্টেম্বর ২০১৪, পৃ. ১০-১৫

২) বিস্তারিত আলোচনার জন্য দ্রষ্টব্য-
দীনেশচন্দ্র সেন, *বঙ্গভাষা ও সাহিত্য*, চতুর্থ সংস্করণ, কলকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ১৯২১, পৃ: ১১৫-১২০

৩) ব্যাসদেব *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ*, চতুর্থ মুদ্রণ, গোরক্ষপুর, গীতা প্রেস, ২০১১, পৃ. ১২

৪) বিস্তারিত আলোচনার জন্য দ্রষ্টব্য -
গীতা চট্টোপাধ্যায়, *ভাগবত ও বাংলা সাহিত্য*, কলকাতা, কবি ও কবিতা, জন্মাষ্টমী ১৩৭৯, পৃ. ৫৩-৬২

৫) ব্যাসদেব, *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ*, চতুর্থ মুদ্রণ, গোরক্ষপুর, গীতাপ্রেস, ২০১১, পৃ. ১০৯৬

৬) মালাধর বসু, *শ্রীকৃষ্ণবিজয়*, অমিত্রসূদন ভট্টাচার্য এবং সুমঙ্গল রানা সম্পাদিত, কলকাতা, রত্নাবলী, জানুয়ারি ২০০৩, পৃ. ১৭৪

৭) রঘুনাথ ভাগবতাচার্য, *শ্রীশ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী*, নদীয়া, শ্রীচৈতন্যবাণী প্রেস, ২০০৪, পৃ. ৪

৮) ব্যাসদেব, *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ*, চতুর্থ মুদ্রণ, গোরক্ষপুর, গীতাপ্রেস, ২০১১, পৃ. ১২

৯) রঘুনাথ ভাগবতাচার্য, *শ্রীশ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী,* নদীয়া শ্রীচৈতন্যবাণী প্রেস, ২০০৪, পৃ. ৩

১০) ব্যাসদেব, *শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ,* চতুর্থ মুদ্রণ, গো ারক্ষপুর, গীতাপ্রেস, ২০১১, পৃ. ১০৮৮

১১) রঘুনাথ ভাগবতাচার্য, *শ্রীশ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিনী,* নদীয়া, শ্রীচৈতন্যবাণী প্রেস, ২০০৪, পৃ. ২১০

১২) দুঃখী শ্যামদাস, *গোবিন্দমঙ্গল,* ঈশানচন্দ্র বসু সম্পা, তৃতীয় সংস্করণ, কলকাতা, বঙ্গবাসী ইলেক্টা মেশিন প্রেস, ১৩৩৩, পৃ. ১২

১৩) তদেব পৃ. ২৯

১৪) ভবানন্দ, *হরিবংশ,* সতীশ চন্দ্র রায় সম্পা, ঢাকা, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৩৩৯, পৃ. ৩৫

১৫) তদেব পৃ. ১০

Creatcrit : ISSN 2347-8829
Vol.-7 No.-1, January, 2020
PP 139–149

Selected Short Stories of Ashapurna Devi : A Reading of Life and Problems of Woman

Abhijit Saha
Research Scholar, Gauhati University, Guwahati

Abstract:

With the spread of female education in 19th century in India Indian Women began to express their hearts' desire publicly, through the medium of literature. They became much intrested to pen their weals and woes, their hopes and aspirations. Taking the life of fictional characters as medium they portrayed life of the real women living in the society; their trials and tribulations, their problems and the challenges that they encounter in their daily life. One such woman literateur is Ashapurna Devi who tries to portray life of a woman by delving into her mind authentically. In her works we find emotions, sensibilities and finger sentiments of female characters. Her short stories such as Kasai, Barafjal, 'Ekti Mrutyu O Aar Ekti' have portrayed beutifully language of life of the women. Our paper aims to discuss the major concerns of Ashapurna Devi while portraying female characters, their life and problems and the society in which they live.

Key words : *Woman, society, life, problem, middle class society.*

ভূমিকা : একজন সাহিত্যিক লেখক হওয়ার সঙ্গে সঙ্গে তিনি সমাজের একজন মানুষও বটেন। হাতে কলম ধরার পূর্বে এই সমাজে তিনি বাস করছেন এবং বুঝতে পারছেন সমাজের ভালো কিংবা মন্দ। এই ভালো-মন্দ মিলিয়ে তাঁর যে সামগ্রিক জীবন পরিচর্যা, তাকে হাতিয়ার করেই শুরু হয় সাহিত্যিকের সাহিত্য সাধনা। সমাজের মন্দ দিকগুলোর প্রতি তাঁর দৃষ্টি থাকে ঠিকেই, কিন্তু সেই কলুষিত দিকগুলো পরিষ্কার করার উদ্দেশ্যে তিনি লেখনী ধারণ করেন না। তাঁর মূল উদ্দেশ্য থাকে ভালোর সঙ্গে মিশ্রিত মন্দ দিকগুলো এবং সেই মন্দ দিক ভালো দিককে কীভাবে প্রভাবিত করছে সেই ভাবনাগুলোকে পাঠক সমাজের কাছে পৌঁছে দেওয়া। বিশ শতকের প্রথম দশকে এই সমাজের বুকেই জন্মেছিলেন কথাসাহিত্যিক আশাপূর্ণা দেবী

(১৯০৯-১৯৯৫)। ১৯২৩ সাল থেকে তাঁর দীর্ঘ বাহাত্তর বছরের সাহিত্য সাধনার বিস্তৃত পরিসরে স্থান পেয়েছে তাঁর সমাজ ভাবনার সূক্ষ্ম দিকগুলি। রক্ষণশীল সমাজের এক মধ্যবিত্ত পরিবারে জন্মেছিলেন বলেই সমাজের কলুষিত দিকগুলো তাঁর দৃষ্টিগোচর হয়েছিল ভালোভাবেই। বালিকা থেকে বৃদ্ধা, মধ্যবিত্ত সমাজ পরিবেশে প্রতিটি নারীর জীবন সমস্যাকে বুঝতে সক্ষম হয়েছিলেন আশাপূর্ণা দেবী। বিশ শতকের মধ্যবিত্ত সমাজের একজন মানুষ হওয়ার সঙ্গে সঙ্গে তিনি একজন মহিলা লেখক। আর তাই মধ্যবিত্ত মহিলাদের অন্তঃপুরের সমস্যাজর্জর কাহিনিগুলি উঠে এসেছে তাঁর কলমের অগ্রভাগে। নারীবাদী তকমা পাওয়ার তাগিদে কিন্তু তিনি সাহিত্য জগতে পদার্পণ করেননি, করেছেন আপন অভিজ্ঞতায় বৃহৎ পরিসরে চারদেয়ালে আবদ্ধ নারীজাতির দুঃখ দুর্দশার চিত্রগুলি সমাজের কাছে পৌঁছে দিতে।

উদ্দেশ্য : বর্তমান কালে নারীজাতির যে অগ্রগতি, তার পেছনে একটি বৃহৎ ইতিহাস আছে। রক্ষণশীল ক্ষুদ্র মানসিকতার অধিকারী সমাজের নিগড় ছিন্ন করে রামমোহন ও বিদ্যাসাগর যদি নারীসমাজকে না উদ্ধার করতেন, তবে আজকের পটভূমিতে নারীরা এ জায়গায় পৌঁছতে কতটা সক্ষম হতেন সে বিষয়ে আমাদের মনে প্রশ্ন জাগে। আশাপূর্ণা সেই রক্ষণশীল পরিবারেরই একজন কন্যা। মধ্যবিত্ত সেই রক্ষণশীল সমাজের মেয়েদের যন্ত্রণা ও তা থেকে বেরিয়ে এসে নিজেদের আত্মপ্রতিষ্ঠার ছোটো ছোটো কাহিনিগুলিই ধরা পড়েছে তাঁর ছোটোগল্পের দর্পণে। তাদের প্রাত্যাহিক জীবনের খুঁটিনাটি তথ্যের সঙ্গে সঙ্গে উঠে এসেছে তাদের ব্যক্তিগত ও পারিপার্শ্বিক সমস্যার কথা। বিশেষ করে কর্মক্ষেত্রে বেরিয়ে আসার ফলে ঘরোয়া জীবন ও বাইরের জীবন উভয় ক্ষেত্রেই নারীজাতিকে যেসব সমস্যার সম্মুখীন হতে হয়েছে সেসব সমস্যার কথা আশাপূর্ণা দেবীর প্রতিনিধিস্থানীয় চারটি ছোটোগল্প বিশ্লেষণের মাধ্যমে আলোচনা করাই আলোচ্য প্রবন্ধের উদ্দেশ্য।

সাহিত্য পর্যালোচনা : আশাপূর্ণা দেবীর ছোটোগল্প নিয়ে এ যাবৎ বহু আলোচনা আমাদের দৃষ্টিগোচর হয়েছে। এরমধ্যে রয়েছেন অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, অরুণকুমার মুখোপাধ্যায়, সুমিতা চক্রবর্তী, উজ্জ্বল কুমার মজুমদার, তরুণ মুখোপাধ্যায় প্রমুখ সুধীজন। তাঁদের আলোচনার মর্মমূলে নিহিত ছিল আশাপূর্ণা দেবীর ছোটোগল্পগুলি। কিন্তু নারী চরিত্র আশাপূর্ণা দেবীর ছোটোগল্পের একটি কেন্দ্রীয় বিষয়। সেই আলোচনাগুলোয় নারী চরিত্র বা নারীর জীবন সমস্যামূলক বিষয়টি বিশদভাবে ব্যক্ত হয়নি। তাই উক্ত বিষয়টিকে আমি আমার গবেষণা পত্রের প্রাণমূলে জায়গা দিতে চেষ্টা করেছি।

পদ্ধতি : গবেষণা পত্রটি প্রস্তুত করতে গিয়ে বিশ্লেষণাত্মক পদ্ধতি প্রয়োগ করা হয়েছে। তথ্য আহরণের ক্ষেত্রে মুখ্য উৎস হিসেবে গল্পকারের নির্বাচিত চারটি গল্প এবং গৌণ উৎস হিসেবে বিভিন্ন সহায়ক গ্রন্থ ও পত্র-পত্রিকার সাহায্য নেওয়া হয়েছে।

মূল আলোচনা : প্রত্যেক সাহিত্যিকের সাহিত্যকর্ম নিয়ে আলোচনার পূর্বে তাঁর জীবন ও সাহিত্যকৃতি সম্পর্কে অবগত হওয়া জরুরি। বিশ শতকের প্রথম তিন দশক পারিবারিক অন্তঃপুর থেকে বেরিয়ে এসে একা রাস্তায় হাঁটার উপায়টুকু ছিল না মেয়েদের। তাদের স্কুল-

কলেজে পড়তে পাঠাতেন কেবল মুষ্ঠিমেয় প্রগতিশীল পরিবারের অভিভাবকরা। মেয়েদের বয়স পনেরো পার হওয়া ছিল প্রায় বিপ্লব। আর তাদের চাকরি করতে যাওয়াকে মনে করা হত পরিবারের অপমান। অথচ এরমধ্যেও বাঙালি মেয়ে যখনই বর্ণমালা আয়ত্ত্ব করার সুযোগ পেয়েছেন, প্রায় তখন থেকেই সাদা কাগজে কালির লিখনে উদ্‌ঘাটন করেছেন নিজেদের হৃদয় ও আবেগ। শুধু তাই নয়; তৎসঙ্গে উজাড় করেছেন নিজেদের মেধা, মননশীলতা, সমাজ-ভাবনা এবং প্রতিবাদ পরায়নতাকে। প্রথম বিশ্বযুদ্ধ শেষ হয়ে যাওয়ার পর থেকে একদিকে শিক্ষিত মধ্যবিত্ত পরিবারের সংখ্যা বৃদ্ধি পেল এবং অন্যদিকে মন্দা, বেকার সমস্যা, গ্রামীণ অর্থনীতির বিপর্যয়ের চাপে বাঙালি মধ্যবিত্তের জীবনদৃষ্টি একটু একটু করে পরিবর্তিত হতে লাগল। ঠিক সেই সময়েই কলম উঠে এল আশাপূর্ণার হাতে। উত্তর কলকাতার বিরাট এক রক্ষণশীল যৌথ পরিবারে ১৯০৯ খ্রিস্টাব্দে ৮-ই জানুয়ারি শুক্রবার (২৪শে পৌষ ১৩১৫ সাল) তাঁর জন্ম হয়। কোনো স্কুল-কলেজে পড়ার সুযোগ না-দিয়েও বালিকা আশাপূর্ণার মনকে অন্তঃপুরে আবদ্ধ করে রাখা যায়নি। আশাপূর্ণার সাহিত্যজীবন শুরু হয়েছে খাতার পাতায় কবিতা চর্চা দিয়ে। মাত্র তেরো বছর বয়সে তাঁর প্রথম রচনা 'বাইরের ডাক' (১৩২৯ বঙ্গাব্দ) কবিতাটি 'শিশুসাথী' পত্রিকায় প্রকাশিত হয় শ্রী রাজকুমার চক্রবর্তীর উদ্যোগে। এরপরই তাঁর দ্বিতীয় লেখা প্রথম গল্প 'পাশাপাশি' ওই পত্রিকাতেই প্রকাশিত হয়। এর দুই বছর পর কালিদাস গুপ্তের সঙ্গে তিনি বিবাহসূত্রে আবদ্ধ হন; তখন তাঁর বয়স পনেরো। সাহিত্যকৃতির ক্ষেত্রে সৌভাগ্যক্রমে স্বামী দাঁড়িয়েছিলেন তাঁর পাশে। তাই আশাপূর্ণার দেবীর সাহিত্য চর্চা বন্ধ হয়ে যায়নি। সংসার সামাল দিয়েও তিনি লেখিকা হয়ে উঠলেন অচিরেই। পত্রিকায় তাঁর গল্পের চাহিদা বাড়ল, ক্রমে ক্রমে প্রকাশকেরাও আগ্রহী হলেন তাঁর লেখার প্রতি। লেখার জন্য তাঁর পরিবেশ বা বিশেষ সময়ের প্রয়োজন হয়নি। দীর্ঘ জীবনে গৃহবধূ ও মায়ের ভূমিকা পালন করতে করতেই লিখে ফেলেছেন দেড় হাজারেরও বেশি ছোটোগল্প ও দেড়শোর বেশি উপন্যাস। কথাসাহিত্যিক জগদীশ গুপ্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় সম্পর্কে বলেছিলেন, 'গভীর উদ্দেশ্য লইয়া, নিজেকে বিশ্বসাহিত্যের সহিত সংশ্লিষ্ট মনে করিয়া তিনি অকুতোভয়ে গল্প লেখেন নাই।'[১] — আশাপূর্ণা দেবীর ক্ষেত্রেও এই মন্তব্যটি অবিকল প্রযোজ্য। তাঁর যুগে তিনি একমাত্র প্রতিষ্ঠিত সাহিত্যিক যিনি বাংলা ছাড়া অন্য কোনো ভাষা জানতেন না। তাঁর লেখায় মধ্যবিত্ত পুরুষ ও নারী নানা মহিমায় প্রকাশ পেয়েছে।

আশাপূর্ণা দেবীর প্রথম প্রকাশিত বই 'ছোট ঠাকুর্দার কাশীযাত্রা' (শ্রাবণ, ১৩৪৫ সাল/১৯৩৮ খ্রিস্টাব্দ)। আর তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস 'প্রেম ও প্রয়োজন' (১৩৫১ সাল/১৯৪৪ খ্রিস্টাব্দ)। বড়োদের জন্য লেখা তাঁর প্রথম গল্প 'পত্নী ও প্রেয়সী'; গল্পটি পরবর্তীকালে 'জল আর আগুন' (১৩৪৭ বঙ্গাব্দ/১৯৪০ খ্রিস্টাব্দ) নামক প্রথম গল্পগ্রন্থে স্থান পায়। তাঁর বিশেষ উল্লেখযোগ্য অসাধারণ ত্রি-পার্বিক উপন্যাস 'প্রথম প্রতিশ্রুতি' (প্রথম প্রকাশ, কথাসাহিত্য পত্রিকা, ফাল্গুন ১৩৭১/১৯৬৪), 'সুবর্ণলতা' (বসুমতি পত্রিকা, চৈত্র ১৩৭৩/১৯৬৬) ও 'বকুলকথা' (কথাসাহিত্য পত্রিকা, চৈত্র ১৩৮০/১৯৭৩)-য় গোটা নারী সমাজের আশা

আকাঙ্ক্ষা ও দুঃখ-বেদনার কথা বলেছেন। 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের জন্য ১৩৭২ সালে আশাপূর্ণা লাভ করেন 'রবীন্দ্র পুরস্কার' এবং ১৩৮৪ সালে লাভ করেন বিশ্ব সাহিত্যের সেরা 'জ্ঞানপীঠ পুরস্কার'। উপন্যাসটি বহু ভারতীয় (হিন্দি, অসমিয়া, মারাঠী, ওড়িয়া ও মালয়লম) ভাষায় অনুদিত হওয়ায় ও জ্ঞানপীঠ পুরস্কার প্রাপ্তির সুবাদে তাঁর খ্যাতি সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়ে। কালজয়ী এই উপন্যাসটি ইংরাজি ২০০৪ সালে 'The First Promise' নামে অনূদিত হয় ইন্দিরা চৌধুরীর হাত দিয়ে। 'সংসদ বাঙালি চরিতাভিধান' (২-য় খণ্ড)-এ অঞ্জলি বসু বলেছেন, "... তাঁর সাহিত্যকৃতির জন্য তিনি পেয়েছেন — রবীন্দ্র পুরস্কার, সাহিত্য আকাদেমি পুরস্কার, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ডি.লিট. ডিগ্রী ও সরকারি খেতাব।"[২]

পরিবারে ঠাকুরমার কঠোর অনুশাসনের দরুণ প্রথাগত স্কুল-কলেজের শিক্ষালাভ থেকে বঞ্চিত হতে হয়েছিল আশাপূর্ণা দেবীকে। শিক্ষালাভের অদম্য ক্ষুধা তাঁকে তাঁর দাদাদের পড়া শুনে শুনে 'বর্ণপরিচয়' আয়ত্ত করতে সহায় করেছিল। রক্ষণশীল পরিবার হলেও শিক্ষার ক্ষুদ্র পরিবেশ বাড়িতে ছিল বৈকি। পিতা হরেন্দ্রনাথ গুপ্ত ছিলেন অঙ্কনশিল্পী, মাতা সরলাসুন্দরী দেবীও ছিলেন একজন সাহিত্য অনুরাগী পাঠক। লাইব্রেরী থেকে প্রতিনিয়ত বই আসত বাড়িতে। একটু পড়তে শেখা মাত্রই গো-গ্রাসে হেমচন্দ্রের গ্রন্থাবলি, মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য', প্রিয় সাহিত্যিক রবি ঠাকুরের 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' মুখস্ত করে নিয়েছিলেন। জানলায় বসে যেমন 'বিজয় বসন্ত' পড়তেন, তেমনি বাইরের জগতটিও তাঁর জানলায় বসেই দেখা। তাঁর দিদি ও বোন দুজনেই আঁকতে ও কবিতা লিখতে পারতেন। পরিবারের এই শিক্ষামূলক পরিবেশই তাঁর সাহিত্যমানস গড়তে সহায়ক হয়ে উঠেছে।

সাহিত্যিক আশাপূর্ণা সাহিত্য রচনায় অগ্রসর হন ছোটোদের লেখা দিয়েই। পরিপক্কতার অভাব যে ছিল তা কিন্তু নয়, তিনি মনে করতেন বড়োদের জন্য লেখা মানেই "প্রেম ভালোবাসা, প্রণয়, প্রণয়ভঙ্গ, বিরহ মিলন।"[৩] তাই সাহিত্য সৃষ্টির প্রথম জীবনে শিশু সাহিত্য নিয়েই থেকেছেন। তিনি বলেন, "সেই ১৩২৯ থেকে ১৩৪৩ পর্যন্ত যা কিছু লিখেছি ওই ছোটোদের জন্যেই।"[৪] তবে 'ঔপন্যাসিক' হিসেবেই তিনি পরিচিত পেয়েছেন বেশি। কিন্তু, ছোটোগল্প দিয়েই তার সাহিত্যজীবন শুরু এবং তা তাঁকে কিছুটা হলেও স্বীকৃতি এনে দিয়েছিল। প্রকৃতিপ্রেমিক লেখকদের রচনা তাঁকে আকৃষ্ট করলেও সেই বর্ণাঢ্য প্রকৃতিকে কাছ থেকে দেখার অবকাশ তিনি পাননি। তিনি যেটুকু দেখেছেন তা চার দেওয়ালের মধ্যে বসেই। তিনি বলেন, "... ও আমার সাধ্যের বাইরে। সাধ্যের মধ্যে শুধুই মানুষ, মধ্যবিত্ত ঘরোয়া মানুষ, যে আমার একান্ত চেনা জানা।"[৫] এই চেনা-জানা জগতের বাইরে তিনি কখনও পা বাড়াতে যাননি। তাঁর যা কিছু সৃষ্টি সব এই চেনা জগতেরই ফসল।

আশাপূর্ণার চেনা-জানা জগতের ফসল স্বরূপ যে ছোটোগল্পগুলো লিখেছেন তার মধ্যে অন্যতম একটি প্রিয় ছোটোগল্প হল 'কসাই' (১৩৬৫ বঙ্গাব্দ। গল্পটিতে আমরা দেখি সংসারে আপন অস্তিত্ব বজায় রাখতে রুগ্ন ছেলেকে ঘরবন্দি করে রান্নাঘরে পড়ে থাকতে হয় কমলার মতো মেয়েদের। স্ত্রীর হয়ে প্রশ্ন করতে গেলে রুগ্ন ছেলেটিরই দুর্দশা বাড়বে ভেবে তাকে নিয়ে

ঘরে বসে থাকে স্বামী সমরেশ। কারণ রাগ করে কমলা হয়তো আরও দেরি করবে সংসারের কাজে। বড়ো-জা থেকে শুরু করে বিধবা ননদ, বড়ো ভাজ কেউই কমলার রুগ্ন ছেলেকে নিয়ে কটুক্তি করতে ছাড়ে না। কমলাকে এও শুনতে হয়, "অমন ছেলেকে নুন খাইয়ে মারতে হয়।"[৬] ছেলেটি জানোয়ারের কণ্ঠে কান্নার চিৎকারের উৎস কেউ খুঁজতে যায় না। ডাক্তারের মুখে অ্যালার্জি নামটি শুনে হাসি টিটকারি করেই চলে বাড়ির লোকজন। মৃত্যুকামনাপ্রার্থী কটুভাষিণী বিধবা ননদের তীব্র ঘোষণায় চোখে জল এলেও কমলাকে সকলযন্ত্রণা চেপে যেতে হয়। স্বামী সমরেশ শিশুর চিৎকার সামলাতে না পেরে নিজেই চিৎকার করে বলে ওঠে, "পিণ্ডির যোগাড় আর শেষ হচ্ছে না? ও কাজ আর কাউকে দিয়ে হতে পারে না? না হয় বাজার থেকে পাউরুটি এনেই গেলা যাক না?"[৭] ছেলের অসহ্য চিৎকারে সমরেশের ধৈর্যের বাঁধ ভেঙে গেলেও বাড়ির বড়ো-জা অন্য কথা বলে। বোঝেন না শিশুর আর্ত করুণ চিৎকারের কারণ। তাই তার মুখেই সমরেশের অনুপস্থিতিতে কমলাকে শুনতে হয় স্বামীর নামে স্থূলবাক্য, "ছেলেকে চিমটি কেটে কাঁদিয়ে এমন ঠেস দিয়ে 'কথা' শুনিয়ে দিয়ে যাবার দরকারটা কি ছিল।"[৮] — জা-এর এই কটু বাক্যে কমলার মাথায় প্রতিবাদের আগুন জ্বলে ওঠে। কিন্তু সেই প্রতিবাদের ভাষা পায় রুগ্ন ছেলের পিঠের একটি চড়ের মধ্য দিয়ে। ছেলের চিৎকারে তার জ্যাঠা কাকারাও একে একে ছুটে আসতে বাধ্য হন। ছেলের চিৎকারের আসল কারণ না খুঁজে "... 'সেজো বৌ কোথাও চলে গেছে কিনা' এই প্রশ্নে পঞ্চমুখ হয়ে ওঠে সবাই।"[৯] শেষ পর্যন্ত কমলা তার জেদেরে বাঁধ ধরে রাখতে না পেরেই বলেই বসে— "আপদ তো মরেও না।"[১০] শিশুর চিৎকারে অসহ্য হয়ে বাড়ির বাইরে বেরিয়ে যায় এবং কমলাও মরিয়া হয়ে ক্রন্দনরত ছেলেকে নিয়ে উঠে যায় তিনতলার ছাদে। বাড়ির নীচতলায় যন্ত্রণাময় পরিবেশকে ছাপিয়ে ছাদে চৈত্রের এলোমেলো বাতাসে ছেলেটিকে পাশে বসিয়ে কমলাও কাঁদতে কাঁদতে মুক্তি খুঁজে ফেরে। কিন্তু শান্তির সেই শীতল পরিবেশে ক্লান্ত রুগ্ন বাচ্চাটিও যে কখন ঘুমিয়ে পড়েছে কমলা তা বুঝতেও পারেনি। লেখিকা শিশুর এই চিরশান্তির সঙ্গে সঙ্গে শোক বিহ্বল পরিবেশটির নিদারুণ বর্ণনা দেন, "কুৎসিত কান্না-হীন শান্ত মৌন বাড়ি! আর কানে তালা লাগবার মত যন্ত্রণা নেই। ... হ্যাঁ শুধু সেই কান্নাটাই চুপ হয়নি, সকলেই একটু চুপ হয়ে গেছে। ... শুধু মাঝে মাঝে অস্ফুট একটা শব্দ।"[১১] কিন্তু, কমলা জানে এই স্তব্ধতা আর কতদিনের। তাকে আবার সন্তান হারাবার যন্ত্রণা ছাপিয়ে সংসারের ঘানি টানার কাজে নিজেকে নিয়োগ করতে হবে। কিন্তু আজ তাকে আর কেউ ডাকে না। তাই কণ্ঠস্বরের তীক্ষ্ণতা ধরে রাখতে না-পেরে সমরেশের মুখের ওপর অভিযোগের সুরে নিজের জীবন সমস্যার কথা বলে ওঠে কমলা, 'সংসারে কারুর প্রাণে দয়া নেই! এইতো আমি পড়ে আছি, দিব্যি চলে যাচ্ছে সংসার, শুধু তখনই ছেলেটাকে মেরে ফেলতে—"[১২] এখানেই থামে না কমলা; সে আরও বলে, "শেষদিন অবধি তাকে ফেলে রেখে হেঁসেল সামলেছি আমি! কেউ বলে নি, 'আহা ওর ছেলে মরেছে। কসাই! তোমরা সব্বাই কসাই!'—"[১৩]— কমলার এই অভিযোগে বিচলিত হয় না সমরেশ। নিজের পরিবার-পরিজনদের নিষ্ঠুরতার সম্পর্কে বিন্দুমাত্র কটু সমালোচনা শোনা যায় না তার কণ্ঠে। বরং

বিদ্রূপের ধারালো হাসি হেসে কমলাকে বলে— "কসাই আমরা, না তুমি?"[১৪] — সত্যি তো মুমূর্ষু ছেলের মরণ যন্ত্রণার চিৎকারকে অবহেলা করে বাক্যযন্ত্রণা সহ্য করার ভয়ে কমলাদের মতো মেয়েকে কসাই হয়ে উঠতে হয়।

পুত্রশোকে আকুল হয়েও কমলা যে আত্মসমর্থনের প্রাসাদ গড়েছিল সেই তাসের প্রাসাদ ভেঙে ফেলতে সমরেশের একটা ফুঁৎকারই যথেষ্ট। শোক বিহ্বল হৃদয় সমরেশের কাছে আজ মূল্যহীন, তার কাছে বড়ো হয়েছে অপরের নিষ্ঠুরতা ও হৃদয়হীনতার বদলে স্ত্রীর মমতাহীন আপন স্বার্থপরতা। তাই কমলার সুপ্ত বিদ্রোহী মনে শুধুই জুটেছে সমরেশের ঘৃণাটুকু। সমাজে পুত্রহারা কমলার মতো নারীদের বাঁচার শেষ অবলম্বন সেই স্বামী এবং তার পরিবারের কুরুচিকর কটুক্তি ও ঘৃণাবাক্য। সংসারের যূপকাষ্ঠে আপন সুখ-সমৃদ্ধি, দুঃখ-কষ্ট, হর্ষ-বিষাদ, ক্লান্তি-খেদ সর্বস্ব বলিদান দিয়ে কমলাদের শুনতে হয় "আত্মসর্বস্ব স্বার্থপর তোমরা, কাউকে ভালোবাসতে পারো না, ভালোবাসো একমাত্র নিজেকে।"[১৫]— সংসারের যাঁতাকলে চাপা পড়ে তারা শেষপর্যন্ত নিজের প্রতি নিজের ভালোবাসাকেও ধরে রাখতে অক্ষম হয়। অভিযোগের তীক্ষ্ণ বিদ্রোহের বদলে ঘৃণার অশ্রুবিন্দুটুকুই তাদের জন্য পড়ে থাকে— যা পুত্রহারা কমলাদের শেষ সম্বল।

আবার বিংশ শতাব্দীর সমাজ ব্যবস্থায় নিজের অবস্থান ঠিক কোথায় আশাপূর্ণার গল্পের নারীরা তা ভালোভাবেই জানে। তাই তারা সমাজের সমস্যাসঙ্কুল ভয়াবহ দৃষ্টি এড়াতে আগে থেকেই সাবধান হতে চায়। সমাজের ভয়ে নিজের মনকে পরিবর্তন করে নিতেও জানে আশাপূর্ণার চেনা জগতের বিধবা নারী। আপনজনদের কাছে মনের এই কঠোর পরিবর্তন অদ্ভুত মনে হলেও সমাজের কাছে এটা সত্য। নারী চরিত্রের বৈচিত্র্য সম্পর্কে আশাপূর্ণা বলেন, "যে মানুষদের মধ্যে রয়েছে উত্তরণের প্রেরণা, সুকুমার শুভবোধ, সেই মানুষই হয়তো পারিপার্শ্বিকতার চাপে অদ্ভূত একটি বিকৃত চেহারা নিয়ে ঘুরে বেড়াচ্ছে। যা বাইরের থেকে ঘৃণ্য, বিক্রিত।"[১৬]— তাইতো সমাজব্যবস্থার কথা চিন্তা করে, বৃথা লোকলজ্জার ভয়কে অতিক্রম করতে স্বেচ্ছায় বাল্যবন্ধু আপনভোলা দেবরটিকে ঘরছাড়া করেন এবং নিজেও চিরনিঃসঙ্গ জীবন্মৃত হয়ে যেতে বাধ্য হন এক পৌঢ়া বিধবা বৌদিদি। এমনই এক কঠোর নির্মম চিত্রালেখ্য 'আশাপূর্ণা দেবীর ছোটোগল্প সঙ্কলন'এর অন্তর্গত 'একটি মৃত্যু ও আর একটি' (শারদীয় আনন্দবাজার পত্রিকা, ১৩৯২ বঙ্গাব্দ) ছোটগল্পটি। স্বামী প্রিয়তোষের মৃত্যুর সঙ্গে সঙ্গে আর একটি মধুর সম্পর্কের মৃত্যু এ গল্পের মূল বিষয়বস্তু। সবদিক বিবেচনা করে সমাজের অগ্নিগর্ভে এ সম্পর্ককে বিসর্জন দিতে হয়েছে সুনয়নীকে। এই পৃথিবীকে সুনয়নী জানে ও চেনে এবং খুব ভালোভাবেই বুঝতে পারে স্বামীর অনুপস্থিতিতে চিরদিনের স্নেহ ভালোবাসার সমবয়সী দেবরটিকে নিয়ে একই বাড়িতে থাকলে সমাজের কাছে তা দৃষ্টিকটু মনে হবে। তাইতো প্রাণতুল্য বন্ধুসুলভ দেবর অলোকের সঙ্গে একই বাড়িতে থাকা নিয়ে সুনয়নী আপত্তি জানিয়ে তীব্রস্বরে তাকে বলে ওঠেন— "তোমার আপত্তি না থাক, আমার আছে। আমি কোনদিন রাঁধি, কোনদিন না রাঁধি তার ঠিক নেই। তোমায় নিয়ে আস্বস্তি!"[১৭] পারিপার্শ্বিক সমাজের কুনজরের কালিমা সুনয়নী ও অলোকের সুসম্পর্ককে যেন কলুষিত করতে না-পারে, তাই আগে থেকেই সুনয়নী

সাবধান হতে চেয়েছেন। তিনি জানেন তাঁর বয়স চল্লিশ অতিক্রম করলেও, দুই মেয়ের বিয়ে দিয়ে জামাই হয়ে গেলেও সমাজের হাত থেকে তাঁর নিস্তার নেই। আপনজনেরাই তাঁর এই সম্পর্ককে সুনজরে দেখত না, শেষে সমাজের কাছেও তাঁকে জবাবদিহি করতে হবে। প্রথাগত সমাজ সম্পর্কে অবগত সুনয়নী এও জানে যে— মেয়েরাই মেয়েমানুষের গায়ে কালি ছিটায়, তারা একে অপরকে বিশ্বাস করতে জানে না, জানে না ভালোবাসতে ও সম্মান করতে। সুনয়নীর জীবনে এই গভীর নির্লজ্জ সত্যের জানলাটা খুলে গেছে স্বামীর মৃত্যুর পরেই। তাই তো যে সুনয়নী এতদিন জানত "... জীবন মানে 'সুখ', জীবন মানে 'ভালোবাসা।' জীবন মানে 'নিশ্চিন্ততা"[১৮] — প্রিয়তোষের মৃত্যুর সঙ্গে সঙ্গে তাঁর এই জানার জগতটিকেও হত্যা করতে হয়েছে। আর তাই অনিশ্চিত সমাজের হাত থেকে রক্ষা পেতে সুনয়নী সত্য সম্পর্ককে মিথ্যে করে পরিস্কার ভাষায় অলোককে বাড়ি থেকে কেটে পড়ার নিষ্ঠুর বাক্যটি শুনিয়েছে— "পড়বে না তো কী করবে? তোমার আশ্রয়দাতা তো বিনা নোটিশে তোমায় পথে বসিয়ে দিয়ে চলে গেলেন। আমি একা মেয়েমানুষ, কোন শক্তিতে ঘরে তুলে এনে প্রতিষ্ঠা করে রেখে দেব বল।"[১৯]— পুরুষতন্ত্রের বাইরেও সমাজতন্ত্রের যুপকাষ্ঠে কীভাবে নারীকে তাঁর স্নেহ-ভালোবাসার-মায়া-মমতা-মনুষ্যত্বের অধিকারকে জলাঞ্জলি দিতে হয় আলোচ্য গল্পটিতে সেই সমস্যার চিত্রকেই ফুটিয়ে তুলেছেনে গল্পকার আশাপূর্ণা দেবী।

এভাবেই কাল বয়ে চলে, কালের কবলে পরিবর্তিত হয় যুগ। সেই যুগের সমাজব্যবস্থার সঙ্গে সঙ্গে পরিবর্তন হয় মানুষের মানসমুকুর। ধীরে ধীরে মানব সভ্যতা যাত্রা করে নাগরিক সভ্যতার অভিমুখে, তারা হয়ে ওঠে আধুনিক সভ্য সমাজের নাগরিক। যুগ আধুনিক হলেও মানবমন কতটা আধুনিক হয়েছে আশাপূর্ণার কলমের দৃষ্টি ছিল সেদিকেও। তাঁর জানার জগতের গণ্ডিটি খুব ছোটো হলেও সেই ছোটো জায়গা থেকেই লক্ষ করেছেন সমাজের পরিবর্তন। দেখেছেন সমাজ পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের মনের পরিবর্তন। ঘর-বাড়ি, আসবাব-পত্র, দালান-বাড়ি এসব কিছুই দিন দিন ছোটো হয়ে আসছে; লেখিকা পর্যবেক্ষণ করেন— "মানুষের মনটাও সেই সঙ্গে বোধহয় ছোটো হয়ে আসছে।"[২০] মধ্যবিত্ত সমাজের মানুষের মানসপট ক্ষুদ্র হতে হতে এতটাই ক্ষুদ্র হয়ে যাচ্ছে যে নিজেরাই নিজের আপনজনদের উন্নতিকে সহ্য করতে পারছে না; বাধা হয়ে দাঁড়াচ্ছে অগ্রগতির দ্বারে। আত্মকেন্দ্রিক মধ্যবিত্ত সমাজের এই গণ্ডির আবর্তে জড়িয়ে নারীকে কী ধরনের সমস্যার সন্মুখীন হতে হয়েছে সেদিকেও ছিল আশাপূর্ণার স্বচ্ছন্দ বিচরণ।

বন্ধনদশাগ্রস্থ অবস্থাকে ভেদ করে নারী খুঁজে চলে আপন পরিচিতি, গড়ে তুলতে চায় নিজের জগৎ। চতুষ্কোণে আবদ্ধ নারী উপলব্ধি করতে শুরু করে যে সে পরের অধীনস্থ দাসী নয় বা ঘর-সংসার চালানো ও সন্তান প্রতিপালনের দায়িত্ব ছাড়াও রয়েছে তার নিজস্ব ভুবন। আধুনিকতার যুগ প্রেক্ষাপটে দাঁড়িয়ে নিজের অস্তিত্বকে সে ভুলতে পারেনি। তার তাই আপন স্বাতন্ত্র্যবোধের অধিকার কায়েম করতে গিয়ে তাকে সন্মুখীন হতে হয়েছে নিজ পরিবার ও স্বামী-সন্তানদের কটুক্তির। প্রতিনিয়ত সহ্য করতে হয়েছে অপমান, লাঞ্ছনা, হীনমন্য উক্তি।

কিন্তু মুখে বুজে সেই অপমান সহ্য করা যেমন সম্ভব হয়নি, তেমনি অসম্ভব হয়েছে শান্তি রক্ষার্থে নিজেকে সংসারের গণ্ডিতে সঁপে দেওয়া। তাই 'সাহিত্যের সেরা গল্প'এর অন্তর্গত 'বরফজল' (শারদীয় অমৃত পত্রিকা, ১৩৮৬ বঙ্গাব্দ) গল্পের দীপিকা বেরিয়ে পড়েছিলেন সাহিত্যের জগতে আপন পরিচয় গড়ার তাগিদে। সমাজে লেখিকা হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার ফলে দীপিকাকে যখন সাহিত্য সভায় যেতে হত তখন তাঁর সাজসজ্জা ও আচরণ স্বামীর অসহ্য ঠেকত এবং সন্তানদের মুখ থেকে বেরিয়ে আসত তীব্র বিদ্রুপ বাক্য। দীপিকা বুঝতে পারতেন কিন্তু গ্রাহ্য করতেন না তাদের অপছন্দকে। তাই খানিকটা প্রতিবাদের সুরে অভিমানের ভঙ্গিতে তাঁর সন্তানদের বলেন, "মা ঘর-সংসার করবে, তোদের সুখ-সুবিধে দেখবে, ওদের এই কাগজের স্বর্গে আত্মগোপনকারী বাপকে তোয়াজ করে করে ডেকে ডেকে খাওয়াবে মা, এই ব্যাস। বড়জোর অবকাশকালে একটু খাতা-কলম নিয়ে বসবে।"[২১] নারী একদিন গৃহ জীবনে আবদ্ধ হয়েছিল, তাদের বোঝানো হয়েছিল গৃহই জীবন এবং গৃহই তার ভুবন। "মাতৃত্ব আর স্বামীসেবাই নারীর আসল দায়িত্ব যা তাকে মহীয়সী করে"[২২]— এইছিল চিরকালের রেওয়াজ। কিন্তু নারী আজ নিজের কর্মক্ষেত্রে আপন কৃতিত্বের অধিকারে সাফল্যের স্বীকৃতি চায়। "নারী সুন্দরী, যৌন উত্তেজনা সঞ্চারিণী, প্রেরণাদাত্রী। শিল্পসৃষ্টি তার কাজ নয়।"[২৩] — চিরকালীন এই প্রথানুগত্যের বন্ধনকে ভেঙে সংসার, স্বামী, শাশুড়ি ও সন্তানদের অবহেলা করে রুখে দাঁড়াতে বাধ্য হয়েছিলেন দীপিকা। মেট্রিক ফেলের ডঙ্কা বাজিয়ে প্রতিষ্ঠার প্রদীপ প্রজ্জ্বলনকারী দীপিকাকে উদারচিত্তে মেনে নিতে পারে না তাঁর পরিবার-পরিজনেরা। তবুও সমস্যা সঙ্কুল পরিস্থিতিকে তোয়াক্কা না-করে দীপিকা মজুমদার হয়ে ওঠেন প্রগতিশীল লেখক গোষ্ঠীর একজন। আশাপূর্ণা সেকালের রক্ষণশীল পরিবারের মেয়ে ও বধূ হয়েও বুঝতে পেরেছেন চিরন্তন নারীর হৃদয়বেদনা। তিনি বলেন, "প্রথম জীবনে মেয়েদের অবরোধ সমস্যাই আমাকে সবচেয়ে বেশি পীড়িত করত।"[২৪] কিন্তু যুগের অগ্রগতিতে নারীরা স্বাধীন হয়েও কোথায় তারা বাধাপ্রাপ্ত হচ্ছে আশাপূর্ণা 'বরফজল' গল্পের দীপিকার মাধ্যমে সেই ভাবনারই ব্যাখ্যা দান করেছেন।

নারী নিজের পরিচয় খুঁজতে খুঁজতে ঘরের স্বাধীনতাকে ছিনিয়ে নিয়ে বাইরের জগতেও নিজেদের প্রতিষ্ঠা করেছে। কিন্তু তাতে নারী জীবনের সমস্যা কমার চেয়ে আরও অনেক বেশি বেড়ে গেছে। দশভুজার মূর্তিতে দশদিক সামলাতে গিয়ে কোথাও তারা যেন অসহিষ্ণু হয়ে পড়েছে। মাকড়শার মতো জাল বিস্তার করতে করতে স্বরচিত জালে নিজেই ফেঁসে না যায়, সেই ভয়ে সর্বদা ভীত থাকে সব দিক বজায় রক্ষাকারী দুর্গামূর্তিরা। কখনও তারা ভুলে যায় তার ঘরে একটা জগৎ আছে, আছে স্বামী-সন্তান-শাশুড়ি। তাদেরও কিছু প্রাপ্তি থাকে স্ত্রী-মা-পুত্রবধূর থেকে। তাদের সুখের চেয়ে নারীর কাছে তখন বড়ো হয়ে ওঠে আপন শিল্পনৈপুণ্যের কৃতিত্বে পুলকিত চিত্ত। নাগরিক জীবনে ঘরে ও বাইরে দুদিক সামলে চলতে গিয়ে নারীকে কী ধরনের সমস্যার সম্মুখীন হতে হয় ও তা থেকে উত্তরণের চেষ্টা চালাতে হয় সেই কাহিনি বর্ণিত হয়েছে 'আশাপূর্ণা দেবীর ছোটোগল্প সঙ্কলন'এর অন্তর্গত 'সবদিক বজায় রেখে' (শারদীয় আনন্দবাজার পত্রিকা, ১৩৯৬ বঙ্গাব্দ) ছোটগল্পটিতে।

বাড়িতে সাড়ে চার বছরের মেয়ে বুতানকে কাজের মেয়ে মালতীর কাছে রেখে ডাক্তারখানায় চশমা দেখাতে যাওয়ার ছুতোয় স্বামীকে সময় দিতে তনিমাকে যেতে হয় নাটক দেখতে। কন্যার শিশুমনকে ভুলিয়ে তনিমা এসে দাঁড়ায় অন্য মঞ্চে কাজের মেয়ে মালতীকে সব কাজ বুঝিয়ে দিতে— ইনভার্টারটা খারাপ থাকায় কারেণ্ট চলে গেলে খুকুর ঘরে যেন একটা কেরোসিনের বাতি জ্বেলে দেয়, এখন বসে না-থেকে রুটিগুলো যেন করে নেয় এবং 'বেল' বাজালেই যেন হুট করে দরজা খুলে না-দেয় এই সবদিক বুঝিয়ে তনিমা রাগে গজগজ করতে করতে বেরিয়ে যায়। রাগ শুধু তার স্বামী-সন্তানের ওপর নয়, রাগ 'দেশের বাড়ি বাসিনী' শাশুড়ির ওপরেও। কারণ তনিমার ইচ্ছে এই পুরোনো প্যাটার্নের একতালা বাড়ি ছেড়ে সে দোতলা তুলবে। কিন্তু বয়স্কা শাশুড়ির স্বপ্নের বাড়ি বলে কিছু করতে পারে না সে। তাই তনিমার অসহিষ্ণু মন ভেবে চলে, "আসলে সেকালের বুড়োবুড়িদের স্বভাবই হচ্ছে একটা কোনো 'সেণ্টিমেণ্ট' খাড়া করে, পরবর্তীদের হাত-পা বেঁধে রাখা।"[২৫]— তনিমার শহুরে মনের কাছে শাশুড়ির স্মৃতি, স্বপ্ন এসবের কোনো মূল্য নেই। আর তাই স্বামী অলোককে সে বলে— "... সেই অবুঝ জেদি মহিলাটিকে কব্জা করে নিয়ে বাড়িটা বিক্রি করানোয় রাজি করে ফেলতে পারো।"[২৬] সপ্তাহের পাঁচদিন সবদিক সামলে চলা তনিমার শনি ও রবিবারেও নিজেকে সময় দেওয়ার অবকাশ নেই। কারণ, সেই দুদিন স্বামীর সঙ্গে শ্যামনগরে শ্বশুরবাড়ি ঘুরতে যেতে হয়। যন্ত্রের মতো সবদিক বজায় রাখতে রাখতে তনিমার মনটিও যেন যান্ত্রিক হয়ে উঠেছে। তাই শিশু কন্যার একাকিত্ব, শাশুড়ির আবেগ কোনো কিছুই যেন তার কাছে মূল্য পায় না।

নাটক দেখে ফেরার কালে স্বামীকে বাড়ির মোড়ে দু'মিনিট দাঁড় করিয়ে তনিমা আগে বাড়িতে প্রবেশ করে, দেখে মিথ্যের জালটা ঠিক আছে কিনা। স্বামীকে বলে, "তোমার ওই মেয়ের জন্যে গল্প বানাতে বানাতে গল্প লিখিয়ে হয়ে যাচ্ছি।"[২৭] চাকরি, সংসার, স্বামী-সন্তানের মন, কাজের মেয়ে সকল দিক সামলে চলতে চলতে ক্লান্ত তনিমা বলে ওঠে, "কীভাবে জে সবদিক বজায় রেখে ম্যানেজ করে চলতে হয়, আমিই জানি।"[২৮]— স্বাধীনতা পরবর্তীকালে নারী-পুরুষের সমতা বিধানের ফলে নারীর জীবনেও যে স্বাধীনতা প্রবেশ করেছিল, তা ধীরে ধীরে স্বেচ্ছাচারিতার মাধ্যমে তাদের করে তুলেছিল অসহিষ্ণু। সবদিক সামলে চলার ব্যস্ততা তাদের মনকে ক্রমশই কঠোর করে তুলেছিল। তনিমার দোতলার প্রতি আসক্তি শাশুড়ির প্রতি শ্রদ্ধাশীল মনোভাবকে যেমন বিনষ্ট করেছিল, তেমনি শিশুকন্যা বুতানের একাকিত্বের যন্ত্রণা ও দুর্বল মুহূর্তে দেখানোর মতো সহানুভূতির শেষ নির্যাসটুকুও তার কাছে অবশিষ্ট ছিল না। আমার স্বামী, আমার সন্তান, আমার সংসার করতে করতে কখন যে তনিমা নিজের 'আমি'টাকে বেশি প্রাধান্য দিয়ে ফেলে তা সে বুঝতেই পারে না। আধুনিক নাগরিক সমাজের নারীদের এই সমস্যার কথা তুলে ধরতে গিয়ে লেখিকা বলেন, "আজকের মেয়েরা সবই নিজে পরিচালনা করতে চায়। সেটাও আবার অনেক সময় সমস্যা ডেকে আনে।"[২৯]— আশাপূর্ণা সেকালে বাস করেও নারী হৃদয়ের যন্ত্রণাকে যেমন গুরুত্ব দিয়েছেন তেমনি স্বাধীনতা প্রাপ্তির ফলে স্বেচ্ছাচারিতার গায়ে কুঠারঘাত করতেও ছাড়েননি। পুরুষতন্ত্রের কবলে চাপা পড়া নারীর

আর্তনাদ থেকে শুরু করে আত্মজয়ী নারীর সংগ্রাম সর্বতেই আশাপূর্ণার ছিল অবাধ বিচরণ। তাই নারীমনের অসাধারণ রূপকার শিল্পী আশাপূর্ণা লেখনীর টানে তুলে এনেছেন নারী জীবনের সকল সমস্যার কথা। চেনাজানা জগতের অতি সাধারণ নারীরাই তাঁর ছোটোগল্পের ভীত। তাঁদের জীবন সমস্যাকে কেন্দ্রে রেখেই আশাপূর্ণার ছোটোগল্পে পথচলা, যা তাঁকে অমর করে তুলেছে।

উপসংহার : রক্ষণশীল পরিবারে জন্ম ও বিবাহ হওয়ার ফলে বাইরে বেরিয়ে জগৎ ও জীবনকে দেখা আশাপূর্ণার সম্ভব হয়নি। আর তাই তিনি নারীর জীবনের সমস্যাগুলিকে খুব সুন্দর ভাবে উপলব্ধি করতে পেরেছিলেন। জানলায় বসে যেটুকু তিনি দেখেছেন সেই অভিজ্ঞতাটুকুই তাঁর সাহিত্যের পাতায় রূপ নিয়েছে। পরিবারের চতুষ্কোণে যেটুকু তিনি দেখতে সক্ষম হয়েছেন সেখান থেকে তিনি তাঁর সাহিত্যের জগৎ সৃষ্টি করেছেন। পারিবারিক জীবন বিপর্যয়, ব্যক্তিসত্তার উন্মোচন, নারীমনের গভীর রহস্য উদ্‌ঘাটনে তিনি যে দৃষ্টিশক্তির পরিচয় দিয়েছেন তা তাঁর ছোটোগল্পগুলির মধ্যেই পরিস্ফুট হয়েছে বেশি করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালের লেখিকা হিসেবে পরিচিত হলেও তাঁর রচনার মধ্যে যুদ্ধের প্রভাব প্রায় নেই বললেই চলে। বিশ্বযুদ্ধের ঈর্ষা-কুটিল, হিংস্র-করাল রূপ তাঁর সাহিত্যকে প্রভাবিত করতে পারেনি। কিন্তু এর ফলশ্রুতিতে সমাজ ও ব্যক্তিমানসে যে পরিবর্তন এসেছিল তা তাঁর রচনায় স্পষ্ট প্রতীয়মান। বহির্জগতের ঈর্ষান্বিত হিংস্রতা, প্রতিদ্বন্দ্বিতা, সংঘাতের চেয়ে তাঁর লেখায় বড়ো হয়ে উঠেছে ব্যক্তিমনের কুটিলতা, সম্পর্কের টানাপোড়েন, মনস্তাত্ত্বিক ওঠাপড়া, পারিবারিক দ্বিধা-দ্বন্দ্ব। পার্থিব নারীমনের রহস্যোদঘাটনই তাঁর লেখার অন্যতম বৈশিষ্ট্য।

ছোটোগল্প হল বিন্দুতে সিন্ধু দর্শনের মতো, আশাপূর্ণা তাঁর ছোটোগল্পগুলোতে অনন্য লেখনীর টানে সংসার সিন্ধুকে তুলে এনেছেন। বহির্বিশ্বজগতের বাইরেও যে একটি ঘরোয়া জগৎ রয়েছে আশাপূর্ণা তারই স্রষ্টা। নারীমনের ছোটো ছোটো দুঃখকথাগুলো আশাপূর্ণার গল্পে বিশাল আকার ধারণ করেছে। নারীর আপন ভাগ্য জয়ের বাধার পেছনে শুধু যে পুরুষতন্ত্রের ভূমিকাই প্রবল তা নয়; নারী নিজেই তার স্বজাতির ভাগ্যজয়ে বাধা হয়েছে সেই চিত্রও আশাপূর্ণা তাঁর গল্পে তুলে এনেছেন। উপসংহারের তাই বলা যায়, অন্তঃপুরের পরিবেশ থেকে বহিঃপ্রকৃতিতে জায়গা করে নিতে শেখে বিদ্যাসাগরের হাতে গড়া নারীকুল এবং আপন পরিচয়ের ঠিকানা গড়তে তারা বেরিয়ে পড়ে চার দেওয়ালের বাইরে— আশাপূর্ণার ছোটোগল্প আমাদের সেই জগৎ সম্পর্কে অবগত করায়। ঘর ও বাইরের জীবনের সমস্যাগুলি ছাড়াও নারীমনের গূহ্য-গাঢ় তত্ত্বকথাগুলি তাঁর ছোটোগল্পকে চিরকালীন সত্যে উপনীত করতে সহায়ক হয়েছে।

তথ্যসূত্র :

১) দেবী, আশাপূর্ণা, 'ছোটোগল্প সঙ্কলন' (লেখিকা কর্তৃক নির্বাচিত), নবীনতা দেবসেন লিখিত ভূমিকা অংশ, নয়া দিল্লি, ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া, দ্বাদশ পুনর্মুদ্রণ : 2014 (শক 1935), পৃ. xv

২) বসু, অঞ্জলি (সম্পাদিত), সংসদ বাঙালি চরিতাভিধান (২য় খণ্ড), কলকাতা : শিশু সাহিত্য সংসদ প্রা.লি., তৃতীয় সংস্করণ, মে' ২০১৪, পৃ. ৫৩

৩) দেবী, আশাপূর্ণা, আর এক আশাপূর্ণা, কলকাতা, মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রা: লি:, চতুর্থ মুদ্রণ : বৈশাখ ১৪২৪; পৃ. ৭
৪) তদেব, পৃ. ৭
৫) তদেব, পৃ. ৯
৬) দেবী, আশাপূর্ণা, গল্প-পঞ্চাশৎ (নির্বাচিত গল্প : 'কসাই'), কলকাতা, মিত্র ও ঘোষ, ১৩৬৫, পৃ. ৬৯
৭) তদেব, পৃ. ৬৯
৮) তদেব, পৃ. ৬৯
৯) তদেব, পৃ. ৭০
১০) তদেব, পৃ. ৭০
১১) তদেব, পৃ. ৭১
১২) তদেব, পৃ. ৭২
১৩) তদেব, পৃ. ৭২
১৪) তদেব, পৃ. ৭২
১৫) তদেব, পৃ. ৭৩
১৬) দেবী, আশাপূর্ণা, প্রাগুক্ত, পৃ. ১৪
১৭) দেবী, আশাপূর্ণা, আশাপূর্ণাদেবীর ছোটগল্প সঙ্কলন (লেখিকা কর্তৃক নির্বাচিত) [নির্বাচিত গল্প ঃ 'একটি মৃত্যু ও আর একটি'], পৃ. ২০
১৮) তদেব, পৃ. ২৩
১৯) তদেব, পৃ. ২১
২০) দেবী, আশাপূর্ণা, আর এক আশাপূর্ণা, প্রাগুক্ত; পৃ. ১৯
২১) দেবী, আশাপূর্ণা, সাহিত্যের সেরা গল্প (নির্বাচিত গল্প : 'বরফজল'), কলকাতা : দীপ প্রকাশন, জানুয়ারি ২০১৩; পৃ. ৩
২২) সেনগুপ্ত, মল্লিকা, স্ত্রীলিঙ্গ নির্মাণ, কলকাতা : আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা; প্রথম সংস্করণ : সেপ্টেম্বর ১৯৯৪, সপ্তম মুদ্রণ : এপ্রিল ২০১৭; পৃ. ১৪
২৩) তদেব, পৃ. ১৩
২৪) দেবী, আশাপূর্ণা, আর এক আশাপূর্ণা, প্রাগুক্ত, পৃ. ১৮
২৫) দেবী, আশাপূর্ণা, আশাপূর্ণা দেবীর ছোটগল্প সঙ্কলন (লেখিকা কর্তৃক নির্বাচিত) [নির্বাচিত গল্প : 'সবদিক বজায় রেখে'], প্রাগুক্ত, পৃ. ৩
২৬) তদেব, পৃ. ৯
২৭) তদেব, পৃ. ১১-১২
২৮) তদেব, পৃ. ১২
২৯) দেবী, আশাপূর্ণা, আর এক আশাপূর্ণা, প্রাগুক্ত, পৃ. ১৯

Guidelines for Authors

Creatcrit (ISSN 2347-8829) is a multilingual (Assamese, Bengali, English), peer-reviewed research journal on Arts & Humanities published in January and July every year and accommodates original and unpublished articles/papers having research values.

The main text of the article/paper shall not be more than 4000 words, and must include an abstract within 200 words in addition to 5–7 keywords.

Articles/ Papers must carry objective, hypothesis, significance of study and methodology followed in the article/paper.

Works cited in the text, notes and references conforming to the style (APA/ MLA) as current in respective disciplines must be at the end of the text.

Authors must provide the name of the topic of the Article/ Paper on the top, and their name, address, email address and contact number at the top right hand corner.

Articles/Papers in Assamese/Bengali language should be in Ramdhenu/ Geetanjali font while English of Times Roman.

Name of topic, abstract and keywords of Assamese/Bengali articles/papers shall carry English translation.

Authors are to give a declaration that the text is original and unpublished one, not sent anywhere in any form for publication.

Each of the papers received will go through a process of blind review before the experts of the respective area, and only on their recommendation, the same will be considered for publication.

Any suggestion for revision of article/paper by the reviewers will be intimated to the respective author in due course.

Authors will be given time for revision, retraction, correction of mistakes etc., and if need be another three weeks' time for correction of mistake.

Authors will be given sufficient scope to apologize for any mistake in the paper published

Authors must take utmost care to avoid plagiarism and must maintain high ethical and professional standard and research publication ethics.

Article/paper should be sent via e-mail:creatcrit@gmail.com, and mailing address for the hard copy is Dr. A.K.Singha, Dept. of Bengali, A.D.P. College, Haiborgaon, Nagaon, Assam, India. PIN: 782002.

There is no publication charge. Hard copies are available on request.

Processing fee of Rs. 500/- may be sent to the Editor, Creatcrit. Current A/C no.35723804489 SBI, Haibargaon, IFSC-SBIN005462.

Disclaimer: Views expressed in articles/papers published in this journal are those of respective authors, not of Creatcrit. Neither the Editorial Board nor the Publisher of Creatcrit is responsible for the opinions expressed by the authors in their